



ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের
বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত
“তথ্য ও প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ (২য় সংশোধিত)” প্রকল্প-এর
প্রভাব মূল্যায়ন সমীক্ষার প্রতিবেদন



পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭

জুন ২০২০

সমীক্ষার দায়িত্বপ্রাপ্ত পরামর্শক প্রতিষ্ঠান



এএসডি কনসালটেন্সি সার্ভিসেস

বাড়ি নং- ২৪, সড়ক- ০৮, ব্লক- সি

সেকশন- ১২, মিরপুর, ঢাকা- ১২১৬

asdcservice12@gmail.com

পরামর্শক প্রতিষ্ঠানের সমীক্ষাদল	আইএমইডি'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ
ডঃ জি.সি. হালদার টীম লিডার	মোঃ আব্দুল মজিদ, এনডিসি মহাপরিচালক পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
মোহাম্মদ নুরুল আমিন মূল্যায়ন বিশেষজ্ঞ-১	ওমর মোঃ ইমরুল মহসিন পরিচালক পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
মুন্ময় রায় মূল্যায়ন বিশেষজ্ঞ-২	মোঃ হেলাল খান মূল্যায়ন কর্মকর্তা পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
মোঃ সামছুল আলম ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	

সূচিপত্র

অনুচ্ছেদ	পৃষ্ঠা নম্বর
নির্বাহী সার-সংক্ষেপ	iv-v
শব্দ সংক্ষেপ	vi
প্রথম অধ্যায়: প্রভাব মূল্যায়ন কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ	
১.১ প্রকল্পের পটভূমি	১
১.২ প্রকল্পের বিস্তারিত বিবরণ	১
১.৩ প্রকল্পের উদ্দেশ্য	১
১.৪ প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন সময়	২
১.৫ প্রকল্প অনুমোদন ও সংশোধন এবং সময় বৃদ্ধির কারণ	২
১.৬ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	২
১.৭ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা	৪
১.৮ অর্থ বৎসর ভিত্তিক ব্যয় পরিকল্পনা	৪
১.৯ ডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনা	৫
১.১০ ডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনা	৬
১.১১ ডিপিপি অনুযায়ী প্রকল্পের লগফ্রেম	৭
১.১২ টেকসইকরণ পরিকল্পনা/ Exit Plan	৭
দ্বিতীয় অধ্যায়: প্রভাব মূল্যায়ন কার্যক্রমের কর্মপদ্ধতি (Methodology)	
২.১ প্রভাব মূল্যায়ন কাজের কার্যপরিধি	৮
২.২ এলাকা নির্বাচন	৯
২.৩ নমুনা সংগ্রহের পদ্ধতি ও আকার নির্ধারণ	১০
২.৪ সমীক্ষার কর্ম-পদ্ধতি (Methodology)	১১
২.৫ নমুনার বিস্তার (Sample Distribution)	১১
২.৬ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	১৩
২.৬.১ সেকেন্ডারি উৎসের তথ্য সংগ্রহ	১৩
২.৬.২ গুরুত্বপূর্ণ তথ্য-প্রদানকারীর সাক্ষাৎকার (KII)	১৩
২.৬.৩ দলীয় আলোচনা (FGD)	১৪
২.৬.৪ ডাক সেবা ও অবকাঠামোর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ	১৪
২.৬.৫ ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা	১৪
২.৬.৬ প্রভাব মূল্যায়নের জন্য সর্বমোট সংগৃহীতব্য নমুনার বিন্যাস	১৫
২.৬.৭ স্থানীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান	১৫
২.৬.৮ প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা (Project Management Issue) পর্যালোচনা	১৫
২.৬.৯ প্রকল্পের সবল ও দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ	১৫
২.৬.১০ তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা ও তথ্য বিশ্লেষণ	১৬
২.৬.১১ তথ্য সম্পাদনা ও কোডিং	১৬
২.৬.১২ সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা (Work Plan)	১৭
তৃতীয় অধ্যায়: ফলাফল পর্যালোচনা	
৩.১.১ প্রকল্পের অর্থ বৎসর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়	১৮
৩.২ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি	১৮
৩.৩ প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি (আর্থিক ও বাস্তব)	১৯
৩.৪ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা	২০
৩.৪.১ বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	২০
৩.৪.২ প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহ পর্যালোচনা	২০
৩.৪.৩ নতুন ডাকঘর নির্মাণ কাজের পর্যালোচনা	২১
৩.৪.৪ নবনির্মিত ডাকঘরসমূহ সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য ও ফলাফল	২২
৩.৪.৫ পুরাতন ডাকঘর মেরামত ও নবায়ন কাজের ক্রয় কার্যক্রম পর্যালোচনা	২৪

৩.৪.৬	যানবাহন ক্রয় কার্যক্রম পর্যালোচনা	২৫
৩.৪.৭	আসবাবপত্র ক্রয় কার্যক্রম পর্যালোচনা	২৬
৩.৪.৮	নিরীক্ষা আপত্তি পর্যালোচনা	২৭
৩.৫	প্রকল্পের উদ্দেশ্য অর্জন : লগফ্রেমের আলোকে আউটপুট, আউটকাম এবং প্রভাব পর্যালোচনা	২৭
৩.৬	প্রকল্প ব্যবস্থাপনা	২৮
৩.৬.১	প্রকল্প পরিচালক ও জনবল নিয়োগ	২৮
৩.৬.২	প্রকল্পটি ব্যবস্থাপনা কমিটি গঠন ও কমিটির সভা অনুষ্ঠান	২৯
৩.৭	প্রভাব মূল্যায়ন	৩১
৩.৭.১	প্রকল্পের লক্ষ্য অর্জনের অবস্থা পর্যালোচনা	৩১
৩.৭.২	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা	৩১
৩.৮	প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদির স্থায়িত্ব পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৩২
৩.৮.১	নতুন ডাকঘরের স্থায়িত্ব	৩২
৩.৮.২	ডাকঘরের আসবাবপত্র ও যন্ত্রপাতি	৩৩
৩.৮.৩	গাড়ী ও মটরসাইকেল	৩৩
৩.৮.৪	তথ্য প্রযুক্তি কেন্দ্রের স্থায়িত্ব (Sustainability)	৩৩
৩.৯	মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যবিশ্লেষণ ও ফলাফল	৩৪
৩.৯.১	সুফলভোগীদের খানাভিত্তিক সমীক্ষায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল	৩৪
৩.৯.২	কন্ট্রোল গ্রুপের খানাভিত্তিক সমীক্ষায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল	৪১
৩.৯.৩	কেআইআই হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল	৪২
৩.৯.৪	এফজিডি হতে প্রাপ্ত তথ্য ও ফলাফল	৪৮
	চতুর্থ অধ্যায়: SWOT বিশ্লেষণ	৫৩

পঞ্চম অধ্যায়: সার্বিক পর্যবেক্ষণ ও ফলাফল

৫.১	ডিপিপি ও আরডিপিপি অনুমোদন ও সংশোধন পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৫৪
৫.২	প্রকল্প পরিচালক নিয়োগ পর্যবেক্ষণ	৫৪
৫.৩	আসবাবপত্র, যন্ত্রপাতি ও মটরসাইকেল ক্রয় পর্যবেক্ষণ	৫৪
৫.৪	প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি স্থায়িত্ব এবং Exit strategy পর্যবেক্ষণ	৫৫
৫.৫	তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থেকে সেবা গ্রহণ এবং সেবা গ্রহণে সন্তুষ্টি সম্পর্কিত মতামত	৫৫
৫.৬	সুবিধাভোগীদের সেবার পূর্বের এবং বর্তমান অবস্থার একটি তুলনামূলক বিশ্লেষণ	৫৬
৫.৭	তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর হতে সেবা গ্রহণের সুযোগ সুবিধা	৫৬
৫.৮	তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে পূর্বের তুলনায় বর্তমানে কর্মসংস্থান এবং কর্মসংস্থানের খাত	৫৬
৫.৯	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের মাত্রা পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৫৬
৫.১০	নতুন ডাকঘর নির্মাণ কাজের লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার প্রধান কারণসমূহ	৫৭
৫.১১	নারীদের জীবনমান উন্নয়নে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের ভূমিকা পর্যবেক্ষণ	৫৭
৫.১২	পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি সংক্রান্ত মতামত	৫৭
৫.১৩	নতুন ডাকঘরসমূহ জনগণের জন্য সেবা ভবন হিসেবে কাজ করছে কি	৫৭
৫.১৪	ডাকঘরসমূহের বর্তমান অসুবিধা	৫৭
৫.১৫	তথ্য প্রযুক্তি সেবা জোরদার করার জন্য প্রাপ্ত সুপারিশসমূহ	৫৭
৫.১৬	ডাকঘর আরও উন্নত করার জন্য প্রাপ্ত সুপারিশ	৫৮
৫.১৭	আইএমইডি'র পর্যবেক্ষণ	৫৮

ষষ্ঠ অধ্যায়: সমীক্ষায় প্রাপ্ত তথ্যের পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশসমূহ ও উপসংহার

৬.১	সুপারিশসমূহ	৬১
৬.২	উপসংহার	৬২

সারিগির এবং চিত্র তালিকা	২
সারিগি-১.১: প্রকল্প বাস্তবায়ন সময় ও প্রস্তাবিত ব্যয় বৃদ্ধি	২
সারিগি-১.২: প্রকল্পের অর্থায়ন (অর্থের সোর্স ও পরিমাণ)	৪
সারিগি- ১.৩: ডিপিপি অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা	৫
সারিগি-১.৪: অর্থ বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা	৬
সারিগি-১.৫: ডিপিপি অনুযায়ী মালামাল (goods) ক্রয় পরিকল্পনা	৬
সারিগি-১.৬: নির্মাণ, ভূমি অধিগ্রহণ এবং মেরামত কাজের ক্রয় পরিকল্পনা	৭
সারিগি-১.৭: ডিপিপি অনুযায়ী প্রকল্পের লগফ্রেম	৯
সারিগি-২.১: সমীক্ষার জন্য নির্বাচিত জেলা, উপজেলা ও ডাকঘরসমূহ	১০
সারিগি-২.২: তথ্য সংগ্রহের পদ্ধতি ও উৎস	১২
সারিগি-২.৩: নমুনায়িত জেলা, উপজেলা ও বিভিন্ন শ্রেণির উত্তরদাতার সংখ্যা	১৪
সারিগি-২.৪: কেআইআই দাতাগণের তালিকা	১৫
সারিগি-২.৫: প্রকল্প বাস্তবায়নের প্রভাব নির্ণয়ের জন্য সংগৃহীতব্য নমুনার বিন্যাস	১৬
সারিগি-২.৬: উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের কার্যক্রমসমূহ	১৮
সারিগি-৩.১: অর্থবৎসর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়	১৮
সারিগি ৩.২ এ প্রকল্পের প্রধান প্রধান কাজের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি	১৯
সারিগি ৩.৩ প্রকল্পের অঙ্গ ভিত্তিক (আর্থিক ও বাস্তব) লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি	২০
সারিগি-৩.৪: প্রকল্পের অধীনে নতুন ডাকঘর নির্মাণ ও মেরামত লক্ষ্যমাত্রা এবং বিভিন্ন মালামাল ক্রয়ের সার্বিক (বাস্তব এবং আর্থিক) অগ্রগতি	২১
সারিগি-৩.৫: প্রকল্পের নতুন ডাকঘরভবন নির্মাণের ক্রয় কার্যক্রম	২৩
সারিগি-৩.৬: অবকাঠামোগত অবস্থা পর্যবেক্ষণে প্রাপ্ত তথ্য	২৪
সারিগি-৩.৭: পুরাতন ডাকঘর মেরামত কার্যক্রমের তথ্য	২৭
সারিগি-৩.৮: বৎসরওয়ারী নিরীক্ষা আপত্তির ধরণ ও নিষ্পত্তির অবস্থা	২৭
সারিগি-৩.৯: ডিপিপির লগফ্রেমে প্রকল্পের উদ্দেশ্য এবং ফলাফল পর্যালোচনা	২৮
সারিগি-৩.১০: প্রকল্প পরিচালক নিয়োগ সম্পর্কিত তথ্য	২৮
সারিগি-৩.১১: প্রকল্পের জনবল নিয়োগ বিষয়ক তথ্য	৩০
সারিগি-৩.১২: প্রকল্পের উদ্দেশ্যসমূহের প্রকৃত অর্জন	৩২
সারিগি-৩.১৩: উত্তরদাতাদের লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং পেশা	৩৪
সারিগি-৩.১৪: ই সেবায়ুক্ত ডাকঘরে যে সকল সেবা প্রদান করা হয়	৩৫
সারিগি-৩.১৫: ই-সেবায়ুক্ত ডাকঘর হতে সেবা গ্রহণের সুযোগ সুবিধা	৩৬
সারিগি-৩.১৬: ডাক সেবার মান উন্নত হওয়ার ক্ষেত্রসমূহ	৩৭
সারিগি-৩.১৭: ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ইতিবাচক দিক এবং কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি	৩৭
সারিগি-৩.১৮: নারীদের জীবন মান উন্নয়নের ক্ষেত্রসমূহ	৩৮
সারিগি- ৩.১৯: ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে নারীদের কর্মসংস্থানের খাতসমূহ	৩৮
সারিগি-৩.২০: ডাকঘর স্থাপনের ফলে সৃষ্ট সুযোগ সুবিধা	৩৮
সারিগি-৩.২১ ই-ডাকসেবার উন্নতির ক্ষেত্রসমূহ	৩৯
সারিগি-৩.২২: ই-সেবা সম্পন্ন ডাকঘরের সমস্যাসমূহ	৪০
সারিগি-৩.২৩: কন্ট্রোল এলাকায় ই-সেবায়ুক্ত ডাকঘর না থাকায় সমস্যা	৪০
সারিগি-৩.২৪: ই-সেবায়ুক্ত থাকলে যে সকল সুবিধা পেতেন	৪১
সারিগি-৩.২৫: ই-সেবা কেন্দ্রের যন্ত্রপাতির সম্পর্কিত মতামত	৪৩
সারিগি-৩.২৬: ই-সেবায়ুক্ত ডাকঘর সমূহের সেবার প্রদানের ক্ষেত্রসমূহ	৪২
সারিগি-৩.২৭: আর্থ-সামাজিক উন্নয়নে ডাকঘরের ভূমিকা	৪৩
সারিগি-৩.২৮: ডাকঘরের মাধ্যমে কর্ম সংস্থান এবং ক্ষুদ্র বিনিয়োগ বৃদ্ধির উপায়	৪৪
সারিগি-৩.২৯: ডাকঘর স্থাপনের ফলে পল্লীনারীর জীবনমান উন্নয়ন	৪৮
সারিগি-৩.৩০: জেলা, উপজেলা ও ডাকঘর ভিত্তিক এফজিডি'র স্থান	
সারিগি-৩.৩১: দলীয় আলোচনার অংশগ্রহণকারীদের গড় বয়স, পেশা এবং শিক্ষাগত যোগ্যতা	
চিত্র-৩.১: সুফলভোগী এবং নিয়ন্ত্রিত এলাকার উত্তরদাতাদের পারিবারিক মাসিক আয়	
চিত্র-৩.২: সুফলভোগী ও কন্ট্রোল গুপের পারিবারিক মাসিক ব্যয়	
চিত্র ৩.৩: বিগত ৫ বৎসরে ডাকঘরের গড় বাৎসরিক আয় (টাকায়)	
সংযুক্তি ১: জরিপ কাজে ব্যবহৃত সকল প্রশ্নালা ও চেকলিষ্ট	

বাংলাদেশ ডাকবিভাগ পল্লী এলাকার জনগণের দোর-গোড়ায় ডিজিটাল ডাক সেবা পৌঁছে দেবার লক্ষ্যে তথ্য প্রযুক্তি নির্ভর পল্লী ডাকঘর নির্মাণ প্রকল্পটি জুলাই ২০১১ হতে জুন ২০১৩ পর্যন্ত ২ বৎসর মেয়াদে বাস্তবায়নের জন্যে গ্রহণ করে। প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল ডিজিটাল বাংলাদেশে গড়ার স্বপ্ন পূরণের লক্ষ্যে ডাকঘরের অবকাঠামো নির্মাণ, যা পল্লী জনগণের তথ্য প্রযুক্তি কেন্দ্র হিসেবে কাজ করবে। পল্লী এলাকার ডাক সেবার মান উন্নয়ন এবং আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা; পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরসমূহ সেবা ভবনের কেন্দ্র হিসেবে প্রদর্শিত করা। এ ছাড়া পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি, প্রকল্প এলাকায় ছোট-বড় কর্মসংস্থান সৃষ্টি এবং বিনিয়োগ বান্ধব অর্থনৈতিক কার্যক্রমকে শক্তিশালী করা, প্রাকৃতিক দুর্যোগের সময় পল্লী ডাকঘরসমূহ আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার এবং পল্লী নারীর জীবনমান উন্নত করা।

উক্ত উদ্দেশ্য অর্জনের জন্যে অনুদানে জমি প্রাপ্তি এবং জমি অধিগ্রহণের মাধ্যমে ১০০০টি নতুন ডাকঘর নির্মাণ, ১৫০০টি পুরাতন ডাকঘর মেরামত, ১৪০০টি আসবাবপত্র ও যন্ত্রপাতি এবং ১৮টি যানবাহন ক্রয়ের পরিকল্পনা মূল ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছিল। কিন্তু অনুদানে জমি প্রাপ্তিতে জটিলতা দেখা দেয়ায় এবং নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি পাওয়ায় PWD নির্মাণ কাজের Schedule of Rate পরিবর্তন করায় ফলে প্রকল্প প্রস্তাবনাটি পুনঃগঠন করে প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উক্ত মেয়াদে প্রকল্পের কাজ বাস্তবায়ন নির্ধারিত মাত্রায় অগ্রগতি না হওয়ায় এবং PWD নির্মাণ কাজের Schedule of Rate ২০১৪ প্রবর্তন করার ফলে পুনরায় সংশোধন করে প্রকল্পটির মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটি পরিচালনা, ব্যবস্থাপনার জন্য ৪ জন প্রকল্প পরিচালক খন্ডকালীন দায়িত্বে (১০ মাস হতে সর্বোচ্চ ২ বৎসর ৪ মাস) এবং সংস্থান অনুযায়ী অন্যান্য জনবল নিয়োগ করা হয়েছে। প্রকল্প ব্যবস্থাপনার জন্য স্টিয়ারিং এবং মনিটরিং কমিটি গঠন এবং কমিটির সভা নিয়মিত ভাবে অনুষ্ঠিত হয়েছে।

দ্বিতীয় সংশোধিত ডিপিপিতে ৭৫০টি নতুন ডাকঘর নির্মাণ, ৬৫০ টি পুরাতন ডাকঘর মেরামত, ৭৫০ সেট আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়, ৫০০ ইউনিট ভূমি অধিগ্রহণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। প্রকল্পটির মেয়াদ No cost extension basis এ বৃদ্ধি করার অনুমোদন দেয়া হলেও প্রকল্পের ১ম এবং ২য় সংশোধিত ডিপিপিতে মূল ডিপিপি ১১,২২৭.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের স্থলে যথাক্রমে ১২,২৯৫.৬০ এবং ১৩,৪৭৩.১৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় উল্লেখ করা হয়েছে।

প্রকল্পের অধীনে ৭৫০ টি নতুন ডাকঘর নির্মাণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৬০০ টি, ৬৫০ টি ডাকঘর মেরামতের স্থলে ১২৬৯ টি, ৭৫০ সেট (৬০০০ টি) আসবাবপত্র ও যন্ত্রপাতির স্থলে ১২,৩১৪ টি এবং ৩ টি যানবাহনের স্থলে ১৭ টি যানবাহন ক্রয় করা হয়েছে। নব নির্মিত ১২টি ডাকঘর সরেজমিনে পরিদর্শন করে ২টি ভবনের ফ্লোরে ফাটল, ৩টির ভবনের দেয়ালে ফাটল, ২টির বীমে ফাটল, একটি ভবনের কলামে ফাটল এবং দুটি ভবনের দরজা জানালা খারাপ দেখা গিয়েছে। একটি পিকআপ ও একটি মাইক্রোবাস OTM পদ্ধতি অনুসরণ করে সর্বনিম্ন দরদাতা র্যাংগস লিঃ, ঢাকা এবং ১৫টি মটর সাইকেল এটলাস বাংলাদেশ লিঃ হতে এক্স ফ্যাক্টরি দরে ক্রয় করা হয়েছে। আসবাবপত্র বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি হতে সরাসরি ক্রয় প্রক্রিয়া অনুসরণে ক্রয় করা হয়েছে। সরকারি নিয়ম অনুযায়ী আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম লিখা, লেটার বক্স এবং অনেক ডাকঘরে নোটিশ বোর্ড টাংগানো হয়নি।

প্রকল্পের অধীনে (২য় সংশোধিত) ৮,৯০৬.৮৬ লক্ষ টাকা ছাড় করা হয়েছে এবং মোট ব্যয় হয়েছে ৮,৪৪৩.২৩ লক্ষ টাকা। অর্থ ছাড় অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ব্যয়ের অগ্রগতি ৯৪.৭৯%। অপরদিকে প্রকল্পের মোট অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (১৩,৪৭৩.১৪ লক্ষ টাকা) অনুযায়ী ব্যয়ের অগ্রগতি ৬২.৬৬%। নতুন ডাকঘর নির্মাণের বাস্তব অগ্রগতি ৮০%, পুরাতন মেরামতের বাস্তব অগ্রগতি ১৩৩.৩% এবং আসবাবপত্র ক্রয়ের বাস্তব অগ্রগতি ১৯৫%। প্রকল্পের ক্রয় ও সংগ্রহ প্রক্রিয়ার উপর ১১টি নিরীক্ষা আপত্তি অনিষ্পন্ন আছে।

পল্লী এলাকার জনগণের তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের প্রতি ব্যাপক আশা-আকাঙ্ক্ষা রয়েছে। নতুন ডাকঘরসমূহ নির্মাণের পরপরই অনেক স্থানে চালু করা সম্ভব হয়নি। কারণ ডাকঘরের আসবাবপত্র প্রকল্প সমাপ্তির শেষ প্রান্তিকে অর্থাৎ জুন ২০১৭ সালে ক্রয় এবং বিভিন্ন ডাকঘরে সরবরাহ করা হয়েছে। এমতাবস্থায়, প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্য পূর্ণমাত্রায় অর্জন করা সম্ভব হয়নি। ডাকঘরসমূহে পূর্ণমাত্রায় তথ্য প্রযুক্তি সেবা চালু করা সম্ভব হলে উদ্দেশ্যসমূহ অর্জিত হবে। দুকক্ষ বিশিষ্ট ডাকঘরের একটি কক্ষ তথ্য প্রযুক্তি সেবা প্রদানের জন্যে বিভিন্ন ভেড়ারের নিকট ১০% কমিশন প্রদানের শর্তে ভাড়া দেওয়া হয়েছে। সেবা কেন্দ্রের অনেক যন্ত্রপাতি অচল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। অনেক ডাকঘর একবারে প্রত্যন্ত অঞ্চলে যেখানে গ্রাহক সেবার জন্য আসেনা। এমনকি উপজেলা সদরে স্থাপিত অনেক তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র যন্ত্রপাতির অভাবে পূর্ণমাত্রায় চলছে না।

খানা জরিপ (HS) এবং দলীয় আলোচনায় (FGD) অংশগ্রহণকারী সুফলভোগিগণ জানিয়েছেন যে, নতুন ডাকঘর স্থাপনের ফলে তাদের দেশে বিদেশে যোগাযোগ সহজ ও সাশ্রয়ী হয়েছে। ডাকঘরসমূহে তথ্য প্রযুক্তি সেবা শক্তিশালী এবং নতুন সেবা যেমন, বিভিন্ন প্রকার সঞ্চয়পত্র, সরকারি ভাতা প্রদান, ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার, ই-কমার্স, নগদসেবা, সঞ্চয়ের বিপরীতে ক্ষুদ্র ঋণ প্রদান ইত্যাদি চালুকরা হলে পল্লী এলাকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং কর্মসংস্থানে ব্যাপকভাবে অবদান রাখবে। অনেকে ব্যংকিং সেবা, পরীক্ষামূলকভাবে এটিএমবুথ ইত্যাদি চালু করার সুপারিশও করেছেন। তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর এলাকার ৯৭.৮% উত্তরদাতা জানিয়েছেন যে তারা সেবা গ্রহণ করেন এবং ৯৩.০% উত্তরদাতা সেবা গ্রহণে সন্তুষ্ট বলে অভিমত প্রকাশ করেছেন। তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে সরকারি চাকুরি, বিদেশে চাকুরি, কৃষিকাজ, কৃষিপণ্য বাজারজাতকরণ, ক্ষুদ্রব্যবসা, পরিবহন ক্ষেত্র, মৎস্যচাষ, অবকাঠামো নির্মাণ, গরু-ছাগল, হাস-মুরগি পালন ইত্যাদি খাতে কর্মসংস্থান হয়েছে। নতুন ডাকঘরসমূহ জনগণের সেবা ভবন হিসেবে কাজ করছে। তথ্য প্রযুক্তি সেবা চালু করার ফলে পল্লী ডাকঘরসমূহের আয় বৃদ্ধি পেয়েছে।

ডাকঘরসমূহে অনেক অসুবিধা রয়েছে, যেমন নৈশ প্রহরী নেই, কম্পিউটারসহ মূল্যবান যন্ত্রপাতি চুরি হতে পারে, অনেক স্থানে ইলেকট্রনিক যন্ত্রপাতি কাজ করছে না, মেরামতের খরচ বেশি হওয়ায় ভেড়ারগণ মেরামত করতে পারছেন না। অনেক স্থানে ফটোকপিয়ার এবং ল্যাপটপ নষ্ট, কম্পিউটার অপারেটর দক্ষ নন ইত্যাদি।

প্রকল্প দলিলে (ডিপিপি/আরডিপিপি) প্রকল্পের কাজ টেকসই করার কোন পরিকল্পনা সংযোজন করা হয়নি। এমনকি প্রকল্প প্রণয়নের ফরম্যাটেও প্রকল্পের কাজ টেকসই করার পরিকল্পনার বিষয়ে কোন কিছু উল্লেখ নেই। প্রকল্পটির অধীনে বাস্তবায়িত বিভিন্ন কাজ নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং সুফলভোগীদের তথ্য জরিপ, ফোকাস গ্রুপ আলোচনা, কেআইআই, নির্মিত ডাকঘরসমূহের ভৌত কাজ সরেজমিনে পরিদর্শন ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত তথ্য ও উপাত্তের আলোকে ১২টি সুপারিশ প্রদান করা হয়েছে। যেমন ডাকঘরে তথ্য প্রযুক্তি সেবা পূর্ণাঙ্গভাবে চালু করার উদ্যোগ গ্রহণ, একেজো বা অচল যন্ত্রপাতি মেরামত/নতুন স্থাপন, দক্ষ ভেড়ার নিয়োজিত করা, বিশেষ কমিটি গঠনের মাধ্যমে জরিপ পরিচালনা করে সচল এবং অচল কেন্দ্রসমূহ সনাক্তকরণ এবং সেবা কেন্দ্রের চাহিদা নিরূপণ করে তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র জোরদারকরণের বিশেষ কর্মসূচি/উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন। ডাকঘরসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিকল্প সরবরাহ ব্যবস্থা যেমন, সোলার প্যানেল/জেনারেটর স্থাপন, বিভিন্ন সঞ্চয় স্কীম, ইলেকট্রনিক মানি ট্রান্সফার, ই-কমার্স, নগদ সেবা ইত্যাদি পল্লী ডাকঘরে চালু করার ব্যবস্থা গ্রহণ, পল্লী এলাকার মহিলাদের কর্মসংস্থান এবং উদ্যোক্তা সৃষ্টি করার জন্য ডাকঘরে বিভিন্ন সঞ্চয়ের বিপরীতে স্বল্প সুদে ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচি পরীক্ষামূলকভাবে চালু করার উদ্যোগ গ্রহণ, ডাক বিভাগের জনপ্রিয় এবং গ্রাহকদের জন্য লাভজনক সেবাসমূহের বিষয়ে পুস্তক/পুস্তিকা প্রকাশ এবং ব্যাপক প্রচার-প্রচারণার উদ্যোগ গ্রহণ উল্লেখযোগ্য।

List of Abbreviations/Acronym

CPTU	Central Procurement Technical Unit
DCI	Data Collecting Instrument
DPP	Development Project Proposal
ECNEC	Executive Committee of the National Economic Council
EDPO	Extra Departmental Post Office
HOPE	Head of Procurement Entity
ICT	Information and Communication Technology
KII	Key Informant Interview
OT	Over Time
PCR	Project Completion Report
PPR	Public Procurement Regulations/Rules
PWD	Public Works Department
SPSS	Statistical Package for Social Science
SWOT	Strength, Weakness, Opportunity and Threat
TOR	Terms of Reference

প্রভাব মূল্যায়ন কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ

১.১ প্রকল্পের পটভূমি

সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। এ জন্য সাধারণ জনগণের দোর-গোড়ায় ডিজিটাল বাংলাদেশের সুফল পৌঁছে দেয়ার উপর বিশেষ গুরুত্ব প্রদান করে বাংলাদেশ ডাক বিভাগ তার দেশব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে আইসিটি ভিত্তিক সেবা প্রদানের জন্য উদ্যোগ গ্রহণ করে। বর্তমানে বাংলাদেশ ডাক বিভাগের কার্যক্রম সনাতন পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। এই পদ্ধতি থেকে উত্তোরণের জন্য তথ্য প্রযুক্তি নির্ভর করে গড়ে তুলতে প্রতিটি গ্রামীণ ডাকঘরে তথ্য প্রযুক্তি সেবা প্রদানের লক্ষ্যে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছিল। প্রকল্পটি বাস্তবায়নের ফলে গ্রামীণ জনগোষ্ঠী আধুনিক তথ্য প্রযুক্তি সেবা প্রাপ্তির সুযোগ লাভ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা ব্যবহার করে ব্যক্তি ও সমাজ আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। গ্রামীণ জনগণ ইন্টারনেটের মাধ্যমে তথ্য আদান প্রদান, ইন্টারনেট সংযোগের মাধ্যমে পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ, কৃষি, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সহায়তা এবং সর্বাধুনিক গ্রাহক সেবা প্রদান করার উদ্দেশ্যে এ প্রকল্পটি ২০১১-১২ থেকে ২০১৬-১৭ মেয়াদে বাস্তবায়ন করা হয়েছে।

১.২ প্রকল্পের বিস্তারিত বিবরণ

প্রকল্পের নাম	: তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ।
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	: ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।
বাস্তবায়নকারী সংস্থা	: বাংলাদেশ ডাক বিভাগ

১.৩ প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ ডিপিপি অনুযায়ী নিম্নে দেয়া হলোঃ

- ১) ডিজিটাল বাংলাদেশে গড়ার স্বপ্ন পূরণের লক্ষ্যে ডাকঘরের অবকাঠামো নির্মাণ করা, যা পল্লী জনগণের ই-সেন্টার হিসেবে কাজ করবে;
- ২) পল্লী এলাকার ডাক সেবার মান উন্নয়ন করা;
- ৩) পল্লী এলাকার আর্থ-সামাজিক কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা;
- ৪) পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরসমূহ সেবা ভবনের কেন্দ্র হিসেবে প্রদর্শিত করা;
- ৫) পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি করা;
- ৬) প্রকল্প এলাকায় ছোট-বড় কর্মসংস্থান সৃষ্টি করা;
- ৭) বিনিয়োগ বান্ধব অর্থনৈতিক কার্যক্রমকে শক্তিশালী করা;
- ৮) প্রাকৃতিক দুর্যোগের সময় পল্লী ডাকঘরসমূহ আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার; এবং
- ৯) পল্লী নারীর জীবনমান উন্নত করা।

১.৪ প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন সময়

প্রকল্পটি অনুমোদন, সংশোধন ও প্রস্তাবিত ব্যয় প্রকল্প দলিল (DPP/RDPP) অনুযায়ী নিম্নের সারণি ১.১ এ দেয়া হলোঃ

সারণি-১.১: প্রকল্প বাস্তবায়ন সময় ও প্রস্তাবিত ব্যয় বৃদ্ধি

মূল / অনুমোদন, সংশোধন	প্রস্তাবিত ব্যয় (লক্ষ টাকা)	প্রস্তাবিত সময়	অর্থায়নের উৎস	প্রস্তাবিত ব্যয় বৃদ্ধি ও হার (%)	বাস্তবায়ন সময় বৃদ্ধি ও হার (%)
মূল অনুমোদন	১১,২২৭.৭০	জুলাই ২০১১-জুন ২০১৩	জিওবি	-	--
প্রথম সংশোধিত	১২,২৯৫.৬০	জুলাই ২০১১ - জুন ২০১৫	জিওবি	১০৭৬.৯০ (১০.৬৭%)	২ বৎসর (১০০%)
দ্বিতীয় (সর্বশেষ) সংশোধিত	১৩,৪৭৩.১৪	জুলাই ২০১১ - জুন ২০১৭	জিওবি	২২৪৫.৪৪ (১৯.৯৯%)	৪ বৎসর (২০০%)

১.৫ প্রকল্পের অর্থায়ন (অর্থের সোর্স ও পরিমাণ)

প্রকল্পের অর্থায়ন (অর্থের সোর্স ও পরিমাণ) নিম্নের সারণি ১.২ এ দেয়া হলোঃ

সারণি ১.২: প্রকল্পের অর্থের সোর্স ও পরিমাণ

অর্থায়নের ধরন (Mode of financing)	জিওবি	পিএ (আরপিএ) PA (RPA)	পিএ সোর্স PA Source
১	২	৩	৪
লোন/ক্রেডিট	-	-	-
অনুদান	১৩৪৭৩.১৪		
সম্পদ (ইকুইটি)	-	-	-
অন্যান্য	-	-	-
মোট	১৩৪৭৩.১৪	-	-

প্রকল্পটি সরকারের অনুদানের অর্থে বাস্তবায়ন করা হয়েছে।

১.৬ প্রকল্প অনুমোদন ও সংশোধন এবং সময় বৃদ্ধির কারণ

১) প্রকল্পটির প্রধান অঙ্গ ছিল ১০০০টি তথ্য-প্রযুক্তি ভিত্তিক গ্রামীণ ডাকঘর ভবন নির্মাণ এবং ১৫০০টি পুরাতন ডাকঘর মেরামত ও বর্ধিতকরণ। নির্মাণ ও মেরামত কাজের প্রাক্কলিত ব্যয় PWD Schedule of rates, 2011 অনুসরণে প্রস্তুত করা হয়েছিল। ডিপিপি অনুমোদনের পর প্রকল্প ব্যবস্থাপক নির্মাণ ও মেরামত কাজের জন্য Open Tender নোটিশ আহ্বান করেছিলেন। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে ঠিকাদারগণ ডিপিপি মূল্যের তুলনায় প্রস্তাবিত কাজের দর অনেক বেশি প্রদান করে। এর প্রধান কারণ ছিল সে সময়ে নির্মাণ কাজের সকল প্রকার মালামালের বাজার মূল্য বৃদ্ধি পেয়েছিল। এ জন্যে PWD তাদের Schedule of rates, 2011 সংশোধন করে। নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করা এবং ডিপিপি মূল্যের মধ্যে ঠিকাদারগণ থেকে প্রস্তাব পাওয়ার জন্য Schedule of rates, 2011 পরিবর্তে Schedule of rates, 2014 মূল ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হয়।

এছাড়া এসময়ে পল্লী বিদ্যুৎ সংযোগ ও বিদ্যুতের খুটির মূল্য এবং অন্যান্য খরচ বৃদ্ধির কারণে নতুন ডাকঘর নির্মাণের খরচও বৃদ্ধি পায়। এমতাবস্থায়, প্রকল্পটি সফলতার সাথে বাস্তবায়নের জন্য ২ বছর সময় (জুন ২০১৭) বৃদ্ধির প্রয়োজন হয়।

- ২) আরডিপিপি'তে অন্তর্ভুক্ত ১০০০টি পোস্ট অফিসের মধ্যে ৭৫০ টি পোস্ট অফিস নির্মাণের জন্য অনুদানে জমি পাওয়ার সম্ভবনা ছিল। তালিকাভুক্ত ১০০০ পোস্ট অফিসের মধ্যে ২৫০টি নির্মাণের জন্য স্থানীয় জনগণ প্রয়োজনীয় জমি অনুদান প্রদান করে। PWD Schedule of rates, 2011 অনুসরণে ১৫৪ টি স্থানে ডাকঘর নির্মাণ কাজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছিল। কিন্তু প্রয়োজনীয় সংখ্যক দরপত্র না পাওয়ার কারণে PWD Schedule of rates, 2014 (Revised) অনুসরণে বাকী ৫৭৬ টি ভবন নির্মাণ করার জন্য প্রস্তুত করা হয়।
- ৩) মূল ডিপিপি'তে প্রতিটি নতুন ভবন নির্মাণের জন্য সংস্থান রাখা ছিল ৭,১০,০৮৫.৮২ টাকা এবং ১ম সংশোধিত ডিপিপি'তে ৮,৭০,২৯৫.০২ টাকা। PWD Schedule of rates, 2014 (Revised) অনুযায়ী প্রতিটি ভবন নির্মাণের প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ১০,৮৮,২৩৮.৮৭ টাকা। এ প্রেক্ষাপটে অবশিষ্ট ৫৭৬টি ডাকঘর নির্মাণের জন্য ডিপিপি সংশোধনের প্রয়োজন হয়।
- ৪) প্রকল্প বাস্তবায়নকালে পরিদর্শনের সময় দেখা যায় প্রধান ডাকঘর নির্মাণ করা হয়েছে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক বাজার/ব্যবসা এলাকায়। গ্রামীণ পোস্ট অফিসের অবকাঠামো নির্মাণ কাজ শুরু করা হলে ডাকঘর স্থাপনে আগ্রহী উদ্যোক্তাগণ মূল পোস্ট অফিসের জায়গা থেকে অনেক দূরে অবস্থিত প্রত্যন্ত অঞ্চলে জমি দানের প্রস্তাব করেন। এ সকল স্থানে ডাকঘর পরিচালনা লাভজনক হবে না, এ পর্যায়ে “তথ্য-প্রযুক্তি ভিত্তিক গ্রামীণ ডাকঘর নির্মাণ” প্রকল্পের আওতায় গ্রামীণ জনগণের সর্বোত্তম সেবা প্রদানের জন্য প্রত্যন্ত অঞ্চলের পরিবর্তে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ জায়গায় ডাকঘর প্রতিষ্ঠা করার প্রয়োজনীয়তা দেখা দেয় এবং ভূমি অধিগ্রহণের প্রয়োজন হয়। এ প্রেক্ষাপটে, প্রতিটি ডাকঘরের জন্য ০.৩ শতাংশ ভূমি অধিগ্রহণের পর ৫০০টি ডাকঘর নির্মাণ প্রস্তাব দেয়া হয়েছিল। প্রতিটি ডাকঘরের জন্য ৫.০০ লক্ষ টাকা হিসাবে ৫০০টি ডাকঘরের জন্য ২৫০০.০০ লক্ষ টাকা প্রয়োজন দেখা দেওয়ায় ডিপিপি সংশোধনের প্রয়োজন হয়।
- ৫) গুরুত্বপূর্ণ বাজার অঞ্চলে অবস্থিত কিছু পোস্ট অফিস লম্বালম্বি ভাবে নির্মাণ করা সম্ভব ছিলনা। কিন্তু খাড়াভাবে বা উচ্চতা বর্ধিত করা সম্ভব ছিল। প্রাথমিক পর্যায়ে ১৫০০টি ডাকঘর সংস্কার ও মেরামত করার প্রস্তাব করা হয়। তবে নতুন ডাকঘর নির্মাণের অগ্রাধিকার বিবেচনায় ৬৫০টি ডাকঘর মেরামত/সংস্কারের প্রস্তাব দ্বিতীয় সংশোধিত ডিপিপি'তে প্রদান করা হয়। মূল ডিপিপিতে প্রতিটি পুরাতন ভবন সংস্কারের জন্য সংস্থান রাখা হয় ১,৫০,০০০.০০ টাকা এবং ১ম সংশোধিত ডিপিপি'তে ১,৮২,১১৫.০০ টাকা। PWD Schedule of rates, 2014 (Revised) অনুযায়ী প্রতিটি ভবন নির্মাণ ব্যয় দাঁড়ায় ২,৫৩,৫৪৪.০০ টাকা। এ পর্যায়ে ৬৫০টি ভবন বর্ধিত করার জন্য ১৬৪৮.০৪ লক্ষ টাকার প্রয়োজন হয়। অবশিষ্ট ১০৮৩.৬৯ লক্ষ টাকা অন্য খাতের সাথে সমন্বয় করে ২য় সংশোধিত ডিপিপি প্রস্তুত করা হয়।
- ৬) প্রকল্পটিতে ৫জন সহকারী প্রকৌশলী এবং ১৫ জন উপ-সহকারী প্রকৌশলী কর্মরত ছিল। মাঠ-পর্যায়ে প্রকৌশলীগণ নির্মাণ/মেরামত কাজ নিয়মিত মনিটরিং করেছেন। ভ্রমণ ভাতা খাতে ডিপিপিতে প্রাথমিকভাবে ৪৭.৭৬ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এ পরিমাণ ভ্রমণ ভাতা (কোড-৪৮০১) মূল ব্যয়ের পরিবর্তে বেতন ভাতা খাতের সাথে অন্তর্ভুক্ত ছিল। এ জন্য সংশ্লিষ্টদের ভ্রমণ ভাতা পরিশোধ করা সম্ভব হয়নি। প্রকল্পের প্রথম সংশোধিত সময়ে ভ্রমণ ভাতা খাত পৃথক করা হলেও উক্ত অর্থ অপ্রতুল হওয়ায় এবং মেয়াদ বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের ২য় সংশোধনের সময় ভ্রমণ ভাতা বাবদ ৯০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়।

- ৭) মূল এবং প্রথম সংশোধিত ডিপিপিতে ১৮টি যানবাহন ক্রয়ের সংস্থান ছিল (১টি জীপ, ১টি মাইক্রোবাস, ১টি ডাবল কেবিন পিক-আপ এবং ১৫টি মটরসাইকেল)। মাইক্রোবাস ও ডাবল কেবিন পিক-আপ আগে ক্রয় করা হয়েছে। কিন্তু মূল ডিপিপি'র সংস্থান ৪৫.০ লক্ষ টাকা মূল্যে জীপ ক্রয় করা সম্ভব হয়নি। ফলে জীপ ক্রয়ের জন্য ৭৪.২৯ লক্ষ টাকার প্রস্তাবসহ ৩টি গাড়ী ক্রয়ের জন্য ২য় সংশোধিত ডিপিপি'তে সর্বমোট মূল্য ১৫০.০০ লক্ষ টাকা প্রস্তাব করা হয়। জ্বালানি খাতে বাজেট অপ্রতুল থাকায় ১৫টি মটরসাইকেল ক্রয় করার প্রস্তাব বাতিল করা হয়।
- ৮) আউট সোর্সিং এর মাধ্যমে ২জন গাড়ি চালক নিয়োগ করার সংস্থান ছিল। প্রকল্প কর্মকর্তা, মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র প্রতিনিধি প্রকল্পটি নিয়মিত মনিটরিং করেন। পাশাপাশি প্রকল্পের কর্মকর্তা ও প্রতিনিধিগণ অতিরিক্ত সময়েও প্রকল্প এলাকায় অবস্থান করেন। ফলে OT বিলের পরিমাণ বৃদ্ধি পায়। সব কিছু বিবেচনা করে ২য় সংশোধনীর সময় ওভার টাইমের জন্য সর্বমোট ৫.০ লক্ষ টাকা (কোড-৪৭৯৫) প্রস্তাব করা হয়েছিল।
- ৯) প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানী ভাতা, দরপত্র ওপেনিং কমিটি এবং গ্রহণ কমিটির সম্মানী ভাতা, অন্যান্য সম্মানী ভাতা, বিজ্ঞাপন খরচ, স্টেশনারী, অন্যান্য খরচ, যানবাহন রক্ষণাবেক্ষণ খরচ, জ্বালানী খরচ বৃদ্ধি করা প্রয়োজন হয়। এ সকল ভাতা বাবদ ১৩.৮১ লক্ষ টাকার পরিবর্তে ২য় সংশোধিত প্রকল্পের ৬০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। উপরোক্ত কারণসমূহের জন্য প্রকল্পটি সংশোধন ও পরিমার্জন করা হয়েছে।

১.৭ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ

প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্রধান কাজসমূহ নিম্নরূপ নির্ধারণ করা হয়েছিল-

- নতুন পোস্ট অফিস নির্মাণঃ ৭৫০টি;
- পোস্ট অফিস মেরামতঃ ৬৫০টি,
- আসবাবপত্র এবং যন্ত্রপাতি ক্রয়ঃ ৭৫০ সেট,
- মোটরযান ক্রয়ঃ ৩ (তিন) টি; এবং
- ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন ইত্যাদিঃ ৫০০ ইউনিট।

১.৮ ডিপিপি অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা

ডিপিপি অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা নিম্নের সারণি ১.৩-এ দেয়া হলো:-

সারণি-১.৩: ডিপিপি অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়)

অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা	
		আর্থিক	বাস্তব
১	২	৩	৪
রেভিনিউ খাত (ক)			
কর্মকর্তাদের বেতন (৪৫০১)	সংখ্যা	২৩০.০	২৩
কর্মচারীদের বেতন (৪৬০১)	সংখ্যা	২৫.০	০৩
অতিরিক্ত কাজের ভাতা (৪৭০০)	সংখ্যা	৫.০	০২
ভ্রমণ ভাতা (৪৮০১)	থোক	৯০.০	থোক
সম্মানী ভাতা (৪৮৮৩)	থোক	৬০.০	থোক

অঞ্জের নাম	একক	লক্ষ্যমাত্রা	
		আর্থিক	বাস্তব
জ্বালানী (৪৮২২)	থোক	৫০.০	থোক
যানবাহন ব্যবস্থাপনা	-	১৫.০	০৩
রেজিস্ট্রেশন (৪৮১৮)	থোক	৫.০	থোক
স্টেশনারী (৪৮২৮)	থোক	২০.০	থোক
অন্যান্য (৪৮৯৯)	থোক	২৫.০	থোক
বিজ্ঞাপন (৪৮৩৩)	থোক	২৫.০	থোক
উপ-মোট (ক) =		৫৫০.	
মূলধন খাত (খ)			
ভূমি সংগ্রহ (৬৯০১)	সংখ্যা	২৫০০.০	৫০০
নির্মাণ (৭০০৬)	সংখ্যা	৭৭৮২.৫৭	৭৫০০
মেরামত (৪৯০১)	সংখ্যা	১৬৪৮.০৪	৬৫০
আসবাবপত্র (৬৮২১)/ যন্ত্রপাতি	-	৫৭৭.৫০	১২৩১৪
মোটরযান (৬৮০৭)	সংখ্যা	১৫০.০	৩
উপ-মোট (খ)		১২৬৫৮.১১	-
কনটিনজেন্সি (গ)			
প্রাইজ কনটিনজেন্সি	থোক	১৩৩.০৫	১৩৩.০
ফিজিক্যাল কনটিনজেন্সি		১৩২.০৮	থোক
উপ-মোট (গ)		২৬৫.১৩	থোক
সর্ব-মোট (ক+খ+ গ)		১৩,৪৭৩.২৪	

১.৯ ডিপিপি অনুযায়ী অর্থ বৎসর ভিত্তিক ব্যয় পরিকল্পনা

অর্থ বৎসর ভিত্তিক ব্যয় পরিকল্পনা নিম্নের সারণি ১.৪ -এ দেয়া হলো।

সারণি- ১.৪: অর্থ বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা

(লক্ষ টাকায়)

খাতের নাম	অর্থ বৎসর ২০১১-২০১৪	অর্থ বৎসর ২০১৪-১৫	অর্থ বৎসর ২০১৫-১৬	অর্থ বৎসর ২০১৬-১৭
রাজস্ব খাত	৪৮.৩৭	১০০.০০	২১৩.১৩	১৮৮.৫০
মূলধন খাত	৭১৬.৮৮	৯০০.০০	৭২৬১.২৩	৩৭৮০.০০
মূল্য কনটিনজেন্সি	০.০০	০.০০	৬৬.৯৪	৬৬.৫৩
মোট =	৭৬৫.২৫	১,০০০.০০	৭৬৯৬.৯৩	৪১০১.০৭

১.১০ ডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনা

১) মালামাল (goods)

ডিপিপি অনুযায়ী মালামাল ক্রয় কার্যক্রমের পরিকল্পনা নিম্নের সারণিতে (সারণি-১.৫) প্রদান করা হলো:-

সারণি-১.৫: ডিপিপি অনুযায়ী মালামাল (goods) ক্রয় পরিকল্পনা

প্যাকেজ নং	মালামালের নাম	সংখ্যা	ক্রয় পদ্ধতি	চুক্তি স্বাক্ষরের কর্মকর্তা	অর্থের উৎস	প্রাক্কলিত মূল্য	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	সমাপ্তির তারিখ
G1	যানবাহন	১	OTM/ DPM	প্রকল্প পরিচালক	জিওবি	৭৪.২৯	জুলাই/১৫	অক্টোবর/ ১৫	জুন, ২০১৭
G2	কাঠের চেয়ার (EDDA)	৭৫০	OTM/ RFQ/DPM	ঐ	ঐ	৭৫.০০	ঐ	ঐ	ঐ
G3	ডেলিভারি টেবিল	৭৫০	ঐ	ঐ	ঐ	৪৫.০০	ঐ	ঐ	ঐ
G4	কাঠের চেয়ার (EDBOS)	৭৫০	ঐ	ঐ	ঐ	৩৭.৫০	ঐ	ঐ	ঐ
G5	কম্বাইন্ড আইরন সেইফ	৭৫০	ঐ	ঐ	ঐ	১৮৭.৫০	ঐ	ঐ	ঐ
G6	লোহার র্যাক	৭৫০	ঐ	ঐ	ঐ	৭৫.০০	ঐ	ঐ	ঐ
G7	চিঠির বাক্স (গোল)	৭৫০	ঐ	ঐ	ঐ	৬০.০০	ঐ	ঐ	ঐ
G8	নোটিশ বোর্ড (৩'x২')	৭৫০	ঐ	ঐ	ঐ	২২.৫০	ঐ	ঐ	ঐ
G9	ওজন মাপার যন্ত্র	৭৫০	ঐ	ঐ	ঐ	৭৫.০০	ঐ	ঐ	ঐ
	মোট =	৬০০১				৫,৬৫১.০৯			

২) কার্য (Works) ক্রয় পরিকল্পনা

ডিপিপি অনুযায়ী নির্মাণ, ভূমি অধিগ্রহণ এবং মেরামত কাজের ক্রয় পরিকল্পনা নিম্নের সারণিতে প্রদান করা হলো:-

সারণি-১.৬: নির্মাণ, ভূমি অধিগ্রহণ এবং মেরামত কাজের ক্রয় পরিকল্পনা

প্যাকেজ নং	মালামালের নাম	সংখ্যা	ক্রয় পদ্ধতি	চুক্তি অনুমোদন কর্তৃপক্ষ	ক্রয় কর্মকর্তা	অর্থের উৎস	প্রাক্কলিত মূল্য	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ	সমাপ্তির তারিখ
W1	নির্মাণ কাজ	৭৫০	OTM	HOPE	প্রকল্প পরিচালক	জিওবি	৭১৪১.৪০	জুলাই/১৫	অক্টোবর /১৫	জুন, ২০১৭
W2	ভূমি অধিগ্রহণ/ ক্রয়	৫০০	DPM	HOPE	ঐ	ঐ	২৫০০.০০	ঐ	ঐ	ডিসেম্বর, ২০১৭
W3	মেরামত/ নবায়ন কাজ	৬৫০	OTM/ RTM	প্রকল্প পরিচালক	PGM	ঐ	১৬৪৮.০৪	ঐ	ঐ	জুন, ২০১৭
	মোট =	১২৭৬					১১,২৯২.৪৪			

১.১১ ডিপিপি অনুযায়ী প্রকল্পের লগফ্রেম

ডিপিপি'তে প্রদত্ত লগফ্রেম নিম্নের (সারণি-১.৭) প্রদান করা হলো:-

সারণি-১.৭: ডিপিপি অনুযায়ী প্রকল্পের লগফ্রেম

বর্ণনামূলক সংক্ষিপ্তসার (Narrative Summary)	উদ্দেশ্য পরীক্ষার নির্দেশক(Objectively variable indicator)	পরীক্ষা/নিরীক্ষার উপায় (Means of verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumption)
প্রকল্পের লক্ষ্য (Project Goal)			
তথ্য প্রযুক্তি সেবা প্রদানে সক্ষম গ্রামীণ ডাকঘর নির্মাণ	১. ডাকঘরের কাঠামোগত অবস্থা ২. ডাকঘরের লে-আউট প্ল্যান	১. ডাকঘরসমূহ নিয়মিত পরিদর্শন ২. গ্রাহকদের স্বল্প মাত্রার অভিযোগ	১. যোগ্যতা সম্পন্ন/বাঞ্ছনীয় দরপত্র দাতা প্রাপ্তি ২. যোগ্যতা সম্পন্ন স্থপতিদের নকসা প্রণয়ন
প্রকল্পের উদ্দেশ্য (Project purpose)			
১. ডিজিটাল বাংলাদেশ গড়ায় সহায়তা প্রদান ২. শহর এবং গ্রামীণ ডাকঘরের মধ্য কারিগরি সেতু বন্ধন তৈরি	১. বিভিন্ন জাতীয় কর্মসূচি এবং ঘটনা প্রবাহে তথ্য যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক গ্রামীণ জনগণের অংশ গ্রহণ বৃদ্ধি	১. ঘটনা প্রবাহের সাথে সংযুক্ত/সংশ্লিষ্ট ব্যক্তিদের বিভিন্ন প্রতিবেদন, বক্তব্য/বিবৃতি	১. গ্রামীণ জনগণের তথ্য যোগাযোগ প্রযুক্তির উপকারিতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি ২. ডিজিটাল বাংলাদেশ গড়ার গতি জাতীয়ভাবে বজায় থাকা ৩. বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থার যথাযথ সময়ে অনুমোদন প্রাপ্তি ৪. রাজনৈতিক এবং অর্থনৈতিক অবস্থা অনুকূলে থাকা ৫. রাজস্ব খাত হতে নিরবচ্ছিন্নভাবে সমর্থন পাওয়া।
ফলাফল (Output)			
১. গ্রামীণ ডাকঘরের দীর্ঘ স্থায়িত্ব এবং নিরাপত্তার জন্য যন্ত্রপাতি/মেশিনপত্র ক্রয়	১. ডাকঘরসমূহ ২০১৫ সালের মধ্যে নির্মাণ ২. যানবাহন ২০১০ সালের মধ্যে ক্রয়	১. মজুদ বই পর্যবেক্ষণ ২. গড় স্থায়িত্ব বিশ্লেষণ ৩. সরেজমিনে পরীক্ষা	১. বাজার দর সুশম থাকা ২. যোগ্যতা সম্পন্ন দরপত্র দাতা প্রাপ্তি ৩. প্রাকৃতিক দুর্যোগ
উপকরণ (Inputs)			
১. প্রকল্পটির প্রয়োজনীয় ক্রয় এবং সংগ্রহ কাজ যথাযথ সময়ে সম্পন্ন করা	১. প্রকল্পের বিভিন্ন অংশের ক্রয় যথাসময়ে সম্পন্ন করা ২. গুণগতমান সম্পন্ন ক্রয় সম্পাদন	১. প্রকল্প ব্যবস্থাপনা/বাস্তবায়নের সাথে সংযুক্ত কর্মকর্তাদের বিভিন্ন প্রতিবেদন পর্যবেক্ষণ ২. দরপত্র মূল্যায়ন পদ্ধতি পর্যালোচনা ৩. দরপত্র দলিলাদি পর্যালোচনা	১. নিয়মিতভাবে অর্থ বরাদ্দ ও অবমুক্তি ২. দরপত্র দাতাদের ডিপিপি'র সাথে সামঞ্জ্যপূর্ণ দর প্রদান ৩. যথাসময়ে প্রকল্পের কাজ শুরু ৪. যোগ্যতা সম্পন্ন দরপত্র দাতা

১.১২ টেকসইকরণ পরিকল্পনা/ Exit Plan

ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের অধীনে সম্পাদিত কাজ/প্রকল্পের অর্জনসমূহ টেকসইকরণের কোন পরিকল্পনা/
Exit Plan প্রদান করা হয়নি।

প্রভাব মূল্যায়ন কার্যক্রমের কর্মপদ্ধতি (Methodology)

২.১ প্রভাব মূল্যায়ন কাজের কার্যপরিধি

পরামর্শক প্রতিষ্ঠানের বিস্তারিত কর্ম-পরিধি (TOR) নিম্নরূপ:-

- ১) প্রকল্পের লক্ষ্য অর্জনের জন্য যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে তার মাত্রা এবং কার্যকারিতা সার্বিকভাবে বিবেচনায় নেয়া;
- ২) বর্তমান কার্যভারের সমস্ত বর্ণিত উদ্দেশ্যকে আওতায় আনা এবং এই মূল্যায়নের জন্য প্রকল্পের আওতাধীন জেলাগুলিকে সার্বিকভাবে বিবেচনায় নেয়া;
- ৩) সুবিধাভোগী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাক্ষাৎকার নেয়া;
- ৪) মুখ্য কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং অন্যান্য সেবাগৃহীতাদের সাথে আলোচনা/এফজিডি এবং সভা অনুষ্ঠান করা;
- ৫) চুক্তি স্বাক্ষরের ১৫ দিনের মধ্যে তথ্য বিশ্লেষণে ও প্রয়োগ করে টার্গেট গ্রুপ, উত্তরদাতা, তথ্য সংগ্রহের পদ্ধতি, পরিসংখ্যান সরঞ্জামসমূহের রূপরেখার বিশদ অধ্যয়ন নকশা প্রস্তুত এবং জমা দেয়া;
- ৬) প্রারম্ভিক প্রতিবেদনের সাথে কর্ম-পরিকল্পনা জমা দেয়া;
- ৭) প্রশিক্ষিত মাঠ কর্মীদের তথ্য সংগ্রহের জন্য নিয়োগ দেওয়া;
- ৮) প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষের সাথে আলোচনা এবং প্রয়োজন অনুযায়ী তথ্য সংগ্রহ মাঠ পরিদর্শন করা;
- ৯) প্রকল্পের কাজের দুর্বলতা ও সবল দিক পর্যালোচনা করা;
- ১০) তথ্য সংগ্রহের সময় স্টেকহোল্ডার এবং সুবিধাভোগীদের সাথে আলোচনা করার জন্য প্রকল্পের সুবিধাজনক স্থানে স্থানীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা;
- ১১) প্রকল্প অঞ্চল থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে খসড়া প্রতিবেদন তৈরি করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে অনুমোদন নেয়া;
- ১২) সমীক্ষার ফলাফল অবগতির জন্য জাতীয় পর্যায়ের কর্মশালায় প্রথম খসড়া প্রতিবেদন উপস্থাপন এবং চুক্তি স্বাক্ষরের ৭৫ দিনের মধ্যে ওয়ার্কশপ ইনপুট অন্তর্ভুক্ত করে প্রতিবেদনটি চূড়ান্ত করা।

২.২ এলাকা নির্বাচন

প্রারম্ভিক প্রতিবেদনের উপর ১ম স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সমীক্ষা পরিচালনার জন্য ডাক বিভাগের ৪টি সার্কেলের ৮টি জেলা, ১৭টি উপজেলা এবং ৪৮টি ডাকঘর এবং জেলা ও উপজেলাসমূহ ডাক বিভাগের সার্কেল অনুযায়ী আনুপাতিক হারে দৈবচয়নের মাধ্যমে নির্বাচন করা হয়েছে। নিম্নের সারণি ২.১ এ ডাক বিভাগের সার্কেল ভিত্তিক নির্বাচিত জেলা, উপজেলা এবং পোস্ট অফিসের তালিকা দেয়া হলো।

সারণি-২.১: সমীক্ষার জন্য নির্বাচিত জেলা, উপজেলা ও ডাকঘরসমূহ

ক্রমিক নং	ডাক বিভাগের সার্কেল	জেলা	উপজেলা	পোস্ট অফিস	
১	কেন্দ্রীয় সার্কেল, ঢাকা	১. মানিকগঞ্জ	১. ঘিওর	১. বাজালা	
				২. দামেশ্বর	
				৩. বড়টিয়া	
				৪. বৈকুণ্ঠপুর	
			২. সাটুরিয়া	৫. চরতিল্লা	
				৬. দরগ্রাম	
		২. ময়মনসিংহ	৩. গফরগাঁও	৭. পাঁচবাগ	
				৮. কান্দিপাড়া	
				৯. উথুরী	
			৪. নান্দাইল	১০. কালোংগাও	
				১১. খারুয়া	
				১২. কুমারুলী	
২	দক্ষিণাঞ্চল, খুলনা	৩. সাতক্ষীরা	৫. আশাশুনী	১৩. দরগাপুর	
				১৪. খেসড়া	
				১৫. শ্রীরামকাঠী	
			৬. কলারোয়া	১৬. বোয়ালিয়া	
				১৭. বুঝতলা	
				১৮. সলিমপুর	
		৪. ভোলা	৭. ভোলা সদর	১৯. সুখদেবপুর	
				২০. ভেদুরিয়া	
				২১. চন্দ্রপাসাদ	
			লালমোহন	২২. ইলিশা	
				২৩. সাজিরহাট	
				২৪. চরভূতা	
৩	উত্তরাঞ্চল, রাজশাহী	৫. রাজশাহী	৯. বাগমারা	২৫. মাড়িয়া	
				২৬. নরদাস	
				২৭. বালানগর	
			১০. তানোর	২৮. তালোন্দ	
				২৯. চান্দুড়িয়া	
				৩০. আলোকছত্র	
		৬. দিনাজপুর	১১. সদর	৩১. পাঁচবাড়ী	
				৩২. চেরাডাঙ্গি	
				৩৩. উথরাইল	
			১২. চিরিবন্দর	৩৪. বালাইবাজার	
				৩৫. রানীর বন্দর	
				৩৬. গোয়ালডিহি	
৪	পূর্বাঞ্চল, চট্টগ্রাম	৭. চট্টগ্রাম	১৩. পটিয়া	৩৭. আশিয়া	
				৩৮. ছনহরা	
				৩৯. ডেঙ্গাপাড়া	
			১৪. সাতকানিয়া	৪০. ডেমশা	
				৪১. গাটিয়াডাঙ্গা	
				৪২. ইছামতি	
		৮. সিলেট	১৫. গোলাপগঞ্জ	৪৩. চন্দরপুর	
				৪৪. বগীগ্রাম	
			১৬. বিশ্বনাথ	৪৫. উত্তর রণকেলী	
					৪৬. রামধনা

ক্রমিক নং	ডাক বিভাগের সার্কেল	জেলা	উপজেলা	পোস্ট অফিস
				৪৭. বিশঘর
			১৭. গোয়াইনঘাট	৪৮. হাদারপাড়
	মোট =	৮	১৭	৪৮

২.৩ নমুনা সংগ্রহের পদ্ধতি ও আকার নির্ধারণ

প্রভাব মূল্যায়ন কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের কার্য-পরিধির (TOR) বিন্যাস অনুসরণে তথ্য সংগ্রহের পদ্ধতি ও উৎস নিম্নের সারণি ২.২ এ প্রদান করা হলো।

সারণি-২.২: তথ্য সংগ্রহের পদ্ধতি ও উৎস

ক্রমিক নং	কাজের নাম	তথ্য সংগ্রহের পদ্ধতি	তথ্যের উৎস
১	প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ	প্রকল্প দলিল, প্রকল্প সমাপ্ত প্রতিবেদন ইত্যাদি পর্যালোচনা।	প্রকল্প পরিচালক ও আইএমইডি।
২	আর্থিক সাল অনুযায়ী কর্ম-পরিকল্পনা, অর্থ বরাদ্দ, ব্যয়, প্রকল্পের বাস্তব ও ভৌত অগ্রগতি পর্যালোচনা, পর্যবেক্ষণ এবং টেবিল ও চার্টের মাধ্যমে উপস্থাপন।	প্রকল্প দলিল, সমাপ্ত প্রতিবেদন ইত্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা ও পর্যবেক্ষণ।	ঐ
৩	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা এবং অসমাপ্ত কাজের কারণ পর্যালোচনা	প্রকল্প দলিল, সমাপ্ত প্রতিবেদন ইত্যাদি সংগ্রহ। পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং কাজ সরেজমিনে পরীক্ষা ও পরিদর্শন।	ঐ
৪	প্রকল্পের অধীনে ক্রয়কৃত মালামাল, যন্ত্রপাতি, সেবা ইত্যাদি ক্রয় এবং জনবল নিয়োগে আর্থিক বিধি বিধান ও সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসৃত হয়েছে কিনা এবং মালামালের গুণগত মান ও পরিমাণ/সংখ্যা ক্রয় চুক্তি অনুসারে করা হয়েছে কিনা এবং প্রকল্পের অধীনে সম্পাদিত কাজের গুণগত মান সম্পর্কে মতামত প্রদান।	ক্রয় প্রক্রিয়া, দরপত্রের চুক্তি পত্র, সরকারের আর্থিক বিধিমালা, নিয়োগ নীতিমালা পর্যালোচনা এবং বিভিন্ন কাজ সরেজমিনে পরিদর্শন ও পরীক্ষা।	ঐ + PCR, প্রকল্পের কাজ এবং এলাকা পরিদর্শন
৫	প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন ঝুঁকি, যেমন অর্থায়ন ও মালামাল ক্রয়ে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, এবং প্রকল্পের মেয়াদ ও খরচ বৃদ্ধি ইত্যাদি।	প্রকল্প দলিল, প্রকল্প সমাপ্ত প্রতিবেদন ইত্যাদি সংগ্রহ ও পর্যালোচনা।	ঐ + এফজিডি ও কেআইআই
৬	প্রকল্পের অধীনে সম্পাদিত কাজের কার্যকারিতা এবং উপকারিতা বিশ্লেষণ, বিশেষ সফলতার উপর আলোকপাত এবং প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের অধীনে সম্পাদিত কাজের উপকারিতা টেকসই করার বিষয়ে মতামত প্রদান।	মাঠ-পর্যায় হতে বিস্তারিত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক এ সকল কাজের কার্যকারিতা ও উপকারিতা সনাক্তকরণ ও বিশেষ সফলতার তথ্য সংগ্রহ।	সুফলভোগীদের তথ্য সংগ্রহ, এফজিডি এবং কেআইআই
৭	প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ (SWOT)।	প্রকল্প দলিল, সমাপ্ত প্রতিবেদন, অর্থ ছাড়, ব্যয়, জনবল নিয়োগ, প্রকল্পের কর্মকর্তাদের প্রশিক্ষণ, স্থানীয় লোকজনের প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা ইত্যাদি বিষয়ে SWOT matrix অনুসরণে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।	প্রকল্প দলিল, অর্থায়ন সম্পর্কিত তথ্য এবং এফজিডি, কেআইআই, ও সেকেন্ডারী উৎসের তথ্য

২.৪ সমীক্ষার কর্ম-পদ্ধতি (Methodology)

প্রভাব মূল্যায়ন সমীক্ষার তথ্য-উপাত্ত সংগ্রহের জন্যে সংখ্যাগত (Quantitative) ও গুণগত (Qualitative) সমীক্ষা এবং secondary source হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নে এ বিষয়ে আলোচনা করা হলো।

সংখ্যাগত সমীক্ষা জরিপ: যে কোন সুপরিকল্পিত ও সুসমন্বিত প্রভাব মূল্যায়ন সমীক্ষার ক্ষেত্রে সংখ্যাগত জরিপের মাধ্যমে অভিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। প্রকল্প বাস্তবায়নের প্রভাবে প্রকল্প এলাকার জনগণের আয় বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি তথ্য সংগ্রহের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে তা নির্ণয় করা হয়েছে।

সংখ্যাগত জরিপের নমুনার আকার (Sample Size): ই-সেবায়ুক্ত নতুন স্থাপিত ডাকঘর এলাকার মোট জনসংখ্যার বিষয়ে সুস্পষ্ট উল্লেখ নেই। এ প্রেক্ষাপটে, সুবিধাভোগী (Beneficiary) নির্বাচনের জন্যে একটি বহু-পর্যায়ী স্তরিত নমুনায়ন (Multi-Stage Stratified Sampling) পদ্ধতি অনুসরণ করে সুবিধাভোগীদের নমুনার আকার নিম্নবর্ণিত ফরমুলাটি ব্যবহার করে নির্ধারণ করা হয়েছেঃ-

$$n = \frac{z^2 pq}{e^2} d^{eff}$$

যেখানে,

n = সংগৃহীতব্য নমুনার সংখ্যা;

z = নরম্যাল ভারিয়েট, যা ৫% সিগনিফিকেন্ট লেভেল এবং কনফিডেন্স ইন্টারভেলস এ, ১.৯৬;

p = অনুমিত অনুপাত লক্ষ্যমাত্রা। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অনুমান করা যেতে পারে প্রকল্প এলাকার ৫০% সুফলভোগী প্রকল্পের সুবিধা পেয়েছেন অর্থাৎ এ ক্ষেত্রে p = ০.৫০;

q = ১ - p = ০.৫০।

e = ভুলের সীমা রেখা (margin of error), যার মান ৪% ধরা হয়েছে অর্থাৎ e = ০.০৪;

d^{eff} = Design effect সমীক্ষার প্রয়োজনে ক্লাস্টার/স্তর ভিত্তিক র্যানডম নমুনা সংগ্রহের মিশ্র পদ্ধতি ব্যবহারে ভুলের সম্ভবনা থাকায় ডিজাইন ইফেক্ট এর মান ১.৫ ধরা হয়েছে।

সুতরাং

$$n = \frac{1.96^2 \times 0.5 \times 0.5}{0.04^2} \times 1.5 = 900$$

২.৫ নমুনার বিস্তার (Sample Distribution)

উপরে বর্ণিত বহু-পর্যায়ী স্তরিত নমুনায়ন (Multi-Stage Stratified Sampling) পদ্ধতি অনুসরণে প্রাপ্ত মোট ৯০০ জনের মধ্যে নির্মিত ডাকঘর এলাকার মোট ৬০০ জন ই-সেবা গ্রহীতা নির্বাচন করা হয় এবং অবশিষ্ট ৩০০ জন ই-সেবা গ্রহণ করেনি বা কন্ট্রোল গ্রুপ হিসেবে বিবেচনা করা হয়। সুফলভোগী এবং কন্ট্রোল গ্রুপের নমুনা ডাক বিভাগের ৪টি সার্কেলের ৮টি জেলা, ১৭টি উপজেলা এবং ৪৮টি ডাকঘর হতে সংগ্রহ করা হয়েছে। প্রতিটি ডাকঘর এলাকার ১২-১৩ জন সুফলভোগী এবং ই-সেবা নেই এমন পার্শ্ববর্তী ডাকঘর এলাকা থেকে ৬-৭ জন উত্তরদাতা নির্বাচন করা হয়েছে। ই-সেবা গ্রহণকারী সুবিধাভোগী এবং কন্ট্রোল গ্রুপের তথ্য সংগ্রহের প্রশ্নমালা যথাক্রমে সংযুক্তি-১ ও ২ প্রদান করা হয়েছে। সুবিধাভোগী এবং কন্ট্রোল গ্রুপের তথ্য সংগ্রহের বিন্যাস নিম্নের সারণি ২.৩ এ দেয়া হলো।

সারণি-২.৩: নমুনায়িত জেলা, উপজেলা ও বিভিন্ন শ্রেণির উত্তরদাতার সংখ্যা

ক্রঃ নং	ডাক বিভাগের সার্কেল	জেলা	উপজেলা	ডাকঘরের নাম	উত্তরদাতার নমুনায়িত সংখ্যা		মোট উত্তর দাতা
					উপকারভোগী	উপকারভোগী নয়	
১	কেন্দ্রীয় সার্কেল, ঢাকা	১. মানিকগঞ্জ	১. ঘিওর	১. বাজালা	১৩	৭	২০
				২. দামেশ্বর	১২	৬	১৮
				৩. বড়টিয়া	১২	৬	১৮
				৪. বৈকুণ্ঠপুর	১৩	৭	২০
			২. সাটুরিয়া	৫. চরতিলা	১২	৬	১৮
				৬. দরগ্রাম	১২	৬	১৮
		২. ময়মনসিংহ	৩. গফরগাঁও	৭. পাঁচবাগ	১৩	৭	২০
				৮. কান্দিপাড়া	১২	৬	১৮
				৯. উথুরী	১২	৬	১৮
			৪. নান্দাইল	১০. কালংগাও	১৩	৬	১৯
				১১. খারুয়া	১২	৬	১৮
				১২. কুমারুলী	১২	৬	১৮
২	দক্ষিণাঞ্চল, খুলনা	৩. সাতক্ষীরা	৫. আশাশুনি	১৩. দরগাপুর	১৩	৬	১৯
				১৪. খেসড়া	১২	৬	১৮
				১৫. শ্রীরামকাঠী	১২	৬	১৮
			৬. কলারোয়া	১৬. বোয়ালিয়া	১৪	৭	২১
				১৭. বুঝতলা	১৪	৭	২১
				১৮. সলিমপুর	১৪	৭	২১
		৪. ভোলা	৭. ভোলা সদর	১৯. সুখদেবপুর	১৩	৬	১৯
				২০. ভেদুরিয়া	১২	৬	১৮
				২১. চন্দ্রপাসাদ	১২	৬	১৮
				২২. ইলিশা	১২	৬	১৮
			লালমোহন	২৩. সাজিরহাট	১২	৬	১৮
				২৪. চরভূতা	১৩	৬	১৯
৩	উত্তরাঞ্চল, রাজশাহী	৫. রাজশাহী	৯. বাগমারা	২৫. মাড়িয়া	১৩	৬	১৯
				২৬. নরদাস	১২	৬	১৮
				২৭. বালানগর	১২	৬	১৮
			১০. তানোর	২৮. তালোন্দ	১৩	৬	১৯
				২৯. চান্দুড়িয়া	১২	৬	১৮
				৩০. আলোকছত্র	১২	৬	১৮
		৬. দিনাজপুর	১১. সদর	৩১. পাঁচবাড়ী	১৩	৭	২০
				৩২. চেরাডাঙ্গি	১২	৬	১৮
				৩৩. উথরাইল	১২	৬	১৮
			১২. চিরিবন্দর	৩৪. বালাইবাজার	১৩	৭	২০
				৩৫. রানীর বন্দর	১২	৬	১৮
				৩৬. গোয়ালডিহি	১২	৬	১৮
৪	পূর্বাঞ্চল, চট্টগ্রাম	৭. চট্টগ্রাম	১৩. পটিয়া	৩৭. আশিয়া	১৪	৭	২১
				৩৮. ছনহরা	১৪	৭	২১
				৩৯. ডেঙ্গাপাড়া	১২	৬	১৮
		১৪. সাতকানিয়া	৪০. ঢেমশা	১৩	৬	১৯	
			৪১. গাটিয়াডাঙ্গা	১২	৬	১৮	
			৪২. ইছামতি	১২	৬	১৮	
			৮. সিলেট	১৫. গোলাপগঞ্জ	৪৩. চন্দ্রপুর	১৩	৭
		৪৪. বগীগ্রাম			১২	৬	১৮
		৪৫. উত্তর রণকেলী	১২	৬	১৮		

ক্রঃ নং	ডাক বিভাগের সার্কেল	জেলা	উপজেলা	ডাকঘরের নাম	উত্তরদাতার নমুনায়িত সংখ্যা		মোট উত্তর দাতা
					উপকারভোগী	উপকারভোগী নয়	
			১৬. বিশ্বনাথ	৪৬. রামধনা	১৩	৭	২০
				৪৭. বিশঘর	১২	৬	১৮
			১৭. গোয়াইনঘাট	৪৮. হাদারপাড়	১২	৬	১৮
মোট =		৮	১৭	৪৮	৬০০	৩০০	৯০০

২.৬ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

২.৬.১ সেকেন্ডারি উৎসের তথ্য সংগ্রহ

প্রকল্প বাস্তবায়নের অর্জিত সাফল্য সম্পর্কে সম্যক ধারণা অর্জনের জন্যে প্রকল্পের বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি প্রতিবেদনে বিশ্লেষণ করা হয়। এতে প্রকল্পের প্রস্তাব প্রণয়ন থেকে শুরু করে বাস্তবায়ন পর্যন্ত সকল প্রতিবেদন, নূতন ডাকঘর নির্মাণ কাজের মালামাল পরীক্ষার ফলাফল ইত্যাদি পর্যালোচনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। পর্যালোচনার উদ্দেশ্য অনুসারে প্রকল্পের ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং অর্জিত ভৌত অবকাঠামো (নির্মাণ ও রক্ষণাবেক্ষণ) ও আর্থিক অগ্রগতির তুলনা করা ছাড়াও প্রকল্পের কার্যকারিতা ত্রুটি-বিচ্যুতি, সফলতা-ব্যর্থতা ইত্যাদি চিহ্নিত করা হয়েছে। এ লক্ষ্যে প্রকল্পের ডিপিপি, আরডিপিপি, পিসিআর, প্রাক-সম্ভাব্যতা জরিপ প্রতিবেদন, ডিজাইন-ড্রয়িং বিনির্দেশ (Specification), আইএমইডির রিপোর্ট ও মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন সংগ্রহপূর্বক পর্যালোচনা এবং ভবিষ্যতে এ ধরনের নতুন প্রকল্পের গ্রহণের ক্ষেত্রে সমস্যা, করণীয় ও সুপারিশসমূহ প্রভাব মূল্যায়ন প্রতিবেদনে প্রতিফলিত করা হয়েছে। এছাড়া গ্রামীণ এলাকার জনগণের আয় ব্যয়, ডাক বিভাগের বার্ষিক প্রতিবেদন ইত্যাদি Website হতে সংগ্রহ করা হয়েছে।

২.৬.২ গুরুত্বপূর্ণ তথ্য-প্রদানকারীর সাক্ষাৎকার (KII)

নিবিড় গুণগত মান অনুসন্ধানের অন্যতম পন্থা “কেআইআই” (KII)। প্রকল্প বাস্তবায়নের সাথে সংযুক্ত কর্মকর্তা ও স্টেকহোল্ডারগণের প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন সম্পর্কিত মতামত, প্রকল্প বাস্তবায়নের প্রভাব, স্থানীয় এলাকায় কর্মসংস্থান ও প্রভাব, SWOT ইত্যাদি সম্পর্কিত তথ্য জানার জন্য কেআইআই করা করা হয়েছে। কেআইআই দাতাগণের মতামত গ্রহণের জন্যে Structured Questionnaire ব্যবহার করা হয়েছে। সমীক্ষা সময়ের সীমাবদ্ধতা, প্রকল্পের বিস্তৃতি ইত্যাদি বিবেচনা করে প্রকল্প এলাকার ৭৪ জনের কেআইআই গ্রহণ করা হয়েছে। কেআইআই দাতাগণের তালিকা নিম্নের সারণি ২.৪ এ দেয়া হলো।

সারণি-২.৪: কেআইআই দাতাগণের তালিকা

ক্রমিক নং	কেআইআই স্টেকহোল্ডারগণ	প্রস্তাবিত নমুনার সংখ্যা
১	প্রকল্প পরিচালক	১ X ১ = ১ জন
২	উপ-প্রকল্প পরিচালক	১ X ১ = ১ জন
৩	বিভাগীয় পোস্ট মাস্টার/জেলা পোস্ট মাস্টার	৮ X ১ = ৮ জন
৪	উপজেলা পোস্ট মাস্টার	১৭ X ১ = ১৭ জন
৫	অবিভাগীয় পোস্ট মাস্টার	৪৮ X ১ = ৪৮ জন
	মোট =	৭৪ জন

২.৬.৩ দলীয় আলোচনা (FGD)

মাঠ পর্যায়ের বাস্তব তথ্য প্রাপ্তির সুবিধার্থে ডাকঘরের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিব, ওয়ার্ড মেম্বার, মহিলা শিক্ষক বা মহিলা প্রতিনিধি, স্কুল/কলেজের শিক্ষক/শিক্ষিকা ও ছাত্র-ছাত্রী, ব্যবসায়ী এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে নিয়ে দলীয় আলোচনা করা হয়েছে। প্রকল্প এলাকার ৮টি জেলার ৮টি উপজেলায় ১টি করে মোট ৮টি এফজিডি পরিচালনা করা হয়। এফজিডি'র আলোচ্য বিষয় সংযুক্তি-৪ এ প্রদান করা হয়েছে।

২.৬.৪ ডাক সেবা ও অবকাঠামোর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় নির্মিত নতুন মোট ১২টি ডাকঘরের অবকাঠামোর কাজ সরেজমিনে পরিদর্শন করে কাজসমূহ ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী সম্পাদিত হয়েছে কিনা, বর্তমান কার্যকারিতা (Effectiveness) এবং কাজসমূহ টেকসই (Sustainable) আছে কিনা এবং ই-সেবাসহ কেন্দ্রের আসবাবপত্র ও যন্ত্রপাতির বর্তমান অবস্থা, মজুদ অবকাঠামো পর্যবেক্ষণ চেকলিস্ট অনুসরণে প্রকল্প এলাকা হতে সরেজমিনে সংগ্রহ করা হয়েছে।

সমীক্ষার দল নেতা (টীম লিডার) এবং পুরকৌশলীর নির্দেশনা অনুযায়ী নিয়োজিত প্রশিক্ষণপ্রাপ্ত তথ্য-সংগ্রহকারীগণ চেকলিস্ট অনুযায়ী সরেজমিনে পরিদর্শন এবং নব নির্মিত ও মেরামতকৃত ডাকঘর কর্মকর্তার নিকট হতে তথ্য সংগ্রহ করেছেন। টীম লিডার ও দায়িত্বপ্রাপ্ত পুরকৌশলীগণ নিজেরাও অবকাঠামোর অবস্থা পর্যবেক্ষণ ও রেকর্ড করেন।

২.৬.৫ ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা

প্রকল্পের অধীনে ৭৫০টি নতুন ডাকঘর নির্মাণ, ৬৫০টি মেরামত/নবায়ন এবং ৭৫০টি ইউনিট আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। উক্ত ক্রয় প্রক্রিয়া সরকারি বিধিবিধান এবং পিপিআর-২০০৮ অনুসরণে করা হয়েছে কিনা তা যাচাই করার জন্য প্রকল্প পরিচালকের দপ্তর অথবা বিভাগীয় ডাকঘর হতে দৈবচয়নের ভিত্তিতে নবনির্মিত ভবনের ৯টি প্যাকেজ এবং পুরাতন ডাকঘর মেরামতের ২টি প্যাকেজের বিস্তারিত তথ্য এবং ক্রয় চুক্তি CPTU-এর ফরম্যাট অনুসরণে সংগ্রহপূর্বক পর্যালোচনা করা হয়েছে। প্রকল্পে ব্যবহারের জন্য ২টি গাড়ী ও ১৫টি মটরসাইকেল এবং আসবাবপত্র ক্রয় করা হয়েছে। উক্ত ২টি গাড়ী এবং আসবাবপত্র ক্রয়ের দরপত্র সংগ্রহ করে পর্যালোচনা করা হয়েছে। একই সাথে প্রকল্পের অধীনে মালামাল/সেবা ক্রয়ের জন্য কোনরূপ নিরীক্ষা আপত্তি আছে কিনা এবং আপত্তি নিষ্পত্তির বর্তমান অবস্থা পর্যালোচনা করা হয়েছে।

২.৬.৬ প্রভাব মূল্যায়নের জন্য সর্বমোট সংগৃহীতব্য নমুনার বিন্যাস

প্রভাব মূল্যায়নের জন্য সর্বমোট সংগৃহীতব্য নমুনার বিন্যাস নিম্নের সারণি-২.৫ এ দেয়া হলো।

সারণি-২.৫: প্রকল্প বাস্তবায়নের প্রভাব নির্ণয়ের জন্য সংগৃহীতব্য নমুনার বিন্যাস

ক্রমিক নং	নমুনার ধরন	নমুনার সংখ্যা	উত্তরদাতা ও তথ্য-সংগ্রাহক	তথ্য সংগ্রহের মাধ্যম
১	সুফলভোগীদের জরিপ	৬০০ জন সুবিধাভোগী ৩০০ জন কন্ট্রোল (মোট ৯০০ জন)	সুফলভোগী ও কন্ট্রোল গ্রুপ; তথ্যসংগ্রহকারী	প্রশ্নমালা সংযুক্তি-১ ও ২
২	প্রধান তথ্য দাতার সাক্ষাৎকার (KII)	৭৪টি	প্রকল্প পরিচালক ও ডাক বিভাগের কর্মকর্তা/কর্মচারী	সংযুক্তি-৩
৩	দলীয় আলোচনা (FGD)	৮টি	ইউপি চেয়ারম্যান ও অন্যান্য	সংযুক্তি-৪
৪	অবকাঠামোর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ	১০টি নব নির্মিত ডাকঘর	ডাকঘর কর্মকর্তা এবং প্রভাব মূল্যায়নের বিশেষজ্ঞগণ, প্রকৌশলী এবং তথ্য সংগ্রহকারী	সংযুক্তি-৫
৫	ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা	১১টি প্যাকেজ	প্রকল্প পরিচালক/ক্রয় কর্মকর্তা, প্রভাব মূল্যায়ন টিম	সংযুক্তি-৬
৬	আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়	সকল	-ঐ-	দরপত্রের দলিলাদি
সর্বমোট নমুনার সংখ্যা = ১০০৩ টি				

২.৬.৭ স্থানীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান

করোনা ভাইরাসের মহামারীতে সারা দেশে লকডাউন থাকার কারণে উক্ত কর্মশালাটি আয়োজন করা সম্ভব হয়নি।

২.৬.৮ প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা (Project Management Issue) পর্যালোচনা

প্রকল্পটি প্রণয়নের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, বৎসরভিত্তিক বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় ইত্যাদি কার্যক্রমের তথ্যাদি প্রকল্প পরিচালকদের সাথে আলোচনা এবং সংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনা করে নির্ণয় করা হয়েছে। একই সাথে প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থায়ন, পণ্য ও সেবা ক্রয়ে বিলম্ব এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় হ্রাস/বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রতিফলিত করা হয়েছে।

২.৬.৯ প্রকল্পের সবল ও দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ

প্রকল্প মূল্যায়ন কর্মপরিকল্পনায় যে সকল তথ্য উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে সে সকল তথ্য উপাত্ত সংগ্রহ এবং SWOT Matrix অনুসরণপূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল ও দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকিসমূহ সনাক্তকরণ এবং ভবিষ্যতে একই ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য যথোপযুক্ত সুপারিশ প্রদান করা হয়েছে।

২.৬.১০ তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা ও তথ্য বিশ্লেষণ

পরামর্শকদের সরাসরি তত্ত্বাবধান ও নির্দেশনা অনুসারে সকল তথ্য সংগ্রহ করা হয়েছে।

তথ্য-সংগ্রহকারীদের নিয়োগ ও প্রশিক্ষণ এবং তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ পরিবীক্ষণ: সংখ্যাগত এবং গুণগত সমীক্ষা পরিচালনার জন্য প্রণীত প্রশ্নমালা/নির্দেশনা/চেকলিস্ট স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদনের পর স্নাতক ডিগ্রী এবং তথ্য সংগ্রহে কমপক্ষে ৫ বছর অভিজ্ঞতা সম্পন্ন ৮জন তথ্য সংগ্রহকারী ও ৪ জন সুপারভাইজার নিয়োগ করে ২ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অতঃপর তাদেরকে নির্বাচিত নমুনা সংগ্রহের এলাকায় প্রেরণ করা হয় এবং তারা নির্দিষ্ট এলাকায় তথ্য-উপাত্ত সংগ্রহ করেন। টীম লিডার ও পরামর্শকবৃন্দ সমীক্ষা এলাকা পরিদর্শন করে নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবে উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন করতে সহায়তা করেন এবং সংগৃহীত উপাত্তের কাঙ্ক্ষিত মান অর্জন নিশ্চিত করেন। সারণি-২.৬-এ উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের জন্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা দেখানো হলো।

সারণি-২.৬: উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের কার্যক্রমসমূহ

১. নিয়োগ ও প্রশিক্ষণ পর্যায়	<ul style="list-style-type: none">● অভিজ্ঞ ও দক্ষ তথ্য-সংগ্রহকারী নিয়োগ প্রদান● তথ্য-সংগ্রহকারীগণকে প্রশিক্ষণ প্রদান● মাঠ পর্যায়ে অনুশীলন
২. তথ্য সংগ্রহ পর্যায়	<ul style="list-style-type: none">● সমীক্ষা টীমের উপস্থিতি মনিটর করা● সাক্ষাৎকার গ্রহণ সরাসরি পর্যবেক্ষণ● সাক্ষাৎকার চলাকালীন বা পরবর্তী যাচাইকরণ (৫% নমুনা দৈব-চয়নের মাধ্যমে পরীক্ষা করা)● ‘জানিনা’ উত্তরসমূহ (non-responsive) দৈব-চয়নের মাধ্যমে মাঠ-পর্যায়ে পরীক্ষা করা● সংগৃহীত অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ তথ্য পুনঃসংগ্রহের ব্যবস্থা করা।● তথ্য বাদ যাওয়া (missing) নিয়ন্ত্রণ করা
৩. উপাত্ত প্রক্রিয়াকরণ পর্যায়	<ul style="list-style-type: none">● অশোধিত তথ্য-উপাত্ত (raw data) পরবর্তীতে সম্পাদনা (editing) করা● উপাত্ত পরিমার্জন ও সংশোধন● কম্পিউটারে উপাত্ত প্রক্রিয়াকরণের পূর্বে ক্রস-চেকিং করা

২.৬.১১ তথ্য সম্পাদনা ও কোডিং

পূরণকৃত প্রশ্নমালা পরামর্শক কর্তৃক সম্পাদনা করে ফরমপ্রো প্রোগ্রামে ডাটা এন্ট্রি করা হয়।

তথ্য বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন

তথ্য বিশ্লেষণ এবং প্রতিবেদন তৈরির জন্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে সংগৃহীত তথ্য এসপিএসএস সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

২.৬.১২ সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা (Work Plan)

প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম চার মাসের মধ্যে সমাপ্তির লক্ষ্যে যে সময়-ভিত্তিক কর্মসূচি অনুসরণ করা হবে তা নিম্নের গ্যান্ট-চার্টের মাধ্যমে দেখানো হলো।

কার্যক্রম (Activity)	সপ্তাহভিত্তিক কর্মসূচি (বার-চার্টে)															
	জানুয়ারি-২০২০				ফেব্রুয়ারি-২০২০				মার্চ-২০২০				এপ্রিল-২০২০			
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
	১ম	২য়	৩য়	৪র্থ	১ম	২য়	৩য়	৪র্থ	১ম	২য়	৩য়	৪র্থ	১ম	২য়	৩য়	৪র্থ
১	প্রকল্পের ডকুমেন্ট সমূহ সংগ্রহ করা, প্রশ্নমালাসহ প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন এবং টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন															
২				টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রারম্ভিক প্রতিবেদন সংশোধন করতঃ স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন												
৩																
৪																
৫																
৬																
৭																
৮																
৯																
১০																
১১																
১২																
১৩																
১৪																

চিত্র-২.১: গ্যান্ট-চার্টে কর্ম-পরিকল্পনা

৩.১ প্রকল্পের অর্থ বৎসর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়

প্রকল্পের অর্থ বৎসর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি নিম্নের সারণি ৩.১ এ প্রদান করা হলো।

সারণি-৩.১: অর্থবৎসর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ		অর্থ ছাড় ও ব্যয়ের অগ্রগতি			
	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা	অর্থ অবমুক্তি	মোট ব্যয়	প্রকল্প সাহায্য	অগ্রগতি %
২০১১-২০১২	৭৭.১২	০.৫১%	১৫০.০	৭৭.১২	-	৫১.৪১%
২০১২-২০১৩	১১৩.৭৫	০.৮৪%	১২৫.০	১১৩.৭৫	-	৯১.০০%
২০১৩-২০১৪	৫৭৪.৩৮	৪.২৬%	৫০০.০	৩৮৮.৯২	-	৭৭.৭৮%
২০১৪-২০১৫	১০০০.০	৭.৪২%	৬০৫.০	৫৮২.২১	-	৯৬.২৩%
২০১৫-২০১৬	৭৬০৬.০	৫৬.৪৬%	৯৮০.০	৮৮১.৫৯	-	৮৯.৯৬%
২০১৬-২০১৭	৪১০১.০৭	৩০.৪৩%	৬৫৪৬.৮৬	৬৩৯৯.৬২	-	৯৭.৭৫%
সর্বমোট	১৩,৪৭৩.২৪	১০০.০%	৮৯০৬.৮৬	৮৪৪৩.২৩	-	৯৪.৭৯%

উপরের সারণি ৩.১ হতে দেখা যায় যে প্রকল্পটিতে সর্বমোট ৮৯০৬.৮৬ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ৮,৪৪৩.২৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থ অবমুক্তি অনুযায়ী ব্যয়ের অগ্রগতি ৯৪.৭৯%। অপরদিকে সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী সর্বমোট বাজেট বরাদ্দ ছিল ১৩,৪৭৩.১৪ লক্ষ টাকা। সংশোধিত ডিপিপি অনুযায়ী ব্যয়ের অগ্রগতি ৬২.৬৬% মাত্র।

৩.২ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি

এ প্রকল্পের প্রধান প্রধান কাজের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি নিম্নের সারণি ৩.২ প্রদান করা হলো:

সারণি ৩.২ এ প্রকল্পের প্রধান প্রধান কাজের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি

কাজের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			বাস্তব অগ্রগতি	অগ্রগতির শতকরা হার (২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী)	মন্তব্য
	মূল ডিপিপি	১ম সংশোধিত	২য় সংশোধিত			
ভূমি অধিগ্রহণ	৫০০ ইউনিট	৫৭৬ ইউনিট	৫০০ ইউনিট	০.০	০.০	ভূমি অধিগ্রহণ করা হয়নি।
নতুন ডাকঘর ভবন নির্মাণ	১০০০ টি	১০০০ টি	৭৫০ টি	৬০০ টি	৮০%	৭৫০টির স্থলে ৬০০টি নির্মাণ করা হয়েছে। অগ্রগতির হার ৮০%
ডাকঘর মেরামত	১৫০০ টি	১৫০০ টি	৬৫০ টি	১২৬৯ টি	১৯৫%	৬৫০টি ডাকঘর মেরামতের স্থলে ১২৬৯টি মেরামত করা হয়েছে। অগ্রগতির হার ১৯৫%
আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়	১৪০,০০ টি	১৪০,০০ টি	৭৫০ সেট (৬০০০টি)	১২,৩১৪ টি	২০৫%	প্রকল্পের লক্ষ্যমাত্রার চেয়ে দ্বিগুণ পরিমাণ আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে
যানবাহন ক্রয়	১৮ টি	১৮ টি	৩ টি	১৭	৫৬৭%	১৫ টি মটর সাইকেল RDPP সংস্থানের অতিরিক্ত ক্রয় করা হয়েছে।

৩.৩ প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি (আর্থিক ও বাস্তব)

প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি পিসিআর অনুসারে নিম্নের সারণি ৩.৩ এবং লেখচিত্র-৩.১ এ দেয়া হলো:


সারণি ৩.৩ প্রকল্পের অঙ্গভিত্তিক (আর্থিক ও বাস্তব) লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা *		প্রকৃত অর্জন **		অগ্রগতি (%)	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) রাজস্ব খাত:							
কর্মকর্তাদের বেতন (৪৫০১)	সংখ্যা	২৩০.০	২৩	১১২.৫৮	২৩	৭৬.৯৫	১০০
কর্মচারীদের বেতন (৪৬০১)	সংখ্যা	২০.০০	০৩	১৯.৫৮	০৩	৭৮.৮২	১০০
অতিরিক্ত কাজের ভাতা (৪৭০০)	সংখ্যা	৫.০	০২		০২		১০০
ভ্রমণ ভাতা (৪৮০১)	থোক	৯০.০	থোক	৩৮.৮৫	থোক	৩৯.৮৩	-
সম্মানী ভাতা (৪৮৮৩)	থোক	৬০.০	থোক	১৩.৬৯	থোক	২২.৮২	-
জ্বালানী (৪৮২২)	থোক	৫০.০	থোক	১৭.৪৯	থোক	৩৪.৯৮	-
যানবাহন ব্যবস্থাপনা	-	১৫.০	০৩	৪.২৮	০৩	২৮.৫৩	১০০
রেজিস্ট্রেশন (৪৮১৮)	থোক	৫.০	থোক	৮.০০	থোক	১৬০.০	-
স্টেশনারী (৪৮২৮)	থোক	২০.০	থোক	১২.০০	থোক	৬০.০	-
অন্যান্য (৪৮৯৯)	থোক	২৫.০	থোক	৮.০০	থোক	৩২.০	-
বিজ্ঞাপন (৪৮৩৩)	থোক	২৫.০	থোক	১৭.৬২	থোক	৭০.৪৮	-
উপ-মোট (ক) =		৫৫০.০		২৫২.০৯		৪৫.৮৩	
(খ) মূলধন খাত:							
ভূমি সংগ্রহ (৬৯০১)	সংখ্যা	২৫০০.০	৫০০	-	-		
নির্মাণ (৭০০৬)	সংখ্যা	৭৭৮২.৫৭	৭৫০	৭২৬৮.৮২	৬০০	৮৬.২০	৮০.০
মেরামত (৪৯০১)	সংখ্যা	৬৫০.০	৬৫০		১২৬৯		১৯৫.২৩
আসবাবপত্র (৬৮২১)/	সংখ্যা	৫৭৭.৫০	৬৮২১	৬৯৬.৬১	১২৩১৪	১২০.৬২	১৮০.৫৩
যন্ত্রপাতি	সংখ্যা	১৫০.০	১০০০	১৫০.০	১০০০	১০০	১০০০
মোটরযান (৬৮০৭)	সংখ্যা	১৫০.০	৩	৭৫.৭১	১৭	৫০.৪৭	৫৬৬.০
মূল্য কন্টিনজেন্সি (Price contingency)	থোক	৫৭৭.৫০	১৩৩.০	-	-	-	-
উপ-মোট (খ) =		১২৬৩৭.৫৭		৮১৯১.১৪		৬৪.৮১	
সর্ব-মোট (ক+খ) =		১৩,১৮৭.৫৭	-	৮৪৪৩.২৩		৬২.৬৬	

* লক্ষ্যমাত্রা ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রদান করা হয়েছে।

** প্রকৃত অর্জন পিসিআর অনুসরণে প্রদান করা হয়েছে।



লেখচিত্র-৩.১: রাজস্ব খাত ও মূলধন খাতের লক্ষ্যমাত্রা এবং ব্যয়ের অগ্রগতি

উপরের সারণি ও চিত্র হতে দেখা যায় যে প্রকল্পের মোট বাজেটের মাত্র ৬২.৬৬% অর্থ ব্যয় হয়েছে। রাজস্ব খাতে ব্যয়ের অগ্রগতি ৪৫.৮৩ এবং মূলধন খাতে ব্যয়ের অগ্রগতি ৬৪.৮১। প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয়ের অগ্রগতি সন্তোষজনক নয় বলে বিবেচনা করা যেতে পারে।

৩.৪ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা

বিভিন্ন কার্য ও ক্রয়ের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হলোঃ-

৩.৪.১ বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন

প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনার জন্য প্রকল্প পরিচালকের দপ্তরে আলোচনা করে জানা যায় যে, বিভিন্ন অর্থ বছরের শুরুতে বার্ষিক ক্রয় কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে প্রয়োজনীয় ক্ষেত্রে ডাক বিভাগের মহাপরিচালকের অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হয়েছে। বছর ভিত্তিক ক্রয় পরিকল্পনা নির্ধারিত ফরম্যাট অনুসরণে বিস্তারিতভাবে প্রণয়ন করা হয়েছে এবং ফরম্যাটে মালামালের সংখ্যা, ক্রয় পদ্ধতি, প্রাক্কলিত মূল্য, দরপত্র আহ্বান, দরপত্র খোলা, মূল্যায়ন, অনুমোদনের সম্ভাব্য তারিখ এবং মোট সময় ও কাজ সম্পাদনের তারিখ উল্লেখ করা হয়েছে।

৩.৪.২ প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহ পর্যালোচনা

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্পের সার্বিক ক্রয়-কার্যক্রমের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি (বাস্তব ও আর্থিক) নিম্নের সারণি ৩.৪ এ প্রদান করা হলো।

সারণি-৩.৪: প্রকল্পের অধীনে নতুন ডাকঘর নির্মাণ ও মেরামত লক্ষ্যমাত্রা এবং মালামাল ক্রয়ের সার্বিক (বাস্তব এবং আর্থিক) অগ্রগতি

কাজ/ মালামালের নাম	সর্বশেষ ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনা ও ব্যয়		পিসিআর অনুযায়ী অগ্রগতি ও ব্যয়		অগ্রগতির হার (%)	
	সংখ্যা	ব্যয় টাকা (লক্ষ)	সংখ্যা	টাকা (লক্ষ)	বাস্তব (%)	টাকা (%)
১। নতুন ডাকঘর নির্মাণ	৭৫০ টি	৭৭৮২.৫৭	৬০০	৭২৬৮.৮২	৮০.০০	৯৩.৪০
২। পুরাতন ডাকঘর মেরামত	৬৫০টি	১৬৪৮.০০	১২৬৯	**	১৩৩.৩	**
৩। আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়	৭৫০ সেট (৬০০০)টি	৫৭৭.৫০	১৩,৩১৪	৮৪৫.৬১	১৯৫%	১৪৬.৪৩
৪। যানবাহন ক্রয়	৩টি	১৫০.০০	১৭	৭৫.৭১ *	৫৬৬.৭	৫০.৫
৫। ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন ইত্যাদি	৫০০ ইউনিট	২৫০০.০০	০.০	০.০	০.০	০.০
সর্বমোট =		১২,৬৫৮.১১		৮১৯০.১৪		৬৩৭০

সর্বশেষ ২য় সংশোধিত ডিপিপিতে ৩টি যানবাহন (একটি টি জীপ, একটি পিকআপ এবং একটি মাইক্রোবাস) ক্রয়ের সংস্থান রাখা হলেও ১৭টি যানবাহন (দুইটি গাড়ী ও ১৫টি মটর সাইকেল) ক্রয় করা হয়েছে। সর্বমোট ৭৫০ সেট (৬০০০টি) আসবাবপত্র ক্রয়ের জন্য ৫৭৭.৫০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান রাখা হলেও ৮৪৫.৬১ লক্ষ টাকা ব্যয়ে ১২,৩১৪টি আসবাবপত্র করা হয়েছে। ৭৫০টি নতুন ডাকঘর নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হলেও ৬০০টি

ডাকঘর নির্মাণ করা সম্ভব হয়েছে। নতুন ডাকঘর নির্মাণের অগ্রগতি মাত্র ৮০%। ৬৫০টি ডাকঘর মেরামত/নবায়নের পরিকল্পনা থাকলেও প্রায় দ্বিগুণ সংখ্যক (১২৬৯টি) ডাকঘর মেরামত করা হয়েছে। ক্রয় কার্যক্রম প্রক্রিয়া যথাযথভাবে ২য় সংশোধিত ডিপিপি অনুসরণে করা হয়নি। দ্বিতীয় সংশোধিত ডিপিপিতে প্রয়োজনীয় জ্বালানী ব্যয়ের সংস্থান না থাকার কারণে মটর সাইকেল ক্রয় বাদ দেয়া হলেও ১৫টি মটর সাইকেল ক্রয় করা হয়েছে। দ্বিতীয় সংশোধিত ডিপিপি'তে ৫০০ ইউনিট ভূমি অধিগ্রহণের জন্য ২৫০.০ লক্ষ সংস্থান রাখা হলেও পিসিআর অনুসরণে দেখা যায় ভূমি অধিগ্রহণ বাবদ কোন ব্যয় হয়নি। প্রকল্পটিতে সেবা ক্রয়ের সংস্থান ছিল না।

সর্বশেষ সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা অতিক্রম করে অতিরিক্ত দ্রব্যাদি ক্রয়ের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা হয়েছে কিনা এ বিষয়ে সর্বশেষ প্রকল্প পরিচালক মৌখিকভাবে জানিয়েছেন যে এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

৩.৪.৩ নতুন ডাকঘর নির্মাণ ক্রয় কার্যক্রম পর্যালোচনা

নতুন ৫৬০ টি ডাকঘর ভবন নির্মাণ কাজ মোট ৯টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। নতুন ডাকঘর ভবন নির্মাণ কাজের ক্রয় কার্যক্রমের বিস্তারিত তথ্য নিম্নের সারণি ৩.৫ এ প্রদান করা হলো।

সারণি ৩.৫ প্রকল্পের নতুন ডাকঘর ভবন নির্মাণের ক্রয় কার্যক্রম

কাজের নাম	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		% নিম্ন / উপরে	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কার্য সম্পাদনের তারিখ
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য				
১. ২৩টি ডাকঘর ভবন নির্মাণের পুনঃদরপত্র আহবান	২০১.০০	২০১.০০	আরডিপিপি মূল্য	১২/১০/২০১৩	২৪/০৩/২০১৪ খ্রিঃ	অনুমোদিত সময়ের মধ্যে
২. খুলনা সার্কেলের ২৮টি ডাকঘর ভবন নির্মাণের দরপত্র	২৪৩.০০	২৩৭.০০	২.৫% নিম্ন মূল্য	২৮/১১/২০১৩	১৫/০৪/২০১৪ থেকে ২০/০৪/২০১৪	অনুমোদিত সময়ের মধ্যে
৩. ৩২টি ডাকঘর ভবন নির্মাণের জন্য পুনঃ দরপত্র	২৭৮.০০	২৭৬.০০	০.৭২% নিম্ন মূল্য	১১/০৪/২০১৪	২৭/০৮/২০১৪, এবং ৩১/০৮/২০১৪	অনুমোদিত সময়ের মধ্যে
৪. কেন্দ্রীয় সার্কেল, ঢাকা এবং চট্টগ্রাম সার্কেলের ৩৩টি ডাকঘর ভবন নির্মাণের জন্য দরপত্র	২৭৮.০০	২৬৯.০০	৩.২% নিম্ন মূল্য	২৬/১০/২০১৫ খ্রিঃ	২৯/০২/২০১৬ খ্রিঃ	-ঐ-
৫. খুলনা সার্কেলের ২৯টি ডাকঘর ভবন নির্মাণের দরপত্র	২৫২.০০	২৩০.০০	৮.৭% নিম্ন মূল্য	২৬/১০/২০১৫ খ্রিঃ	২৯/০২/২০১৬ খ্রিঃ	-ঐ-
৬. রাজশাহী সার্কেলের ৩৯টি ডাকঘর ভবন নির্মাণের দরপত্র	৩৩৯.০০	৩২৫.০০	৪.৩% নিম্ন মূল্য	২৬/১০/২০১৫ খ্রিঃ	২৯/০২/২০১৬ খ্রিঃ	-ঐ-
৭. কেন্দ্রীয় সার্কেল, ঢাকার ৮০টি ডাকঘর ভবন নির্মাণের দরপত্র	৬৯৬.০০	৬৬০.০০	৫.২% নিম্ন মূল্য	২৬/০১/২০১৬ খ্রিঃ	০৪/০৮/২০১৬ খ্রিঃ	-ঐ-
৮. ১৮৮টি ডাকঘর ভবন নির্মাণের ই-টেন্ডার	১৬৩৬.০০	১৫২৯.০০	৬.৫৪% নিম্ন মূল্য	২৮/১১/২০১৬ খ্রিঃ	২৯/০১/২০১৭ - ১৯/০৪/২০১৭	-ঐ-
৯. ১০৯টি ডাকঘর ভবন নির্মাণের ই-টেন্ডার	৯৪৭.০০	৮৫৫.০০	৯.৭১% নিম্ন মূল্য	১২/০১/২০১৭ খ্রিঃ	২৯/০৩/২০১৭- ২৬/০৪/২০১৭	-ঐ-

উপরোক্ত নতুন ডাকঘর নির্মাণ কাজের ক্রয় কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় দরপত্র বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকা এবং ডাক বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। নতুন ডাকঘর ভবন প্রাক্কলিত মূল্যের ০.৭২% হতে ৯.৭১% নিম্ন মূল্যে নির্মাণ করা হয়েছে। ডিপিপি অনুযায়ী নতুন ডাকঘর নির্মাণ কাজের লক্ষ্যমাত্রা জুলাই ১৫ হতে জুন ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল (সারণি-১.৫)। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী নতুন ডাকঘর নির্মাণ করা হলেও প্রকল্পের সার্বিক লক্ষ্যমাত্রা ৭৫০টি ডাকঘর নির্মাণ করা সম্ভব হয়নি। নতুন ডাকঘর নির্মাণ কাজ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, ক্রয় কার্যক্রম পিপিআর ২০০৮ এবং সরকারি ক্রয় বিধি ২০০৬ অনুসরণ করা হয়েছে। নতুন ডাকঘর নির্মাণ কাজের লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার প্রধান কারণসমূহ নিম্নরূপ:

- জমি সংক্রান্ত জটিলতার কারণে স্থান পরিবর্তন;
- একাধিক জায়গা প্রদান;
- গ্রাম্য গুপিং এর ফলে স্থান নির্ধারণে জটিলতা;
- ভবন নির্মাণের অনুপযুক্ত জায়গা প্রদান;
- আদালতে মামলা চলমান থাকা; এবং
- উপযুক্ত জায়গা না পাওয়া।

৩. ৪.৪ নবনির্মিত ডাকঘরসমূহ সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য ও ফলাফল

অবকাঠামোগত বর্তমান অবস্থা

সমীক্ষা কাজের জন্য নির্বাচিত ৪৮টি ডাকঘরের মধ্যে ১২টি (২৫%) ডাকঘরের অবকাঠামোগত বর্তমান অবস্থা চেকলিস্ট (সংযুক্তি-৫) অনুযায়ী সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়। পর্যবেক্ষণে ডাকঘরসমূহে অনেক ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে। পর্যবেক্ষণে দেখা যায় ১০টি বা ৮৩% ভবন নির্মাণ কাজের মালামালের গুণগত মান পরীক্ষা করা হয়েছে। বাকি ২টি ডাকঘর সম্পর্কে তথ্য জানা যায়নি। বর্তমানে ২টি ডাকঘরের ফ্লোরে ফাটল ও অসমতল, ৩টি ডাকঘরের দেয়ালে ফাটল রয়েছে, ২টি ডাকঘরের রঙের অবস্থা ভাল না ও বীমে ফাটল সৃষ্টি হয়েছে। নবনির্মিত ৩টি ডাকঘরের স্যানিটারী ফিটিংস (কমোড, বেসিন) ও ইলেকট্রিক্যাল (ফ্যান, সুইচ) মেরামত করা প্রয়োজন এবং বাথরুম অপরিষ্কৃত। পর্যবেক্ষণের বিস্তারিত বিবরণ নিম্নের সারণি ৩.৬ এ প্রদান করা হলো।



চিত্র-৩.১ মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলায় বৈকুণ্ঠপুর ডাকঘরের ফ্লোরের বর্তমান অবস্থা

সারণি-৩.৬: অবকাঠামোগত অবস্থা পর্যবেক্ষণে প্রাপ্ত তথ্য

ক্রমিক নং	যাচাইতব্য আইটেমের নাম	বর্তমান অবস্থা	সংখ্যা	শতকরা (%)
১	ভবনটির কাঠামো প্ল্যান/ড্রয়িং অনুযায়ী আছে কিনা?	হ্যাঁ	১২	১০০
		না	০	০
২	নির্মাণের কাজে ব্যবহৃত মালামালের গুণগত মান পরীক্ষা করা হয়েছে কিনা?	হ্যাঁ	১০	৮৩
		না	০	০
		জানা যায়নি	২	১৭
৩	ভবনের ফ্লোরের অবস্থা	কাঁচা	-	-
		পাকা (সিসি)	১	৮
		টাইলস	১১	৯২
৪	ভবনের ফ্লোরে ফাটল	হ্যাঁ	২	১৭
		না	১০	৮৩
৫	ফ্লোর অসমতল বা উঁচুনিচু	হ্যাঁ	২	১৭
		না	১০	৮৩
৬	ভবনের দেওয়ালে ফাটল	হ্যাঁ	৩	২৫
		না	৯	৭৫
৭	ভবনের প্লাস্টার কাজ ঠিক আছে কিনা?	হ্যাঁ	১০	৮৩
		না	২	১৭
৮	ভবনের রঙের কাজ ঠিক আছে কিনা?	হ্যাঁ	১০	৮৩
		না	২	১৭
৯	বীমে কোনরূপ ফাটল আছে কিনা?	হ্যাঁ	২	১৭
		না	১০	৮৩
১০	কলামে কোনরূপ ফাটল আছে কিনা?	হ্যাঁ	১	৮
		না	১১	৯২
১১	নির্মাণ কাজের দৃশ্যত মান?	উত্তম	-	-
		ভাল	১০	৮৩
		খারাপ	২	১৭
১২	দরজা জানালার বর্তমান অবস্থা?	ভাল	২	১৭
		মোটামুটি ভাল	৮	৬৭
		খারাপ	২	১৬
		মেরামত প্রয়োজন	২	১৬
১৩	স্যানিটারী ফিটিংস এর (কমোড, বেসিন, প্যান, ট্যাব) বর্তমান অবস্থা:	ভাল	২	১৭
		মোটামুটি ভাল	৪	৩৩
		খারাপ	৩	২৫
		মেরামত প্রয়োজন	৩	২৫
১৪	ইলেকট্রিক্যাল (ফ্যান, সুইচ, ওয়ারিং) কাজের বর্তমান অবস্থা:	ভাল	৪	৩৩
		মোটামুটি ভাল	৪	৩৩
		খারাপ	১	৯
		মেরামত প্রয়োজন	৩	২৫
	প্রবল বৃষ্টি/বন্যা হলে ফ্লোরে পানি প্রবেশ করে কিনা?	হ্যাঁ	২	১৭
		না	১০	৮৩
	প্রবল বৃষ্টি/বন্যা হলে সামনের রাস্তা/প্রবেশ পথ ডুবে যায় কিনা?	হ্যাঁ	৫	৪২
		না	৭	৫৮
	ডাকঘরের পরিষ্কার/পরিচ্ছন্নতা কেমন?	ভাল	৯	৭৫
		নোংরা	৩	২৫

নতুন ডাকঘর ভবন নির্মাণের ত্রুটি-বিচ্যুতির প্রধান কারণ হিসেবে কন্সট্রাক্টরের অবহেলা অধিক মুনামা অর্জন, কাজ তদারকিতে দুর্বলতা ইত্যাদি উল্লেখ করা যেতে পারে। এ ছাড়া নতুন মাটি ভরাট করে ভবন নির্মাণের ফলে মাটি

বসে গিয়ে ভবনের ফ্লোরে ফাটল, বীমে ফাটল ধরেছে বলে অনুমান করা যায়। নির্মাণ কাজের ত্রুটি-বিচ্যুতির জন্য প্রধানত কন্সট্রাক্টর, কাজ তদারকিতে নিয়োজিত কর্মকর্তা/প্রকৌশলীদের দায়ী করা যেতে পারে।

৩.৪.৫ পুরাতন ডাকঘর মেরামত ও নবায়ন কাজের ক্রয় কার্যক্রম পর্যালোচনা

পুরাতন ডাকঘর মেরামত/ নবায়ন কাজ ১৮১টি প্যাকেজের মাধ্যমে ডাকবিভাগের ৪টি সার্কেলে সম্পন্ন করা হয়েছে। পুরাতন ডাকঘর মেরামত/ নবায়ন কাজ পর্যালোচনার জন্য ২ টি প্যাকেজের বিস্তারিত তথ্য নিম্নের সারণি ৩.৭ এ প্রদান করা হলো। উক্ত দুইটি প্যাকেজে মোট ১২টি ডাকঘর মেরামত করা হয়েছে।

সারণি-৩.৭: পুরাতন ডাকঘর মেরামত কার্যক্রমের তথ্য

১	দরপত্র প্রক্রিয়ার তথ্য	দরপত্র অনুযায়ী কাজের নাম, প্যাকেজ নং ও সংখ্যা	দরপত্র অনুযায়ী কাজের নাম, প্যাকেজ নং ও সংখ্যা
		ময়মনসিংহ জেলার শিবগঞ্জ, বীরকামাচখালী, চারিপাড়া, রসুলপুর, কাঁঠালিটিঙ্গা গ্রামীণ ডাকঘর মেরামত কাজ (W-1); মোট ৫টি ডাকঘর	ময়মনসিংহ জেলার নামামাহমুদপুর, চরমহলন্দ, আনছার নগর, দিঘা, আঠারদানা, লংগাইর, এবং বহলী গ্রামীণ ডাকঘর মেরামত ও সংস্কার কাজ (W-2) মোট ৭টি ডাকঘর
২	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক)	জাতীয় দৈনিক কালের কন্ঠ	জাতীয় দৈনিক কালের কন্ঠ
৩	দরপত্র বিক্রয় শুরুর তারিখ	২০/০১/২০১৬	২০/০১/২০১৬
৪	বিক্রয়ের শেষ তারিখ	১১/০২/২০১৬	১১/০২/২০১৬
৫	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	১৪/০২/২০১৬, বেলা ১২.০০ টা পর্যন্ত	১৪/০২/২০১৬, বেলা ১২.০০ টা পর্যন্ত
৬	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	০৭ টি	০৮ টি
৭	দরপত্র খোলার তারিখ ও সময়	১৪/০২/২০১৬, বেলা ১২.৩০ মি: পর্যন্ত	১৪/০২/২০১৬, বেলা ১২.৩০ মি: পর্যন্ত
৮	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০২ টি	০৪ টি
৯	নন রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০৫ টি	০৪ টি
১০	সি এস তৈরির তারিখ	১৮/০৪/২০১৬	১৮/০৪/২০১৬
১১	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	১৮/০৪/২০১৬, ১৯/০৪/২০১৬ এবং ২০/০৪/২০১৬	১৮/০৪/২০১৬, ১৯/০৪/২০১৬, ২০/০৪/২০১৬
১২	দরপত্র অনুমোদনের তারিখ	১৮/০৪/২০১৬	১৮/০৪/২০১৬
১৩	Notification of Award প্রদানের তারিখ	০৩/০৫/২০১৬	০৩/০৫/২০১৬
১৪	প্রাক্কলিত মূল্য	৮.০৬ লক্ষ টাকা	১১.২৮ লক্ষ টাকা
১৫	মোট চুক্তি মূল্য	৮.৮৬ লক্ষ টাকা	১০.১৩ লক্ষ টাকা
১৬	প্রাক্কলিত মূল্যের ঝাঁ/নিম্ন (%)	১০.৩০% উর্ধ্ব দর ৯.৯৩	১০.২০% নিম্ন দর
১৭	চুক্তি স্বাক্ষরের তারিখ	১৮/০৫/২০১৬	১৮/০৫/২০১৬
১৮	কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ	১৮/০৭/২০১৬	১৮/০৭/২০১৬
১৯	কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	১৬/০৯/২০১৬	১৬/০৯/২০১৬
২০	সময় বৃদ্ধি করে থাকলে, কতদিনের এবং কি কারণে	যৌক্তিক আবেদনের কারণে ১৪ দিন বৃদ্ধি করা হয় (৩০/৯/২০১৬)।	যৌক্তিক আবেদনের কারণে ১৪ দিন বৃদ্ধি করা হয় (৩০/৯/২০১৬)।
২১	চূড়ান্ত বিল জমাদানের তারিখ	২০/০৬/২০১৭ খ্রিঃ	২০/০৬/২০১৭ খ্রিঃ
২২	চূড়ান্ত বিল পরিশোধের তারিখ	২২/০৬/২০১৭	২২/০৬/২০১৭
২৩	চূড়ান্ত বিল পরিশোধের পরিমাণ	৮,৮৪,৮৯২/- টাকা	১০,১৩,২৭৮.৪৯
২৪	দরপত্রে উল্লেখিত মূল্য অপেক্ষা অধিক ব্যয় হয়েছে কিনা ?	অধিক ব্যয় হয়নি	অধিক ব্যয় হয়নি

উপরোক্ত দুইটি প্যাকেজে (W-1 এবং W-2) মেরামত/নবায়নের ক্রয় কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় প্রকল্প কর্তৃপক্ষ দরপত্র বিক্রয়ের তারিখ হতে দরপত্র জমাদানের জন্য ২০ দিন সময় প্রদান করেছিলেন। দরপত্র বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকা এবং ডাক বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছিল। W-1 প্যাকেজের মেরামত কাজ প্রাক্কলিত মূল্যের চেয়ে ১০.৩০% উর্ধ্ব মূল্য এবং W-2 প্যাকেজের মেরামত কাজ প্রাক্কলিত মূল্যের চেয়ে ১০.২০% নিম্ন মূল্য করা হয়েছে। মেরামত কাজ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, কাজ সম্পাদনে পিপিআর ২০০৮ এবং সরকারি ক্রয় বিধি ২০০৬ অনুসরণ করা হয়েছে।

৩.৪.৬ যানবাহন ক্রয় কার্যক্রম পর্যালোচনা

তথ্য প্রযুক্তি নির্ভর ডাকঘর নির্মাণে প্রকল্পের ২য় সংশোধিত প্রকল্প প্রস্তাবনায় তিনটি যানবাহন ১৫০.০ লক্ষ টাকা ব্যয়ে ক্রয়ের সংস্থান ছিল। কিন্তু প্রকল্প প্রস্তাবনায় এ সংস্করণে কি ধরনের যানবাহন ক্রয় করা হবে তা বিস্তারিত উল্লেখ ছিল না। তবে মূল প্রকল্প প্রস্তাবনা এবং ১ম সংশোধিত প্রস্তাবনায় মোট ১৮টি যানবাহন, একটি জীপ (৪৫.০০ লক্ষ টাকা), একটি ডাবল কেবিন পিকআপ (৪০.০০ লক্ষ টাকা), একটি মাইক্রোবাস (৩৫.০০ লক্ষ টাকা) এবং ১৫টি মটরসাইকেল (১৮.০০ লক্ষ টাকা) সর্বমোট ১৩৮.০০ লক্ষ টাকা ব্যয়ে ক্রয়ের সংস্থান রাখা হয়েছিল।

প্রকল্প পরিচালক কর্তৃক দাখিলকৃত প্রকল্প সমাপনি প্রতিবেদনে (PCR) পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের অধীনে ২১-০৬-২০১২ তারিখে ১টি ডাবল কেবিন পিকআপ, একটি মাইক্রোবাস এবং ১৫টি মটরসাইকেলসহ সর্বমোট ৭৫.৭১ লক্ষ টাকা ব্যয়ে ক্রয় করা হয়েছে। মোটর সাইকেলসমূহ ক্রয় করা হয় ১৯-০৬-২০১৭ তারিখে।

ডাবল কেবিন পিকআপ ও মাইক্রোবাস ক্রয়: বাংলাদেশে সরকারি গাড়ী সরবরাহের জন্য প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ একমাত্র তালিকাভুক্ত প্রতিষ্ঠান হওয়ায় প্রকল্প কর্তৃপক্ষ DPP-তে নির্ধারিত মূল্যে (৪০ লক্ষ এবং ৩৫ লক্ষ) সরবরাহ করতে পারবে কিনা জানতে চেয়ে গাড়ীর Specification প্রেরণের জন্য ২৬-৪-২০১২ তারিখে উক্ত প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করে। কিন্তু প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ গাড়ী সরবরাহের জন্য যে মূল্য উল্লেখ করে তা ডিপিপি মূল্য অপেক্ষা অনেক বেশি হওয়ায় প্রকল্প কর্তৃপক্ষ OTM পদ্ধতিতে (Open Tender Method) গাড়ী ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে। অতঃপর ডাক বিভাগের নির্বাহী প্রকৌশলীর তত্ত্বাবধানে উক্ত দুইটি গাড়ীর specification প্রস্তুতপূর্বক ০৭/০৫/২০১২ তারিখে দৈনিক “নিউ ন্যাশন” (The New Nation) এবং দৈনিক “কালের কণ্ঠ” পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করে। দরপত্র দাখিলের শেষ সময় নির্ধারণ করা হয় ২২-০৫-২০১২ তারিখ।

প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করার ফলে মাইক্রোবাস (Group-1) এবং পিকআপের (Group-২) জন্য ৩টি করে সিডিউল বিক্রয় হয়। অতঃপর দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) ২৩-০৫/২০১২ তারিখে দরপত্র উন্মুক্ত করে মাইক্রোবাসের জন্য ১টি এবং পিকআপের জন্য ২টি বৈধ দরপত্র পায়। এপ্রেক্ষাপটে ২৭-৫-২০১২ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির (TEC) সভায় মাইক্রোবাসের জন্য একমাত্র দরদাতা র্যাংগস লিমিটেড, ঢাকা এর প্রস্তাবিত দর ৩৪,৯০,০০০ টাকা এবং ডাবল কেবিন পিকআপের জন্য নিম্নদর দাতা র্যাংগস লিমিটেডকে ৪০,০০,০০০ টাকা মূল্য কার্যাদেশ প্রদানের সুপারিশ করে। উক্ত সুপারিশের ভিত্তিতে ০৪/০৬/২০১২ তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কার্যাদেশ (Notification of Award) প্রদান করা হলে প্রতিষ্ঠানটি নিরাপত্তা জামানত প্রদান করে ১২/০৬/২০১২ তারিখে প্রকল্প পরিচালকের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করে।

র্যাংগস লিঃ গাড়ী দুইটি আমদানি করে Invoice ও অন্যান্য কাগজ পত্রসহ ২৬-০৬-২০১২ তারিখে মাইক্রোবাস বাবদ ৩৪,৯০,০০০ টাকা এবং ডাবল কেবিন পিকআপ বাবদ ৪০,০০,০০০ টাকা বিল দাখিল করে। এ পর্যায়ে

প্রকল্প পরিচালক মোটরযান গ্রহণ কমিটি গঠন করে। কমিটি পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রতিবেদন প্রদান করলে গাড়ী দু'টি গ্রহণ করা হয়। দাখিলকৃত বিল হতে নিয়ম অনুযায়ী ভ্যাট, ট্যাক্স এবং আয়কর কর্তন করে ৩৪,১৯,৩৮১ টাকা এবং ৩৯,২৩,২৩২ টাকার বিল পরিশোধ করা হয়। গাড়ি দুইটি ক্রয়ের জন্য সর্বমোট ব্যয় হয়েছে ৭৪.৯০ (৩৪.৯০+৪০.০) লক্ষ টাকা। যানবাহন ক্রয়ের জন্য ২য় সংশোধিত ডিপিপিতে ১৫০.০ লক্ষ টাকার সংস্থান ছিল। গাড়ি ক্রয়ের পর এখাতে উদ্ধৃত ছিল ৭৫.১ লক্ষ টাকা। ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করে প্রতীয়মান হচ্ছে যে গাড়ী দু'টি ক্রয়ে সরকারি বিধিমালা অনুসরণ করা হয়েছে।

দ্বিতীয় সংশোধিত ডিপিপিতে তিনটি যানবাহন ক্রয়ের জন্য ১৫০.০ লক্ষ টাকার সংস্থান রাখা হলেও কি কি বা কোন ধরনের যানবাহন ক্রয় করা হবে এ বিষয়ে বিস্তারিত উল্লেখ করা হয়নি। যানবাহন ক্রয় প্রক্রিয়া পর্যালোচনায় দেখা যায় প্রকল্পের অধীনে দুইটি গাড়ী একটি পিকআপ ও একটি মাইক্রোবাস মোট ৭৪.৯০ লক্ষ টাকা ব্যয়ে ক্রয় করা হয়েছে। কিন্তু পিসিআরে মোট ১৭টি যানবাহন ক্রয়ের জন্য ৭৫.৭১ লক্ষ ব্যয় দেখানো হয়েছে যা অসামঞ্জস্যপূর্ণ। কারণ মাত্র ০.৮১ টাকা ব্যয়ে ১৫টি মটর সাইকেল ক্রয় করা সম্ভব নয়।

৩.৪.৭ আসবাবপত্র ক্রয় কার্যক্রম পর্যালোচনা

দ্বিতীয় সংশোধিত ডিপিপি'তে ৭৫০ সেট আসবাবপত্র ক্রয়ের জন্য মোট ৫৭৭.৫০ লক্ষ টাকা ব্যয়ে (ইডিটিএ টেবিল, ডেলিভারি টেবিল, দুই ধরনের কাঠের চেয়ার মোট ৩টি) ক্রয়ের সংস্থান ছিল। নোটিশ বোর্ড বাদে উক্ত দ্রব্যাদি প্রতিটি আইটেম ১০০০ সংখ্যক এবং ৩০০০ কাঠের চেয়ার মোট ৫৯০.০ লক্ষ টাকা ব্যয়ে বাংলাদেশ মেশিন টুল ফ্যাক্টরি লিঃ হতে সরাসরি ক্রয় প্রক্রিয়া (DPM) অনুসরণ করে ক্রয় করা হয়েছে।

উপরোক্ত আসবাবপত্র ব্যতীত পৃথক পত্রের মাধ্যমে ২০০০টি ৫৬ ইঞ্চি ন্যাশনাল ব্রান্ডের ফ্যান প্রতিটি ৩,০০০ টাকা দরে মোট ৬০.০ লক্ষ টাকা এবং ১০০০টি ওজন মাপার যন্ত্র ভ্যাট, ট্যাক্সসহ প্রতিটি ১৫,০০০ টাকা দরে মোট ১৫০.০ লক্ষ টাকা ব্যয়ে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি হতে ক্রয় করা হয়েছে। ফ্যান এবং ওজন মাপার যন্ত্র ক্রয় বাবদ খরচ হয়েছে ২১০.০ লক্ষ টাকা। এ পর্যায়ে আসবাবপত্র ও যন্ত্রপাতি খাতে মোট ব্যয় হয়েছে (৫৯০.০+২১০.০ লক্ষ) ৮০০.০ লক্ষ টাকায় যা ডিপিপি'র লক্ষ্যমাত্রার চেয়ে অতিরিক্ত ২১০.০ লক্ষ টাকা (বা ৩৬.৩৭%)। এখানে উল্লেখ্য যে, প্রকল্প পরিচালক কর্তৃক দাখিলকৃত প্রকল্প সমাপনি প্রতিবেদনে আসবাবপত্র এবং যন্ত্রপাতি ক্রয় খাতে সর্বমোট ব্যয় ৮৪৬.৬১ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে। যা মোট খরচের চেয়ে অতিরিক্ত ৪৬.৬১ লক্ষ টাকা।

নতুন ডাকঘর নির্মাণ প্রকল্পের প্রাক্কলনে প্রতিটি ডাকঘরের জন্য দুইটি করে সিলিং ফ্যান সরবরাহের সংস্থান ছিল। এ পর্যায়ে অতিরিক্ত ২০০০টি সিলিং ফ্যান ক্রয় সমর্থনযোগ্য নয়। ডিপিপি'র লক্ষ্যমাত্রার চেয়ে অতিরিক্ত সংখ্যক আসবাবপত্র ক্রয় এবং ৩৬.৩৭% অর্থ ব্যয় আর্থিক বিধিবিধানের পরিপন্থি। প্রকল্পটি বাস্তবায়ন শুরু হয়েছে ২০১১-১২ আর্থিক সালে। কিন্তু আসবাবপত্র ক্রয় করা হয়েছে এপ্রিল-জুন ২০১৭ সালে অর্থাৎ প্রকল্প সমাপ্তির শেষ মাসে এবং ডাক বিভাগের বিভিন্ন সার্কেলে বিতরণ করা হয়েছে আগস্ট ২০১৭ সালে। যে সকল ডাকঘর প্রকল্পের প্রথম পর্যায়ে নির্মিত হয়েছে সেগুলো আসবাবপত্র ছাড়া কিভাবে কাজ করেছে এবং নতুন ডাকঘরের অতিরিক্ত ৩৬০ সেট আসবাবপত্র কিভাবে কোথায় ব্যবহার করা হচ্ছে সে বিষয়ে পরিষ্কার ধারণা পাওয়া যায়নি। টেবিল আসবাবপত্র ও যন্ত্রপাতির গুণগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

৩.৪.৮ মটর সাইকেল ক্রয়

প্রকল্পের অধীনে ১৫টি মটর সাইকেল এটলাস বাংলাদেশ লি: এর নিকট থেকে এক্স ফ্যাক্টরি দর, প্রতিটি টাকা ১২০,০০০ দরে মোট টাকা ১৮.০ লক্ষ ব্যয়ে ক্রয় করা হয়েছে।

৩.৪.৯ নিরীক্ষা আপত্তি পর্যালোচনা

সরকারি নিরীক্ষা কমিটি প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে ক্রয় প্রক্রিয়ার উপর উল্লেখযোগ্য সংখ্যক নিরীক্ষা আপত্তি প্রদান করেছে। নিম্নের ছকে বৎসরওয়ারী নিরীক্ষা আপত্তির ধরন ও নিষ্পত্তির অবস্থা সংক্ষেপে প্রদান করা হলো।

সারণি-৩.৮: বৎসরওয়ারী নিরীক্ষা আপত্তির ধরন ও নিষ্পত্তির অবস্থা

নিরীক্ষার বৎসর	আপত্তির বিষয়/ধরন	নিষ্পত্তির অবস্থা
২০১১-১২	আপত্তি নিষ্পন্ন হয়েছে	নিষ্পন্ন হয়েছে
২০১২-১৩	ঐ	ঐ
২০১৩-১৪	যথা সময়ে কাজ শুরু এবং শেষ না করার জন্য জরিমানা আরোপ এবং ঠিকাদারের জামানত বাজেয়াপ্ত করা হয়নি।	জবাব প্রদান করা হয়েছে।
২০১৪-১৫	বৈরাটহাট মাদ্রাসা ডাকঘর নির্মাণের বিল, লক্ষীপুর জেলার ভোলাকট ডাকঘর নির্মাণ এবং ঠাকুরগাঁও জেলার লাহিরিহাট ডাকঘর নির্মাণের বিল অসম্মতভাবে প্রদান করা হয়েছে।	ঐ
২০১৫-১৬	১। শিডিউল রেটের চেয়ে অতিরিক্ত রেটে ঠিকাদারকে বিল দেয়ার জন্য অতিরিক্ত অর্থ ব্যয় ২। ত্রুটিপূর্ণভাবে শিবপাশা ডাকঘর নির্মাণ করা সত্ত্বেও ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ৩। মজলিশপুর ডাকঘর নির্মাণের জন্য অনিয়মিতভাবে ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। ৪। কুমিল্লা জেলায় ৯ (নয়)টি পোস্ট অফিস মেরামত ও নবায়ন কাজের বিল অনিয়মিতভাবে প্রদান করা হয়েছে ৫। ঠিকাদারের বিল হতে কর্তনকৃত ভ্যাট ও ট্যাক্সের টাকা ট্রেজারিতে জমা না দেয়ার জন্য সরকারের ক্ষতি হয়েছে।	ঐ
২০১৬-১৭	১। ওজন মাপার যন্ত্র সরবরাহ না করা সত্ত্বেও ১.৫০ কোটি টাকার বিল পরিশোধ করা হয়েছে। ২। চারটি ডাকঘর নির্মাণের জন্য ৭,২৬,৫৫০ টাকার বিল অনিয়মিতভাবে প্রদান করা হয়েছে। ৩। উনিশটি ডাকঘর মেরামত ও নবায়ন কাজের জন্য ৩৩,৯৩,৪০৪ টাকার বিল অনিয়মিতভাবে প্রদান করা হয়েছে। ৪। নির্মাণ কাজের জন্য ঠিকাদারদের বিল হাতে কর্তনকৃত ভ্যাট এবং ট্যাক্সের টাকা সরকারি কোষাগারে জমা না দেয়ার জন্য সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।	ঐ

নিরীক্ষা আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

৩.৫ প্রকল্পের উদ্দেশ্য অর্জন : লগফ্রেমের আলোকে আউটপুট, আউটকাম এবং প্রভাব পর্যালোচনা

প্রকল্পটি মোট ৯ টি উদ্দেশ্য অর্জনের জন্যে বাস্তবায়ন করা হয়েছে। কিন্তু ডিপিপি'র লগফ্রেমে উল্লেখিত উদ্দেশ্যসমূহ প্রতিফলিত হয়নি। প্রকল্পের লগ-ফ্রেমে উদ্দেশ্য, output এবং impact কোনটিই যথাযথ ও সুনির্দিষ্টভাবে উপস্থাপন করা হয়নি। এ পর্যায়ে ডিপিপি'র লগফ্রেমে উল্লেখিত প্রকল্পের উদ্দেশ্য এবং ফলাফল পর্যালোচনা নিম্নের সারণি-৩.৯ এ প্রদান করা হলঃ

সারণি-৩.৯: ডিপিপি'র লগফ্রেমে প্রকল্পের উদ্দেশ্য এবং ফলাফল পর্যালোচনা

ডিপিপি'র লগফ্রেমে উল্লেখিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জনের মাত্রা পর্যালোচনা
১। ডিজিটাল বাংলাদেশ গড়ার সহায়তা প্রদান।	নতুন স্থাপিত ডাকঘরসমূহের ইসেবা কেন্দ্র প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ পূর্ণাঙ্গভাবে চালু করা হলে উদ্দেশ্য অর্জিত হবে।
২। শহর ও গ্রামীণ জনগণের মধ্যে কারিগরি সেতু বন্ধন তৈরি।	পল্লী এলাকার ইসেবায়ুক্ত ডাকঘরসমূহ শহর ও গ্রামীণ জনগণের মধ্যে কারিগরি সেতু বন্ধনে সহায়তা করবে।
ফলাফল (Output)	
১। গ্রামীণ ডাকঘরের দীর্ঘ স্থায়িত্ব এবং নিরাপত্তার জন্য যন্ত্রপাতি এবং মেশিনপত্র ক্রয়।	লগফ্রেমে যে ফলাফল উল্লেখ করা হয়েছে (বাম পার্শে) তা প্রকল্পের ফলাফল নয়।

লজিক্যাল ফ্রেমওয়ার্ক একটি বিশেষ পদ্ধতি যা সাধারণত উন্নয়ন প্রকল্পের ডিজাইন, মনিটরিং এবং প্রকল্প মূল্যায়নের জন্য ব্যবহার করা হয়। লজিক্যাল ফ্রেমওয়ার্কে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনার পদ্ধতি (Means of Verification), লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট, ইনপুট অর্জন ও মূল্যায়নের সার্বিক ব্যাখ্যা থাকে। কিন্তু এ প্রকল্পের লগফ্রেমে উদ্দেশ্য, আউটপুট, ইনপুট কোনটিই যথাযথ ও সুনির্দিষ্টভাবে প্রদান করা হয়নি। এছাড়া যাচাই নির্দেশক ও যাচাই করার মাধ্যম যথাযথভাবে উপস্থাপন করা হয়নি। প্রকল্প প্রস্তাবনায় সম্ভাব্য ঝুঁকি এবং আউটপুট সেকশনে মানব সম্পদ উন্নয়ন বর্ধিত কর্ম-সংস্থান, বৈদেশিক বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা অর্জন ইত্যাদি বিষয়ে উল্লেখ করা হয়নি।

৩.৬ প্রকল্প ব্যবস্থাপনা

প্রকল্প ব্যবস্থাপনার বিভিন্ন দিক নিম্নে প্রদান করা হলো:

৩.৬.১ প্রকল্প পরিচালক ও জনবল নিয়োগ

প্রকল্প পরিচালক ও জনবল নিয়োগ বিষয়ক তথ্য নিম্নের সারণি ৩.১০ এবং ৩.১১ এ প্রদান করা হলো।

সারণি-৩.১০: প্রকল্প পরিচালক নিয়োগ সম্পর্কিত তথ্য

নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ড কালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	দায়িত্ব পালনকালীন সময়
জনাব জাহেদা সাত্তার, অতিরিক্ত মহাপরিচালক	খন্ডকালীন	২২-০৪-২০১২	৩১-০৮-২০১৪	২ বৎসর ৪ মাস ৯ দিন
জনাব হারুন-উর-রশীদ অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল	খন্ডকালীন	০১-০৯-২০১৪	১৮-০৫-২০১৫	৮ মাস ১৭ দিন
ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর তত্ত্বাবধানে	খন্ডকালীন	১৯-০৫-২০১৫	১৪-০৪-২০১৬	প্রায় ১০ মাস
জনাব তরুণ কান্তি সিকদার পরিচালক (ডাক)	খন্ডকালীন	১৭-০৪-২০১৬	৩০-০৬-২০১৭	১ বৎসর ২ মাস ১৩ দিন

সারণি-৩.১১: প্রকল্পের জনবল নিয়োগ বিষয়ক তথ্য

ডিপিপি অনুযায়ী সংস্থান	পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় জনবল	নিয়োগকৃত জনবল		
		পুরুষ	মহিলা	মোট
কর্মকর্তা	২৩	২২	১	২৩
কর্মচারী	৩	২	১	৩
মোট	২৬	২৪	২	২৬

আরডিপিপি অনুসারে প্রকল্পটিতে ২৩ জন কর্মকর্তা এবং ৩জন কর্মচারী নিয়োগের সংস্থান ছিল। উক্ত সংস্থান অনুযায়ী মোট ২৬ জনকে প্রকল্পে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োজিত মোট ২৬জন কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে পুরুষ ২৪ জন এবং মহিলা ২ জন। উক্ত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ১জন প্রকল্প পরিচালক, ১জন উপ-প্রকল্প পরিচালক এবং ১জন হিসাবরক্ষণ কর্মকর্তা প্রেষণে/খন্ডকালীন দায়িত্বে এবং ৫জন সহকারী প্রকৌশলী, ৩জন কম্পিউটার অপারেটর, ১৫জন উপ-সহকারী প্রকৌশলী এবং ২জন মটর চালককে আউট সোর্সিং এর মাধ্যমে প্রকল্পে নিয়োগ করা হয়েছে।

উপরের সারণি হতে দেখা যায় প্রকল্পটি বাস্তবায়নের জন্য ডাক বিভাগের ৪ (চার) জন উচ্চ পদস্থ কর্মকর্তাকে খন্ডকালীন দায়িত্বে ২২-৪-২০১২ হতে ৩০-৬-২০১৭ তারিখ মেয়াদে নিয়োগ করা হয়েছে। প্রকল্পটির বাস্তবায়ন শুরু হয়েছে জুলাই ২০১১ তারিখে। কিন্তু প্রকল্প পরিচালক নিয়োগ করা হয় প্রকল্প শুরুর প্রায় ৯ মাস পরে। প্রকল্প শুরুর ৯ মাস পরে প্রকল্প পরিচালক নিয়োগ সুষ্ঠুভাবে প্রকল্প ব্যবস্থাপনা নির্দেশ করে না।

অপরদিকে প্রাক্কলিত ব্যয় বিবেচনায় (১৩,৪৭৩.১৪ লক্ষ টাকা) প্রকল্পটি বৃহৎ আকারের। এছাড়া প্রকল্পের কার্যক্রম সারাদেশব্যাপী বিস্তৃত, ভূমি অধিগ্রহণ, নতুন স্থাপনা নির্মাণ, পুরাতন ভবন মেরামত, ইলেকট্রনিক যন্ত্রপাতি ক্রয় এবং স্থাপন জটিল প্রকৃতির কাজ। এ পর্যায়ে, সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সার্বক্ষণিকভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা প্রয়োজন ছিল। উপরন্তু, যে কোন বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ দাপ্তরিক কাজে অত্যন্ত ব্যস্ত থাকেন। ফলে উন্নয়ন প্রকল্পে পূর্ণাঙ্গভাবে সময় ব্যয় করতে পারেনা। ফলে প্রকল্পের কাজে বিঘ্ন ঘটে। প্রকল্পের ২৬টি পদে মাত্র ২ (দুই) জন মহিলাকে নিয়োগ প্রদান করা হয়েছে। মহিলা কর্মকর্তা ও কর্মচারী আনুপাতিক হারে অত্যন্ত কম।

৩.৬.২ প্রকল্পটি ব্যবস্থাপনা কমিটি গঠন ও কমিটির সভা অনুষ্ঠান

প্রকল্পটি বাস্তবায়ন, ব্যবস্থাপনা এবং মনিটরিং-এর জন্য ডিপিপি'তে নিম্ন লিখিত ২টি কমিটি গঠন করা হয়েছিল।

স্টিয়ারিং কমিটি ও মনিটরিং কমিটি

প্রকল্পের বাস্তবায়ন কাজ ত্বরান্বিত করতে ১১ জন সদস্য বিশিষ্ট একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছিল। প্রকল্প বাস্তবায়ন কাজ ত্বরান্বিত করতে বা কোন সমস্যার সমাধানের জন্য কমিটি কমপক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে বা প্রয়োজন অনুসারে সভা করেছে। প্রকল্পের বাস্তবায়ন কাজ বিস্তারিতভাবে মনিটরিং করার জন্য ১১জন সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছিল এবং কমিটি কমপক্ষে প্রতি দুই মাসে সভা করেছে। আইএমইডিসহ প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তাগণ উল্লেখযোগ্যবার প্রকল্প বাস্তবায়নকাজ পরিদর্শন করেছেন এবং প্রকল্পের কাজের মান উন্নয়ন এবং ত্বরান্বিত করার বিষয়ে মূল্যবান উপদেশ/পরামর্শ প্রদান করেছেন। প্রকল্পটির স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান এবং বিভিন্ন কর্মকর্তা কর্তৃক পরিদর্শনের তারিখ ও সুপারিশ বাস্তবায়নের অবস্থা নিম্নের ছকে প্রদান করা হলো।

কর্মকর্তার নাম ও পদবি	সভাঅনুষ্ঠান/ পরিদর্শনের তারিখ	চিহ্নিত সমস্যা/সুপারিশ	সুপারিশ বাস্তবায়ন
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	০৮-০৪-২০১৩ (স্টিয়ারিং কমিটি)	<ul style="list-style-type: none"> রেট সিডিউল ২০১১ অনুযায়ী আন্ত-সমন্বয় করা যেসব পোস্ট অফিসে ভূমি সহজলভ্য সেগুলো অগ্রাধিকার দিয়ে নির্মাণ করা যেসব পোস্ট অফিসে ভূমি সহজলভ্য কিন্তু ডিপিপিতে উল্লেখ নেই; সেগুলোর অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা 	সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	১৯-০৮-২০১৩ (স্টিয়ারিং কমিটি)	<ul style="list-style-type: none"> রেট সিডিউল ২০১১ অনুযায়ী সংশোধিত প্রকল্পে ৪২৪টি ডাকঘর নির্মাণ করা। 	রেট সিডিউল ২০১১ অনুযায়ী সংশোধিত প্রকল্পে ৪২৪টি ডাকঘর নির্মাণের প্রস্তাব ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে প্রেরণ করা।
জনাব আবু বকর সিদ্দিক, প্রাক্তন সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	০৪-০৯-২০১৩ (স্টিয়ারিং কমিটি)	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজ সংক্রান্ত কিছু পরামর্শ প্রদান করা হয়েছে 	পর্যবেক্ষণ ও পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	২৩-০১-২০১৪ (মনিটরিং কমিটি)	<ul style="list-style-type: none"> প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে 	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে
জনাব আবু বকর সিদ্দিক, প্রাক্তন সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	০৩-০৫-২০১৪ (পরিদর্শন)	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজ সংক্রান্ত কিছু পরামর্শ প্রদান করা হয়েছে 	পর্যবেক্ষণ ও পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	০৩-১২-২০১৪ (স্টিয়ারিং কমিটি)	<ul style="list-style-type: none"> কর্ম-পরিকল্পনা সংশোধন করে দৈনিক ভিত্তিতে বাস্তবায়ন করা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে হবে রেট সিডিউল ২০১১ অনুযায়ী প্রকল্প সংশোধন করার সিদ্ধান্ত হয় বাজার এলাকায় ২টি সার্ভে কমিটি ভূমি জরিপ পরিচালনা করবে। 	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	১৮-০৩-২০১৫ (মনিটরিং কমিটি)	<ul style="list-style-type: none"> প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে 	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	৩১-০৩-২০১৫ (স্টিয়ারিং কমিটি)	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজ সংক্রান্ত কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে 	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে
জনাব মোঃ নাইজুল হক, পরিচালক (যুগ্ম সচিব), আইএমইডি	২২-১০-২০১৫ (পরিদর্শন)	<ul style="list-style-type: none"> ভূমি সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য প্রকল্প কর্তৃপক্ষ এবং মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। প্রকল্প সময়মত শেষ করতে সঠিক মনিটরিং করা প্রয়োজন। গুণগত মান নিশ্চিত করা নির্মাণ সংক্রান্ত কিছু পর্যবেক্ষণ প্রদান করেন। 	পর্যবেক্ষণ ও পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
জনাব মুহাম্মদ মাহফুজুর	১৮-১২-২০১৫	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজ সংক্রান্ত কিছু পরামর্শ 	পর্যবেক্ষণ ও পরামর্শ

কর্মকর্তার নাম ও পদবি	সভাঅনুষ্ঠান/ পরিদর্শনের তারিখ	চিহ্নিত সমস্যা/সুপারিশ	সুপারিশ বাস্তবায়ন
রহমান, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	(পরিদর্শন)	প্রদান করা হয়েছে	অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
জনাব আবু মোঃ মহিউদ্দিন কাদেরী, যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়	২৩-১২-২০১৫ (পরিদর্শন)	• নির্মাণ কাজ সংক্রান্ত কিছু পরামর্শ প্রদান করা হয়েছে	পর্যবেক্ষণ ও পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
জনাব মোঃ নাইজুল হক, প্রাক্তন পরিচালক (যুগ্ম সচিব), আইএমইডি	০৪-০৪-২০১৬ ১৩-০৪-২০১৬ (পরিদর্শন)	• নির্মাণ কাজ সংক্রান্ত কিছু পর্যবেক্ষণ ও পরামর্শ প্রদান করা হয়েছে	পর্যবেক্ষণ ও পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	২০-০৪-২০১৬ (স্টিয়ারিং কমিটি)	নির্মাণ কাজ সংক্রান্ত কিছু সিদ্ধান্ত করা হয়েছে	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	০২-০৮-২০১৬ (মনিটরিং কমিটি)	• প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	০৭-০১২-২০১৬ (স্টিয়ারিং কমিটি)	• নির্মাণ কাজ সংক্রান্ত কিছু সিদ্ধান্ত করা হয়েছে	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
জনাব মোঃ লুতফুর রহমান তারফদার, যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়	০৮-০৪-২০১৭ (পরিদর্শন)	• নির্মাণ কাজ সংক্রান্ত মৌখিক কিছু পরামর্শ প্রদান করা হয়েছে	পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন/আইএমইডি	১৯-০৪-২০১৭ (স্টিয়ারিং কমিটি)	• নির্মাণ কাজ সংক্রান্ত কিছু সিদ্ধান্ত করা হয়েছে	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৩.৭ প্রভাব মূল্যায়ন

৩.৭.১ প্রকল্পের লক্ষ্য অর্জনের অবস্থা পর্যালোচনা

ডিপিপিতে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্য সম্পর্কে সুনির্দিষ্টভাবে কিছু উল্লেখ নেই। তবে ডিজিটাল বাংলাদেশ গড়ায় সহায়তা করার উদ্দেশ্যে তথ্য-প্রযুক্তি সেবা প্রদানে সক্ষমতা সম্পন্ন গ্রামীণ এলাকায় ডাকঘরের অবকাঠামো নির্মাণ, পুরাতন ডাকঘর মেরামত ও নবায়ন এবং এ সকল ডাকঘর হতে ডিজিটাল সেবা প্রদানে ডাক বিভাগের সামর্থ্য বৃদ্ধি প্রকল্পটির লক্ষ্য হিসেবে বিবেচনা করা যায়।

৩.৭.২ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা

প্রকল্পটি গ্রহণের পূর্বে যে সকল এলাকায় ডাকঘর স্থাপন করা হবে সে সকল এলাকার গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক অবস্থা ইত্যাদি বিষয়ে বেইজলাইন জরিপ করা হয়নি। এ প্রেক্ষাপটে, প্রকল্পটি বাস্তবায়নের প্রভাব মূল্যায়ন সমীক্ষা কাজের অধীনে পরিচালিত খানা জরিপ, এফজিডি, কেআইআই সরেজমিন অবকাঠামো নির্মাণ পরিদর্শন ফলাফলের আলোকে প্রকল্পটির উদ্দেশ্য অর্জনের মাত্রা নিম্নের সারণি-৩.১২ এ প্রদান করা হলো

সারণি-৩.১২: প্রকল্পের উদ্দেশ্যসমূহের প্রকৃত অর্জন

নং	আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জনের জন্য সম্পাদিত কাজ	প্রকৃত অর্জন
১	ডিজিটাল বাংলাদেশে গড়ার স্বপ্ন	প্রকল্পের অধীনে ৭৫০টি নতুন ডাকঘর	প্রকল্পের অধীনে ৭৫০টি নতুন ডাকঘর

নং	আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জনের জন্য সম্পাদিত কাজ	প্রকৃত অর্জন
	পুরণের লক্ষ্য ডাকঘর অবকাঠামো নির্মাণ করা, যা পল্লী জনগণের তথ্য প্রযুক্তি কেন্দ্র হিসেবে কাজ করবে	নির্মাণের লক্ষ্য থাকলেও ৬০০ টি ই-সেবা সংযুক্ত ডাকঘর নির্মাণ করা সম্ভব হয়েছে এবং ডাকঘরসমূহ তথ্য প্রযুক্তি কেন্দ্র হিসেবে কাজ করেছে।	নির্মাণ করা সম্ভব না হয়ে এ উদ্দেশ্যটি ৮০% অর্জিত হয়েছে।
২	পল্লী এলাকার ডাক সেবার মান উন্নয়ন করা	প্রকল্পের অধীনে ৬০০টি ই-সেবা সংযুক্ত ডাকঘর নির্মাণ করে আনুসঙ্গিক যন্ত্রপাতি, আসবাবপত্র সরবরাহ করা হয়েছে।	ডাকঘরের অবকাঠামো নির্মাণের ফলে পল্লী এলাকায় ডাক সেবার মান উন্নত হয়েছে। এফজিডি, KII এ প্রায় সকলে ডাক সেবার মান উন্নত হয়েছে বলে মতামত ব্যক্ত করছেন।
৩	প্রকল্পের অধীনে ৬০০টি পুরাতন ডাকঘর মেরামত	প্রকল্পের অধীনে ১২৬৯টি ডাকঘর মেরামত করা হয়েছে	উদ্দেশ্য অর্জিত হয়েছে।
৪	পল্লী এলাকার আর্থ-সামাজিক কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা	নতুন স্থাপিত ডাকঘরসমূহ স্থাপন পূর্বক তথ্য প্রযুক্তি সেবা চালু করা হয়েছে এবং স্থানীয় লোকজন উক্ত ই-সেবা গ্রহণ করছেন এবং যোগাযোগ সহজতর হয়েছে।	পল্লী এলাকার আর্থ-সামাজিক কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। উদ্দেশ্য অর্জিত হচ্ছে।
৫	পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরসমূহ সেবা ভবনের কেন্দ্র হিসেবে প্রদর্শিত করা	ডাকঘরসমূহে তথ্য প্রযুক্তি সেবা প্রদান করা হচ্ছে।	পল্লী জনগণ সহজে এবং স্বল্প মূল্যের যোগাযোগ সেবা গ্রহণ করছেন যার ফলে পল্লী এলাকার অর্থনৈতিক উন্নয়নে পল্লী ডাকঘরসমূহ সেবা ভবন হিসেবে প্রদর্শিত হচ্ছে। উদ্দেশ্য অর্জিত হচ্ছে।
৬	পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি করা	ডাকঘরসমূহে তথ্য প্রযুক্তি কেন্দ্রের মাধ্যমে বহুমুখী সেবা প্রদান করা হচ্ছে।	ডাকঘরে বহুমুখী সেবা প্রদানের ফলে আয় বৃদ্ধি পেয়েছে। উদ্দেশ্য অর্জিত হয়েছে।
৭	প্রকল্প এলাকায় ছোট-বড় কর্মসংস্থান সৃষ্টি করা	ডাকঘরের তথ্য প্রযুক্তি কেন্দ্র চালু করা হয়েছে। আর্থিক ও যোগাযোগ সহজ ও সাশ্রয়ী হয়েছে।	তথ্য প্রযুক্তি কেন্দ্রের কাজ করায় ছোট-বড় কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। উদ্দেশ্য অর্জিত হচ্ছে।
৮	বিনিয়োগ বান্ধব অর্থনৈতিক কার্যক্রমকে শক্তিশালী করা	পল্লী এলাকার জনসাধারণের আর্থিক সামর্থ্য বৃদ্ধি পাওয়ায় বিনিয়োগ বান্ধব কর্মকান্ড বৃদ্ধি পেয়েছে।	প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হচ্ছে।
৯	প্রাকৃতিক দুর্যোগের সময় পল্লী ডাকঘরসমূহ আশ্রয় কেন্দ্র কাজ করবে	ডাকঘরের আয়তন খুব অল্প হওয়ায় প্রাকৃতিক দুর্যোগের সময় আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহারের সুযোগ নেই।	ডাকবিভাগের অসম্ভব কল্পনা। উদ্দেশ্য অর্জিত হবে না
১০	পল্লী নারীর জীবন-মানকে উন্নত করা	ডাকঘরে পল্লী নারীগণ বিভিন্ন প্রকার স্থায়ী আমানত রাখছেন, বিভিন্ন প্রকার ভাতা পাচ্ছেন, যা তাদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখছে।	উদ্দেশ্য অর্জিত হচ্ছে।

৩.৮ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদির স্থায়িত্ব পর্যালোচনা ও পর্যবেক্ষণ

তথ্য যোগাযোগ প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ প্রকল্পের প্রভাব মূল্যায়ন প্রতিবেদনের প্রথম অধ্যায়ে উল্লেখ করা হয়েছে যে প্রকল্প দলিলে (ডিপিপি/আরডিপিপি) প্রকল্পের অধীনে সম্পাদিত কাজ টেকসই করার কোন পরিকল্পনা সংযোজন করা হয়নি। প্রকল্প প্রণয়নের ফরম্যাটেও প্রকল্পের কাজ টেকসই করার পরিকল্পনার বিষয়ে কোন কিছু উল্লেখ করা হয়নি। এ প্রেক্ষাপটে মাঠ পর্যায় হতে নির্মাণ কাজের তথ্য বিশ্লেষণ, সুফলভোগীদের প্রতিভাব, প্রধান তথ্য দাতাদের মতামত ইত্যাদির ভিত্তিতে প্রকল্পের অধীনে সৃষ্ট সুবিধাদি টেকসই হবে কিনা এ বিষয়ে মতামত/পর্যবেক্ষণ নিম্নে প্রদান করা হলো

৩.৮.১ নতুন ডাকঘরের স্থায়িত্ব

নব নির্মিত ডাকঘরসমূহ সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণ করে উল্লেখযোগ্য সংখ্যক ডাকঘরে নির্মাণজনিত এবং নির্মাণ পরবর্তী সময়ের ত্রুটি যথা, ভবনের ফ্লোরে ফাটল (১৭%), ফ্লোর অসমতল/উঁচুনিচু (১৭%), বীমে ফাটল (১৭%), কলামে ফাটল (৮%) এবং ১৬% ভবনের দরজা জানালা খারাপ দেখা গিয়েছে (বিস্তারিত সারণি-৩.৬, সেকশন ৩.৪.৪)। প্রকল্প সমাপ্তির মাত্র ৩ (তিন) বৎসর পর সরেজমিনে পরিদর্শনে ১৭% ভবনের স্যানিটারি ফিটিংস এবং ৩৩% ভবনের ইলেকট্রিক সুইচ, ওয়ারিং ভাল পাওয়া গিয়েছে। প্রবল বৃষ্টি/বন্যা হলে ১৭% ভবনে পানি প্রবেশ করে এবং ৪২% ভবনের সামনের রাস্তায় পানি জমে। এ পর্যায়ে ধারণা করা যায় যে, ভবনসমূহের কাঠামো (Structure) ঠিক থাকলেও ভবনসমূহ সহসাই মেরামত ও নবায়নের কাজ করতে হবে।

৩.৮.২ ডাকঘরের আসবাবপত্র ও যন্ত্রপাতি

নতুন ডাকঘরের আসবাবপত্র ও যন্ত্রপাতি বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি হতে ক্রয় করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনে আসবাবপত্র ও যন্ত্রপাতির মান সন্তোষজনক বিবেচিত হয়েছে। যন্ত্রের সাথে ব্যবহার করলে আসবাবপত্র ও যন্ত্রপাতি টেকসই হবে বলে ধারণা করা যায়।

৩.৮.৩ গাড়ী ও মটরসাইকেল

গাড়ী ও মটরসাইকেলসমূহ নিয়মিত সার্ভিসিং ও প্রয়োজনীয় মেরামত করা হলে টেকসই হবে বলে ধারণা করা যায়।

৩.৮.৪ তথ্য প্রযুক্তি কেন্দ্রের স্থায়িত্ব (Sustainability)/Exit Plan

বর্তমান প্রকল্পটির অধীনে ডাক বিভাগ দুই কক্ষ বিশিষ্ট নতুন ডাকঘর নির্মাণ করে উক্ত ভবনের একটি কক্ষ তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র হিসেবে পরিচালনার জন্য বিভিন্ন ভেস্তারের নিকট ভাড়া প্রদান করা হয়েছে। ভেস্তারগণ নিজস্ব ব্যবস্থাপনায় সেবা কেন্দ্র পরিচালনা করেন এবং কাজের বিনিময়ে পারিশ্রমিক নিয়ে থাকেন। এ পর্যায়ে তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্রের উপর ডাক বিভাগের খুব বেশি নিয়ন্ত্রণ নেই। কিছু কিছু নতুন ডাকঘর তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র হিসেবে জনপ্রিয়তা অর্জন করলেও কিছু কিছু ডাকঘর অত্যন্ত প্রত্যন্ত অঞ্চলে এবং ডাকঘরের নিকটবর্তী এলাকায় হাট-বাজার, স্কুল-কলেজ বা বাণিজ্যিক এলাকা নেই। এ সকল স্থানের ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র জনপ্রিয়তা অর্জন করতে পারেনি। এমনকি উপজেলা ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র এক সময় জনপ্রিয় থাকলেও প্রয়োজনীয় যন্ত্রপাতি, দক্ষ অপারেটরের অভাবে এবং ব্যক্তিগত পর্যায়ে নিকটবর্তী স্থানে অনেক তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র চালু হওয়ায় উপজেলা ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র চাহিদা হারাচ্ছে। এ পর্যায়ে ধারণা করা যায় যে, নতুন স্থাপিত সকল ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র টেকসই না ও হতে পারে। সর্বশেষ প্রকল্প পরিচালক প্রকল্পের কাজ/অর্জন টেকসই করার জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে প্রধান তথ্য দাতার সাক্ষাৎকারে উল্লেখ করেছেন। যথাঃ-

- স্থানীয় প্রশাসনের নিবিড় তত্ত্বাবধান
- স্থানীয় জনগণের নিবিড় তদারকি
- বিভাগীয় ডাকঘর কর্মকর্তাদের নিবিড় তদারকি ইত্যাদি।

৩.৯ মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যবিশ্লেষণ ও ফলাফল

সুফলভোগীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তথ্য প্রযুক্তি নির্ভর নতুন ডাকঘর স্থাপনের প্রভাব নির্ণয়ের জন্য ডাক বিভাগের মোট ৪টি সার্কেলের ৮টি জেলার ১৬টি উপজেলায় ৪৮টি ডাকঘর এলাকায় ৬০০ জন সেবা গ্রহীতা এবং নিকটবর্তী তথ্য প্রযুক্তি সেবা বিহীন ডাকঘর এলাকার জনগণকে কন্ট্রোল গ্রুপ বিবেচনা করে নির্ধারিত প্রশ্নালার মাধ্যমে জরিপ পরিচালন করা হয়েছে। উক্ত জরিপের ফলাফল নিম্নে প্রদান করা হয়েছে।

৩.৯.১ সুফলভোগীদের খানাভিত্তিক সমীক্ষায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল

১) উত্তরদাতার লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং পেশা

উত্তরদাতাদের লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং পেশা নিম্নের সারণি-৩.১৩ তে প্রদান করা হলো:


সারণি-৩.১৩: উত্তরদাতাদের লিঙ্গ, শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং পেশা

লিঙ্গ	সুফলভোগী		কন্ট্রোল গ্রুপ	
	সংখ্যা	শতকরা হার	সংখ্যা	শতকরা হার
পুরুষ	৫১৩	৮৫.৫	২৬৩	৮৭.৭
মহিলা	৮৭	১৪.৫	৩৭	১২.৩
মোট =	৬০০	১০০.০	৩০০	১০০
শিক্ষাগত যোগ্যতা				
শ্রেণি ১ হতে ৫ম	৫২.০	৮.৭	৫৪	১৮.০০
৬ হতে ১০	২৬৫	৪৪.২	১১০	৩৬.৭
এসএসসি	১৩৯.০	২৩.২	৬৮	২২.৭
এইচ এসসি	৫৮.০	৯.৭	৩৪	১১.৩
বি এ এবং এম এ	১৪৪.০	২৪.০	৩৪	১১.৩
মোট =	৬০০	১০০.০	৬০০	১০০
বয়সের গড় (বছর)	৩৬.৫		৩৪.৬	
উত্তরদাতার পেশা				
কৃষি	৭৫	১২.৯	৬৮.০	২২.৭
ছোট ব্যবসা	৭২	১২.৪	২৭.০	৯.০
ব্যবসা	৭৩	১২.৬	৭০.০	২৩.৫
সরকারী চাকুরি	৪৩	৭.৪	৭.০	২.৩
বেসরকারী চাকুরি	১০০	১৭.২	৪৬.০	১৫.৩
অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	২১	৩.৬	৪.০	১.৩
ছাত্র/ছাত্রী	১৫২	২৬.২	৫০.০০	১৬.৭
অন্যান্য	৪৫	৭.৭	২৮.০০	৯.৩
মোট =	৬০০	১০০		১০০।

উপরের সারণি ৩.১৩ হতে দেখা যায় উত্তরদাতাদের মধ্যে পুরুষ ছিল ৮৫.৫% এবং মহিলা ১৪.৫%। অপর দিকে নিয়ন্ত্রিত এলাকার পুরুষ ছিল ৮৭.৭ এবং মহিলা ১২.৩%। সকল স্তরের শিক্ষাগত যোগ্যতা বিবেচনায় ই সেবায়ুক্ত ডাকঘর এলাকার উত্তরদাতাগণ নিয়ন্ত্রিত এলাকার চেয়ে অগ্রগামী ছিল। উত্তরদাতাদের গড় বয়স ছিল যথাক্রমে ৩৬.৫ এবং ৩৪.৬ বৎসর। পেশা বিবেচনায় সুফলভোগী এলাকার উত্তর দাতাগণ ছোট ব্যবসা ১২.৯%, বেসরকারি চাকুরি ১৭.২%, ছাত্র-ছাত্রী ২৬.২% এবং অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ৩.৬%। অপরদিকে নিয়ন্ত্রিত এলাকার উত্তরদাতাগণের পেশা ছিল যথাক্রমে কৃষি ১২.৭%, ব্যবসা ২৩.০% এবং সরকারী চাকুরি ২.৩%।


২) পরিবারের মাসিক আয়

উত্তরদাতাদের মাসিক আয় সর্বনিম্ন ৪,০০০ টাকা হতে ১৫,০০০ টাকা পর্যন্ত ৫টি গুপে বিভক্ত করে তথ্য সংগ্রহ করা হয়েছে। উভয় এলাকার উত্তরদাতের আয় সর্বনিম্ন ৪,০০০ টাকা হতে ১০,০০০ টাকা পর্যন্ত। তবে ১৫,০০০ টাকার উর্ধ্ব আয়ের উত্তরদাতা তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর এলাকায় সামান্য বেশী (১.০%) ছিল। অন্যান্য গুপের মাসিক আয় খুব বেশি পার্থক্য পরিলক্ষিত হয়নি (চিত্র ৩.১)।



৩) পরিবারের মাসিক ব্যয়

সুফলভোগীদের পারিবারিক মাসিক ব্যয় সর্বোচ্চ আয়ের গুপের (১৫,০০০ টাকা) বেশি (২৪.৮%) পাওয়া গিয়েছে। অপরদিকে নিয়ন্ত্রণ এলাকার উত্তরদাতাগণের ৮.৭% লোকের মাসিক ব্যয় ৪০০১-৬০০০ টাকা ছিল। এ গুপের উত্তরদাতাদের (৪.৩%) মাসিক আয় ও সুফলভোগী এলাকার চেয়ে প্রায় ১.০% বেশি ছিল (চিত্র-৩.২)।



৪) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরে যেসব সেবা প্রদান করা হয়

তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরে কি কি সেবা প্রদান করা হয় এ প্রশ্নের জবাবে সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা (৯১.৮%) জানিয়েছেন যে কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, স্ক্যানিং, ছবি প্রিন্ট, ই-মেইল, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি সেবা এবং ৬৫.৪% জানিয়েছেন যে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয় (সারণি ৩.১৪)। কয়েকজন উত্তরদাতা উল্লেখ করেছেন যে, তথ্য প্রযুক্তি সেবা, ইলেকট্রনিক মানি অর্ডার, সঞ্চয়/স্থায়ী আমানত রাখা ইত্যাদি সেবাও প্রদান করা হয়। এখানে উল্লেখযোগ্য যে, ইলেকট্রনিক মানি অর্ডার, স্থায়ী আমানত রাখা নতুন নির্মিত ডাকঘরে এখন পর্যন্ত চালু হয়নি। এ পর্যায়ে ধারণা করা যায় পার্শ্ববর্তী বা উপজেলা ডাকঘরের অভিজ্ঞতা অনুযায়ী তারা এ সকল সেবা নবনির্মিত ডাকঘরের প্রদান করা হয় বলে উল্লেখ করেছেন।

সারণি-৩.১৪: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরে যে সকল সেবা প্রদান করা হয়

সেবাসমূহ	সংখ্যা	শতকরা হার
সাধারণ ডাক সেবা (চিঠিপত্র, পার্সেল)	৪৩১	৭৩.৮
ই-ডাক সেবা	২৮২	৪৮.৩
সাধারণ ও ই উভয় ডাক সেবা	১৭৫	৩০.০
ইলেকট্রনিক/মোবাইল মানি অর্ডার	৯৫	১৬.৩
পেনশন পেমেন্ট সেবা	৩	০.৫
সরকারি বিভিন্ন ভাতা সেবা	১৯	৩.৩
কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, স্ক্যানিং, ছবি প্রিন্ট, ই-মেইল, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি সেবা	৫৩৬	৯১.৮
কম্পিউটার প্রশিক্ষণ	৩৮২	৬৫.৪
সঞ্চয়/ব্রাইজবন্ড/স্থায়ী আমানত	৬	১.০
অন্যান্য	৬	১.০

৫) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থেকে সেবা গ্রহণ এবং সেবা গ্রহণে সন্তুষ্টি সম্পর্কিত মতামত

তথ্য প্রযুক্তিসেবায়ুক্ত ডাকঘর এলাকার ৯৭.৮% উত্তরদাতা জানিয়েছেন যে তারা তথ্য প্রযুক্তি সেবা গ্রহণ করেন এবং ৯৩.০% উত্তরদাতা সেবা গ্রহণে সন্তুষ্ট বলে অভিমত প্রকাশ করেছেন।

৬) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর হতে সেবা গ্রহণের সুযোগ সুবিধা

নতুন স্থাপিত ডাকঘর এলাকার জনসাধারণ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর হতে যে সকল সেবা গ্রহণ এবং সুবিধা লাভ করেন তার বিবরণ নিম্নের সারণি ৩.১৫ এ প্রদান করা হলো।

সারণি-৩.১৫: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর হতে সেবা গ্রহণের সুযোগ সুবিধা

ই-সেবায়ুক্ত ডাকঘর হতে সেবা গ্রহণ এবং সুবিধাসমূহ	সংখ্যা	শতকরা হার (%)
ইন্টারনেট সেবা গ্রহণ	১৭২	২৯.০
খরচ কম/ সময় সাশ্রয়	২৪৪	৪১.১
বিদেশে সহজে যোগাযোগ	১৬৭	২৮.১
অনলাইন আবেদন/কেনাকাটার সুযোগ	৬৩	১০.৬
ই-মেইল আদান প্রদান	১৪৭	২৪.৭
কম্পিউটার প্রশিক্ষণ	১৪৩	২৪.১
মোবাইল ব্যাংকিং/রেমিটেন্স সুবিধা	২২	৩.৭
স্ক্যানিং, প্রিন্ট, কম্পোজ, ফটোকপি	১০৫	১৭.৭
ছবি তোলা	১৫২	২৫.৬
স্কুল কলেজে ভর্তি সহজ	৪৫	৭.৬
ডাক সেবা বৃদ্ধি	৩৭	৬.২
ডাক যোগাযোগ সহজ ও উন্নতি	৩৬	৬.১
একাধিক উত্তর		

উপরের সারণি হতে দেখা যায় সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা (৪১.১%) জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে তাদের যোগাযোগ খরচ কম এবং সময় সাশ্রয় হচ্ছে। উত্তর দাতাদের ২৯% এবং ২৯%

যথাক্রমে জানিয়েছেন তারা গ্রামীণ এলাকায় ইন্টারনেট সেবা এবং বিদেশ সহজে যোগাযোগ করতে পারছেন। প্রায় ২৪.৭% এবং ২৪.১% যথাক্রমে ই-মেইল আদান-প্রদান এবং কম্পিউটার প্রশিক্ষণের সুবিধা পাচ্ছেন বলে অভিমত ব্যক্ত করেছেন। একই সাথে স্ক্যানিং, প্রিন্টিং অনলাইনে ভর্তির সুযোগ পাচ্ছেন বলেও উল্লেখযোগ্য সংখ্যক উল্লেখ করেছেন।

৭) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপন করার ফলে জনগণ উপকৃত হয়েছে কিনা সম্পর্কিত মতামত

এ প্রশ্নের উত্তরে ৫৭৯ জন (৯৬.৫%) উত্তরদাতা জানিয়েছেন যে তারা উপকৃত হচ্ছেন এবং অবশিষ্ট ২১ জন (৩.৫%) জানিয়েছেন তাদের কোন উপকার হয়নি।

৮) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে পূর্বের তুলনায় বর্তমানে ডাক সেবার মান উন্নত হয়েছে কি না এবং কিভাবে

প্রায় ৯৩.৭% উত্তরদাতা জানিয়েছেন যে, তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে ডাক সেবার মান উন্নত হয়েছে। ডাক সেবার মান কিভাবে উন্নত হয়েছে এ প্রশ্নের জবাবে একাধিক উত্তরে যেসব মতামত পাওয়া গিয়েছে তা নিম্নের সারণি ৩.১৬ এ প্রদান করা হলো।

সারণি ৩.১৬ ডাক সেবার মান উন্নত হওয়ার ক্ষেত্রসমূহ

ডাক সেবার উন্নয়নের নির্দেশক	সংখ্যা	শতকরা হার
ডাক সেবা সহজ ও যুগ উপযোগি হয়েছে	১৪৭	২৬.২
সময় সাশ্রয় ও খরচ কম লাগে	১৫১	২৭.০
কম্পিউটার কম্পোজ করা যায়	১৩৪	২৩.৯
ইন্টারনেট ব্রাউজিং করা যায়	১১৭	২০.৯
ভিডিও কল করা যায়	৮৯	১৫.৯
কম্পিউটার প্রশিক্ষণ পাওয়া যায়	১৫২	২৭.১
ই-মেইল সেবা প্রদান	৫৮	১০.৪
স্ক্যানিং, প্রিন্টিং, কম্পোজ, ফটোকপি	৬৭	১২.০
ছবি তোলা	৬৬	১১.৮
মানুষের আগ্রহ বেড়েছে	২০	৩.৬
একাধিক উত্তর = ৫৬০		

উপরোক্ত সারণি ৩.১৬ হতে দেখা যায় প্রায় ২০%-২৭% উত্তরদাতা ডাকসেবা সহজ, সময় উপযোগী, খরচ ও সময় সাশ্রয়ী বলে মতামত প্রকাশ করেছেন। এছাড়া ই-মেইল সেবা, কম্পিউটার প্রশিক্ষণের সুযোগসহ স্ক্যানিং, প্রিন্টিং, ফটোকপি ইত্যাদি সুযোগ পাচ্ছেন বলে ও উল্লেখ করেছেন।

৯) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে পূর্বের তুলনায় বর্তমানে ডাক সেবা বেশি গ্রহণ, খরচ হ্রাস, কর্মসংস্থান এবং কর্মসংস্থানের খাত

তথ্য প্রযুক্তিসেবায়ুক্ত ডাকঘর স্থাপনে পূর্বের তুলনায় বর্তমানে ডাকসেবা বেশি গ্রহণ, খরচ কম, এলাকায় ইতিবাচক পরিবর্তন, নতুন কর্মসংস্থান এবং কর্মসংস্থানের খাত সৃষ্টি সম্পর্কিত মতামত নিম্নের সারণি ৩.১৭ এ প্রদান করা হলো।

সারণি- ৩.১৭ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ইতিবাচক দিক এবং কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি

ডাক সেবা বেশি গ্রহণ করছে	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৫৫৭	৯২.৮
না	৪৩	৭.২
মোট	৬০০	১০০.০
বর্তমানে এলাকায় ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপন করায় পূর্বের তুলনায় ডাকসেবার খরচ কমেছে কি?		
হ্যাঁ	৫৮৩	৯৭.২
না	১৭	২.৮
মোট	৬০০	১০০.০
আপনি কি মনে করেন এলাকায় ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপন করায় এলাকাবাসীদের মধ্যে কোন ইতিবাচক পরিবর্তন হয়েছে?		
হ্যাঁ	৫৪৭	৯১.২
না	৫৩	৮.৮
মোট	৬০০	১০০.০
এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপন করার ফলে নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে কি না		
হ্যাঁ	৩৭৭	৬২.৮
না	২২৩	৩৭.২
মোট	৬০০	১০০.০
হ্যাঁ হলে কোন কোন খাতে কর্মসংস্থানের সুযোগ বেড়েছে		
সরকারি চাকুরি	২৪৬	৬৪.৭
বিদেশে চাকুরি	১৫৫	৪০.৮
কৃষি কাজ	১৬৮	৪৪.২
কৃষিপণ্য বাজারজাতকরণের ব্যবসা	৪৭	১২.৪
ক্ষুদ্র ব্যবসা	১৫০	৩৯.৫
মৎস্য আহরণ/জেলে/মৎস্য চাষ	৩৬	৯.৫
কলকারখানার কাজ	৫	১.৩
পরিবহন ক্ষেত্রে	৯৯	২৬.১
অবকাঠামা নির্মাণ ও সংস্কারের কাজ	৪৬	১২.১
গরু, ছাগল/হাঁস/মুরগী পালন	৭০	১৮.৪
শাক-সবজির চাষ	৪৯	১২.৯
চারাগাছের নার্সারি	৩৯	১০.৩
সামাজিক উন্নয়নমূলক কাজ	১৫১	৩৯.৭
একাধিক উত্তর=৩৮০		

উপরোক্ত সারণি ৩.১৭ হতে দেখা যায় যে, তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে ৯২.৮% উত্তরদাতা পূর্বের তুলনায় ডাকসেবা বর্তমানে বেশী গ্রহণ করছেন। প্রায় একই সংখ্যক উত্তরদাতা ডাকসেবার খরচ কম হয়েছে বলে মতামত ব্যক্ত করেছেন। প্রায় ৯১% উত্তরদাতা বলেছেন যে, ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে এলাকায় ইতিবাচক পরিবর্তন হয়েছে। যেসকল খাতে কর্মসংস্থান হয়েছে এ প্রশ্নের জবাবে ৬৪.৭% সরকারি চাকুরি, ৪০.৮% বিদেশে চাকুরি, ৪৪.২% কৃষিকাজ, ১২.৪% কৃষিপণ্য বাজারজাতকরণ, ৩৯.৪% ক্ষুদ্রব্যবসা এবং উল্লেখযোগ্য সংখ্যক উত্তরদাতা পরিবহন ক্ষেত্রে, মৎস্যচাষ/ব্যবসা, অবকাঠামো নির্মাণ, গরু-ছাগল, হাঁস-মুরগি পালন ইত্যাদি উল্লেখ করেছেন।

১০) নারীদের জীবনমান উন্নয়নে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের ভূমিকা এবং উন্নয়নের ক্ষেত্রসমূহ

অধিকাংশ উত্তরদাতা (৫১.৭%) জানিয়েছেন যে, তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপন নারীদের জীবনমান উন্নয়নে ভূমিকা পালন করছে। অবশিষ্ট ৪৮.৩ জানিয়েছেন নতুন ডাকঘর তাদের জীবন মান উন্নয়নে কোন ভূমিকা পালন

করছে না। এ বিষয়ে সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা (৬৪.৯%) জানিয়েছেন বিদেশে যোগাযোগ সহজ হয়েছে এবং ৪৮.৬% জানিয়েছেন কম খরচে বিদেশ হতে অর্থ পাচ্ছেন। একই প্রশ্নে ২৫% জানিয়েছেন মানি অর্ডার প্রেরণ সহজ হয়েছে, ২২.৩% সরকারি বিভিন্ন ভাতা (বয়স্ক ভাতা, বিধবা ভাতা) পাচ্ছেন, প্রাপ্ত ১১% বিভিন্ন সঞ্চয়পত্র ক্রয় করে উপকৃত হচ্ছে। যেসব ক্ষেত্রে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর নারীদের জীবন মান উন্নয়নে ভূমিকা পালন করছে তা নিম্নের সারণি ৩.১৮ এ প্রদান করা হলো।

সারণি- ৩.১৮: নারীদের জীবন মান উন্নয়নের ক্ষেত্রসমূহ

নারীদের জীবন মান উন্নয়নের ক্ষেত্রসমূহ	সংখ্যা	শতকরা হার
১. বিভিন্ন ভাতা পাচ্ছেন (বয়স্কভাতা, বিধবা ভাতা ইত্যাদি)	৬৬	২২.৩
২. সঞ্চয়পত্রে বিনিয়োগ	৩২	১০.৮
৩. কম খরচে বিদেশ হতে অর্থ প্রাপ্তি	১৪৪	৪৮.৬
৪. মানি অর্ডার প্রেরণ	৭৪	২৫.০
৫. বিদেশে সহজে যোগাযোগ	১৯২	৬৪.৯
৬. অন্যান্য	২৭	৯.১
৭. কলকারখানার কাজ	৫৯	১৯.৯
একাধিক উত্তর=২৯৬		

১১) ডাকঘর নির্মাণের ফলে এলাকার মহিলাদের কর্ম-সংস্থান সৃষ্টি

অধিকাংশ (৫২.২%) উত্তরদাতা জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়নি। অবশিষ্ট ৪৭ ভাগ উত্তরদাতা জানিয়েছেন যে নতুন ডাকঘর স্থাপনের ফলে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। যে সকল খাতে তাদের কর্মসংস্থানের সুযোগ হয়েছে তার তালিকা নিম্নের সারণি ৩.১৯ এ প্রদান করা হলো।

সারণি- ৩.১৯: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে নারীদের কর্মসংস্থানের খাতসমূহ

মহিলাদের কর্মসংস্থানের খাত	সংখ্যা	শতকরা হার
বিদেশে কর্মসংস্থান	১০১	৩৫.২
অনলাইন চাকুরীর আবেদন	৪৯	১৭.১
শিক্ষা ক্ষেত্রে কর্মসংস্থান	৮৬	৩০.০
কম্পিউটার প্রশিক্ষণ	৫৮	২০.২
কুটির শিল্প	৪৮	১৭.৯
গুরুর খামার	১০০	৩৪.৮
মৎস্য খামার	২১	৭.৩
হাঁস মুরগি পালন	৬০	২০.৯
একাধিক উত্তর=২৮৭		

সারণি ৩.১৯ হতে দেখা যায় প্রায় ৩৫% উত্তরদাতা জানিয়েছেন যে তাদের বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। অনেক উত্তরদাতা অনলাইনে চাকুরির আবেদন করতে পারছেন (১৭.১%), অনেকের শিক্ষা খাতে কর্মসংস্থান ও কম্পিউটার প্রশিক্ষণ এবং কুটির শিল্পে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। উল্লেখযোগ্য সংখ্যক উত্তরদাতা জানিয়েছেন যে, গুরুর খামার, মৎস্য চাষ এবং হাঁস-মুরগি পালনেও ই-সেবায়ুক্ত ডাকঘর সহায়তা করছে।

১২) বাসস্থান হতে ডাকঘরে যাওয়ার সময় অধিকাংশ (৭৭.৭%) উত্তরদাতা জানিয়েছেন তাদের বাসস্থান হতে ডাকঘরে যেতে ১৫ মিনিট সময় লাগে এবং ২০.৫% জানিয়েছেন প্রায় ৩০ মিনিট সময় লাগে। অবশিষ্ট উত্তরদাতাদের প্রায় ১ ঘন্টা সময় লাগে বলে মতামত ব্যক্ত করেছেন।

১৩) ডাকঘর স্থাপনের সৃজিত সুযোগ সুবিধা

এ বিষয়ে মোট ৫৮১ জন উত্তর দাতার মধ্যে প্রায় ৮৯.০% উত্তরদাতা জানিয়েছেন যে তাদের কম খরচে চিঠিপত্র, পার্সেল প্রেরণ এবং ছেলে মেয়েদের কম্পিউটার শিক্ষার সুযোগ সৃষ্টি হয়েছে। এছাড়া প্রায় ৮৪.৫% উত্তরদাতা বলেছেন যে অনলাইনে ছাত্র-ছাত্রীদের ভর্তির সুবিধা পাচ্ছেন, ৫৪.৯% কম খরচে টাকা প্রেরণ/গ্রহণ করতে পারছেন এবং ২৮.৭% বিদেশ হতে টাকা পাচ্ছেন। অন্যান্য সুবিধার মধ্য ৮.১% উচ্চলাভ সঞ্চয়ের সুবিধা এবং ০.৫% বিভিন্ন সরকারি ভাতা পাচ্ছেন (সারণি ৩.২০)

সারণি- ৩.২০: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে সৃষ্ট সুযোগ সুবিধা

ডাকঘর স্থাপনের ফলে সৃষ্ট সুযোগ সুবিধাসমূহ	সংখ্যা	শতকরা হার
(১) কম খরচে চিঠিপত্র/পার্সেল প্রেরণ	৫১৮	৮৯.২
(২) কম খরচে ও সহজে টাকা প্রেরণ/গ্রহণ	৩১৯	৫৪.৯
(৩) বিদেশ হতে টাকা প্রাপ্তি	১৬৭	২৮.৭
(৪) ছেলে মেয়েদের কলেজ/বিশ্ববিদ্যালয় ভর্তি	৪৯১	৮৪.৫
(৫) কম্পিউটার শিক্ষার সুযোগ	৫১৭	৮৯.০
(৬) বিভিন্ন সরকারি ভাতা প্রাপ্তি (বয়স্ক ভাতা, সরকারি অনুদান ইত্যাদি)	৩	০.৫
(৭) উচ্চ লাভে সঞ্চয়ের সুবিধা (সঞ্চয়পত্র, ডাকঘর সঞ্চয়পত্র, পারিবারিক সঞ্চয়পত্র ইত্যাদি)	৪৭	৮.১
একাধিক উত্তর ৫৮১		

১৪) সেবার মান বাড়ানোর জন্য তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের উন্নতির ক্ষেত্রসমূহ

এ বিষয়ে ৫৯২জন উত্তরদাতার সর্বাধিক ৪৮.৬% ডাকঘরের সেবার মান বৃদ্ধির জন্য দক্ষ জনবল নিয়োগ ৩২.৪%, ২৯.৪% এবং ২৭.৪% যথাক্রমে জানিয়েছেন যে ডাকঘরের সেবার মান বাড়ানোর জন্য ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ, বয়স্ক ভাতা, জন্ম সনদ প্রদান এবং প্রায় ১১% ইন্টারনেটের গতি বাড়ানো, ব্যাংকিং সুবিধা চালু এবং ২১.৮% মনিটরিং ও প্রচার প্রচারণা বৃদ্ধির জন্য মতামত প্রদান করেছেন (সারণি ৩.২১)।

সারণি- ৩.২১ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকসেবার উন্নতির ক্ষেত্রসমূহ

কি ধরনের উন্নতি করা দরকার	সংখ্যা	শতকরা হার
ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ	১৯২	৩২.৪
দক্ষ জনবল বৃদ্ধি	২৮৮	৪৮.৬
নিরাপত্তা নিশ্চিত করণ	১৬২	২৭.৪
সহজ শর্তে ঋণ প্রদান	৫৩	৯.০
সঞ্চয় পত্রের মুনাফা বৃদ্ধি	৫৭	৯.৬
বয়স্ক ভাতা/জন্ম সনদ প্রদান	১৭৬	২৯.৭
ইন্টারনেটের গতি বাড়ানো	৬৯	১১.৭
ব্যাংকিং সুবিধা চালু	৬১	১০.৩
মনিটরিং ও প্রচার প্রচারণা চালানো	১২৯	২১.৮
ফটোকপি ও কম্পিউটারের সুবিধা বৃদ্ধি	৪০	৬.৮
একাধিক উত্তর=৫৯২		

১৫) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের সমস্যাসমূহ

সুফলভোগী উত্তরদাতাগণ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর সমূহের যে সকল সমস্যা চিহ্নিত করেছেন তা নিম্নরূপ (সারণি ৩.২২)।

সারণি- ৩.২২: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত সেবাসম্পন্ন ডাকঘরের সমস্যাসমূহ

সমস্যা	সংখ্যা	শতকরাহার
স্কুল কলেজ ভর্তি ও রেজাল্ট পেতে সমস্যা	১০০	২৮.৯
দক্ষ জনবলের অভাব	৭৯	২২.৮
কোন সমস্যা নাই	৮৪	২৪.৩
অপর্যাপ্ত নিরাপত্তা	২৭	৭.৮
মেরামতের সমস্যা	৩৬	১০.৪
পরিবেশ ভাল নয়	৫৯	১৭.১
প্রচার কম/মনিটরিং ব্যবস্থা নেই	৩৫	১০.১
সঞ্চয়পত্রের সুবিধা নেই	৩৫	১০.১

উপরের সারণি ৩.২২ হতে দেখা যায় যে, অধিকাংশ (২৮.৯%) উত্তরদাতা স্কুল-কলেজে ভর্তি ও রেজাল্ট দেখতে অসুবিধা, ২৪.৩% নিরাপত্তার অভাব এবং ২২.৮% দক্ষ জনবলের অভাব চিহ্নিত করেছেন। এছাড়া প্রচার কম এবং মনিটরিং এর ব্যবস্থা নেই (১৭.১%), পরিবেশ ভাল নয় (১০.৪%) এবং ১০.১% সঞ্চয়পত্রের সুবিধা নেই উল্লেখ করেছেন।

৩.৯.২ কন্ট্রোল গ্রুপের খানাভিত্তিক সমীক্ষায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল

১) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের প্রয়োজনীয়তা

ই-সেবা বিহীন ডাকঘর এলাকার প্রায় শতভাগ উত্তরদাতা জানিয়েছেন যে, তাদের এলাকায় ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের প্রয়োজন।

২) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর না থাকার অসুবিধাসমূহ

এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর না থাকায় যে সকল অসুবিধা হয় নিম্নের সারণি ৩.২৩ এ প্রদান করা হলো।

সারণি-৩.২৩: কন্ট্রোল এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর না থাকায় সমস্যা

সমস্যাসমূহ	সংখ্যা	শতকরা হার
টাকা পাঠাতে সমস্যা	১০৫	৩৫.৮
সময় ও খরচ বেশি লাগে	১২৫	৪২.৭
তথ্য আদান প্রদানে সমস্যা হয়	১০০	৩৪.১
ভর্তি এবং অনলাইনে আবেদনের জন্য দূরে যেতে হয়	৯০	৩০.৭
কম্পিউটার প্রশিক্ষণের সমস্যা	১১০	৩৭.৫
ছবি তোলা, ফটোকপি এবং প্রিন্ট করা সমস্যা	৯৩	৩১.৭

৩) এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থাকলে যে সকল সুবিধা পেলেন

কন্ট্রোলগ্রুপ এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থাকলে যে সকল সুবিধা পেলেন তা নিম্নের সারণি ৩.২৪ এ প্রদান করা হলো।

সারণি-৩.২৪: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত থাকলে যে সকল সুবিধা পেলেন

যে সকল সুবিধা পেলেন	সংখ্যা	শতকরা হার
সময় সাশ্রয়	৭৩	২৫.৪
টাকা জমা রাখা নিরাপদ/লেনদেন সহজ ও সুবিধা	৬১	২১.৩
পার্শ্ব আদান প্রদানের সুবিধা	৮১	২৮.২

অনলাইনে কাজ করার সুবিধা	৮৩	২৮.৯
দেশ বিদেশে যোগাযোগ সহজ হত কম খরচ	১০৬	৩৬.৯
কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা সহজ	১০৩	৩৫.৯
ছবি তোলা, ফটোকপি, প্রিন্ট এবং কম্পোজের সুবিধা	১০৭	৩৭.৩
একাধিক উত্তর	২৮৭	

এ বিষয়ে ২১.৩% হতে ৩৭.৩% উত্তরদাতা জানিয়েছেন যে তাদের এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থাকলে তাদের যোগাযোগের জন্য সময় সাশ্রয়, টাকা লেনদেন, দেশ-বিদেশে যোগাযোগ করা, কম্পিউটার প্রশিক্ষণ এবং অন্যান্য সুযোগ-সুবিধা পেতেন।

৪) বিবিধ বিষয়ে কন্ট্রোল গ্রুপের মতামত

তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে এলাকার উন্নতির বিষয়ে ৭৯.৭% উত্তরদাতা ইতিবাচক মনোভাব (হ্যাঁ সূচক) ব্যক্ত করেছেন। এলাকার কর্ম-সংস্থানের বিষয়ে ৮২.০% এবং মহিলাদের কর্মসংস্থানের বিষয়ে ৫৩.৭% উত্তরদাতা ইতিবাচক মনোভাব ব্যক্ত করেছেন। তারা আরও জানিয়েছেন যে তাদের এলাকায় তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থাকলে কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেত। এলাকার দারিদ্র হ্রাসের বিষয়ে ৫২.৭% উত্তরদাতা ইতিবাচক মনোভাব ব্যক্ত করেছেন।

৩.৯.৩ কেআইআই (KII) হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল

প্রকল্পটির প্রভাবে মূল্যায়ন কার্যক্রমের জন্য প্রকল্প বাস্তবায়নের সাথে সংযুক্ত কর্মকর্তা ও স্টেকহোল্ডারগণের প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন সম্পর্কিত মতামত, প্রকল্প বাস্তবায়নের প্রভাব, স্থানীয় এলাকায় কর্মসংস্থান ও প্রভাব SWOT ইত্যাদি সম্পর্কিত তথ্য পূর্ব নির্ধারিত আলোচ্য বিষয় ব্যবহার করে (সংযুক্ত-৩) প্রকল্প পরিচালকসহ ডাক বিভাগের মোট ৭৪জন কর্মকর্তাদের নিকট হতে সংগ্রহ করা হয়েছে। উক্ত ৭৪ জনের মধ্যে ৫০% এর বেশী কর্মকর্তা আলোচ্য বিষয়ের সকল উত্তর প্রদান করেননি। এ পর্যায়ের ধারণা করা যাচ্ছে যে জেলা এবং উপজেলা পর্যায়ের ডাক বিভাগের কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নের সাথে সরাসরি সংযুক্ত ছিলেন না। উল্লেখ্য যে, ডাকঘরসমূহের ই-সেবা কার্যক্রম ভেন্ডার বা ইজারা গ্রহীতা দ্বারা পরিচালিত হচ্ছে। ডাকবিভাগের কর্মকর্তাগণ শুধুমাত্র ই-সেবার লভ্যাংশ গ্রহণ (মোট আয়ের ১০%) ব্যতীত ই-সেবা কার্যক্রমে সরাসরি যুক্ত নন। সাক্ষাৎকারে প্রাপ্ত ফলাফল/মতামত নিম্নে প্রদান করা হলো।

১) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত নতুন ডাকঘর নির্মাণের জন্য স্থান নির্বাচনের বিবেচ্য বিষয়সমূহ

এ বিষয়ে প্রকল্প পরিচালক নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ করেছেনঃ-

- স্থানীয় জনগণের চাহিদা;
- যে সকল স্থানে হাট-বাজার, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান আছে; এবং
- প্রচুর জনসমাগম হয় এবং ডাকঘরের আয় বৃদ্ধি পাবে এরূপ স্থান।

২) আরডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী নতুন ডাকঘর নির্মাণ এবং মেরামত কাজের অগ্রগতি

নতুন ডাকঘরের লক্ষ্যমাত্রা ৭৫০টির স্থলে ৬০০টি ডাকঘর নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ১৫০টি নির্মাণ করা সম্ভব হয়নি। পুরাতন ডাকঘর লক্ষ্যমাত্রা ৬৫০টির স্থলে ১২৬৯টি ডাকঘর মেরামত করা হয়েছে। আরডিপিপি'র লক্ষ্যমাত্রার চেয়ে অতিরিক্ত ৬১৯টি ডাকঘর মেরামতের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

৩) পুরাতন ডাকঘর মেরামত সম্পর্কিত মতামত

সর্বশেষ আরডিপিপি লক্ষ্যমাত্রা ৬৫০টি পুরাতন ডাকঘর মেরামতের স্থলে ১২৬৯টি মেরামত করা হয়েছে।

৪) যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত মতামত

সর্বশেষ আরডিপিপিতে ৭৫০ সেট যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান ছিল। কিন্তু প্রকল্পের অধীনে ১০০০ সেট যন্ত্রপাতি করা হয়েছে। এ বিষয়ে উর্ধ্বতন কর্মকর্তাদের অনুমোদনের বিষয়ে প্রকল্প পরিচালক জানিয়েছেন যে, অতিরিক্ত সংখ্যক যন্ত্রপাতি আসবাবপত্র ক্রয়ের জন্য উর্ধ্বতন কর্মকর্তাদের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

৫) প্রকল্পের অধীনে সেবার জন্য সরবরাহকৃত যন্ত্রপাতির পর্যাপ্ততা

গুরুত্বপূর্ণ তথ্য দাতার সাক্ষাৎকারে ৬৩.৫% (৪৭জন) তথ্য দাতা জানিয়েছেন যে ই-সেবার জন্য যে সকল যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে তা পর্যাপ্ত নয়। অবশিষ্ট ৩৬.৫% (২৭জন) পর্যাপ্ত বলে মতামত ব্যক্ত করেছেন। ই-সেবার জন্য যে সকল যন্ত্রপাতি প্রয়োজন এর মধ্যে ৬৬% ফটোকপিয়ার, ৭৬.৬% (৩৬ জন) ল্যাপটপ এবং প্রিন্টার, ১৯.১% ক্যামেরা এবং ২১.৩% আসবাবপত্র এবং ৮.৫% ব্রডব্যান্ড ইন্টারনেট এর প্রয়োজন বলে উল্লেখ করেছেন (সারণি ৩.২৫)। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানিয়েছেন ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি প্রকল্পের অধীনে সকল গ্রামীণ ডাকঘর (৮৫০০) এর আইসিটি কার্যক্রমের জন্য যন্ত্রাংশ ক্রয় করা হয়েছে। ফলে এ প্রকল্পের অধীনে দু'একটি ল্যাপটপ ব্যতীত কোন আইসিটি যন্ত্রাংশ ক্রয় করা হয়নি।

সারণি-৩.২৫ : তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্রের যন্ত্রপাতির পর্যাপ্ত সম্পর্কিত মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
সরবরাহকৃত যন্ত্রপাতি পর্যাপ্ত কিনা?		
হ্যাঁ	২৭	৩৬.৫
না	৪৭	৬৩.৫
মোট	৭৪	১০০.০
আরও কি কি যন্ত্রপাতি স্থাপন করা প্রয়োজন?		
যন্ত্রপাতির নাম		
ফটোকপিয়ার	৩১	৬৬.০
ক্যামেরা	৯	১৯.১
আসবাবপত্র	১০	২১.৩
ল্যাপটপ ও প্রিন্টার	৩৬	৭৬.৬
ব্রডব্যান্ড ইন্টারনেট	৪	৮.৫
মোট	৪৭	

৬) পল্লী এলাকার ডাকঘরের সেবার মান উন্নত হয়েছে কিনা এবং হয়ে থাকলে কোন কোন ক্ষেত্রে

এ বিষয়ে ৭০ জন তথ্যদাতা জানিয়েছেন যে পল্লী এলাকার ডাকঘরের সেবার মান উন্নত হয়েছে এবং অবশিষ্ট ৫.৪% ডাকঘরের সেবার মান উন্নত হয়নি বলে মতামত ব্যক্ত করেছেন। যে সকল ক্ষেত্রে ডাক সেবার মান উন্নত

হয়েছে তার মধ্যে বাড়ীর নিকটে তথ্য কম্পিউটার প্রশিক্ষণ এবং মোবাইল মানি অর্ডার প্রেরণ উল্লেখ করেছেন (সারণি ৩.২৬)

সারণি- ৩.২৬ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর সমূহের সেবার প্রদানের ক্ষেত্রসমূহ

ক্ষেত্রসমূহ	সংখ্যা	শতকরা হার
কম্পিউটার প্রশিক্ষণ	২২	৩৭.৩
ই-মেইল আদান প্রদান	২৮	৪৭.৫
অনলাইনে চাকরির আবেদন প্রেরণ	৩৪	৫৭.৬
মোবাইল মানি অর্ডার	৩	৫.১
বাড়ির কাছে তথ্য সেবা	২২	৩৭.৩
একাধিক উত্তর		

৭) পল্লী এলাকার জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে নতুন ডাকঘরের ভূমিকা

ডাকঘরের তথ্য প্রযুক্তি কেন্দ্র পল্লী এলাকার জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে যেভাবে ভূমিকা রাখছে তা নিম্নের সারণি ৩.২৭ এ প্রদান করা হলো। এ বিষয়ে সর্বোচ্চ সংখ্যক (৬৮.৭%) জানিয়েছেন যে, তথ্য-প্রযুক্তি কেন্দ্র উদ্যোক্তাদের আয় বৃদ্ধি পেয়েছে এবং ছবি প্রিন্ট করা যায় ৩৫.৪%; প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধি ২০.৮% এবং অনলাইনে ভর্তির সুযোগ ১৪.৬% এবং অর্থ সঞ্চয় ক্ষেত্রে ভূমিকা পালন করছে।

সারণি- ৩.২৭: আর্থ-সামাজিক উন্নয়নে ডাকঘরের ভূমিকা

আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রসমূহ	সংখ্যা	শতকরা হার
আধুনিক তথ্য-প্রযুক্তিতে জ্ঞান বেড়ে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে	৭	১৪.৬
তথ্য প্রযুক্তির জন্য দূরে যাতায়াত করতে হয় না	৭	১৪.৬
ছবি প্রিন্ট এবং ফটোকপি করা যায়	১৭	৩৫.৪
অর্থসঞ্চয় করে আয় বৃদ্ধি	৬	১২.৫
তথ্য-প্রযুক্তির উদ্যোক্তাদের আয় বেড়েছে	৩৩	৬৮.৭
অনলাইনে ভর্তির আবেদন এবং ফলাফল দেখতে পারা যায়	১০	২০.৮
একাধিক উত্তর (৫১)		

৮) নতুন ডাকঘরসমূহ জনগণের জন্য সেবা ভবন হিসেবে কাজ করছে কি


এ বিষয়ে সকলের ১০০% তথ্যদাতা জানিয়েছেন যে নতুন ডাকঘরসমূহ জনগণের জন্য সেবা ভবন হিসেবে কাজ করছে।

৯) তথ্য প্রযুক্তি সেবা চালু করায় পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি সংক্রান্ত মতামত

এ বিষয়ে সকল (১০০%) তথ্যদাতা জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি সেবা চালু করার ফলে পল্লী ডাকঘরসমূহের আয় বৃদ্ধি পেয়েছে।

১০) বিগত ৫ বৎসরের গড় বাৎসরিক আয় (টাকায়)

প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুসরণে বিগত ৫ বৎসরে ডাকঘরের গড় আয় নিম্নের চিত্র ৩.৩ এ প্রদান করা হলো।



উপরের চিত্র হতে দেখা যায় যে, বিগত ৫ বছরে সব চেয়ে বেশি আয় হয়েছে ২০১৭-১৮ অর্থ বছরে ২০,১৯,৮৬৬ টাকা এবং সর্বনিম্ন আয় ২০১৪-১৫ অর্থ বৎসরে মোট ১১,০১,০১০ টাকা ছিল।

১১) কিভাবে ডাকঘরসমূহ কর্ম-সংস্থান সৃষ্টি এবং ক্ষুদ্র বিনিয়োগ বৃদ্ধি করবে

এ বিষয়ে ৫০.৯% উত্তরদাতা জানিয়েছেন যে বেশি বেশি সেবা কেন্দ্র চালু করলে। অবশিষ্ট ৪৯.১% তথ্যদাতা জানিয়েছে সঞ্চয়পত্র বিক্রয়, ডিপিএস এবং এফডিআর চালু এবং একই সংখ্যক তথ্যদাতা সরকারি সকল ভাতা ডাকঘরের মাধ্যমে প্রদান করা; ১৪.৫% এবং ১০.৯% যথাক্রমে জানিয়েছেন সঞ্চয়পত্রের সুদ বৃদ্ধি করা হলে এবং ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচি চালু ও কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হলে ডাকঘরসমূহ কর্ম-সংস্থান এবং বিনিয়োগ বৃদ্ধিতে ভূমিকা পালন করবে (সারণি ৩.২৮)। উল্লেখ্য যে, কম্পিউটার প্রশিক্ষণ ব্যতীত অন্য কোন সেবা নতুন স্থাপিত ডাকঘরে এখনো চালু করা হয়নি। প্রকল্প পরিচালক জানিয়েছেন প্রতিটি গ্রামীণ ডাকঘরে একজন পুরুষ ও একজন মহিলা উদ্যোক্তা নিয়োগ করায় সরাসরি প্রায় ১২৮০ জনের কর্ম-সংস্থান হয়েছে। ভবিষ্যতে নগদ সেবা/ব্যাংকিং সেবা, ই-কমার্স, জীবন বীমাসহ EMTS ও অন্যান্য ডিজিটাল সেবা চালু করা হলে ক্ষুদ্র বিনিয়োগ বৃদ্ধি পাবে (সারণি ৩.২৮)।

সারণি-৩.২৮ : তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের মাধ্যমে কর্ম সংস্থান এবং ক্ষুদ্র বিনিয়োগ বৃদ্ধির উপায়

মতামত	সংখ্যা	শতকরা হার
সঞ্চয়পত্র, ডিপিএস এবং এফডিআর চালু করলে	২৭	৪৯.১
সরকারি সকল ভাতা ডাকঘরের মাধ্যমে প্রদান করলে	২৭	৪৯.১
বেশী বেশী সেবা কেন্দ্র চালু করলে কর্মসংস্থান সৃষ্টি হবে	২৮	৫০.৯
ডাকঘরসমূহে ডাকজীবন বীমার ন্যায় ক্ষুদ্র ঋণ কর্মসূচি চালু করলে	৫	৯.১
সঞ্চয়পত্রের সুদ হার বৃদ্ধি করলে	৮	১৪.৫
কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে	৬	১০.৯
একাধিক উত্তর (৫৫)		

১২) প্রাকৃতিক দুর্যোগের সময় ডাকঘরসমূহ আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার

উপরোক্ত বিষয়ে ৬৪.৮% তথ্যদাতা জানিয়েছেন যে ডাকঘরসমূহ প্রাকৃতিক দুর্যোগের সময় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয় না। ফোকাস গ্রুপ আলোচনায় সকল উত্তরদাতা জানিয়েছেন ডাকঘরসমূহ আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার উপযোগী নয়। এছাড়া ডাকঘর আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা হলে ডাকঘরের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা আছে।

১৩) ডাকঘর স্থাপনের ফলে পল্লী নারীর জীবনমান উন্নয়ন

অধিকাংশ (৪৯%২.) তথ্যদাতা জানিয়েছেন এলাকার মহিলারা কম্পিউটার শিক্ষার মাধ্যমে বিভিন্ন কাজ করে তাদের জীবন মান উন্নত করছে (সারণি ৩.২৯)। অপরদিকে ৩৪.৭% তথ্যদাতা জানিয়েছেন ডাকঘরসমূহে মহিলাগণ চাকুরির সুযোগ পেয়েছেন এবং আধুনিক তথ্য প্রযুক্তির জ্ঞান অর্জনসহ সঞ্চয়পত্র ক্রয় করে স্বাবলম্বী হচ্ছেন। উল্লেখ্য প্রকল্পের অধীনে নতুন স্থাপিত ডাকঘর হতে সঞ্চয়পত্র ক্রয়ের সুযোগ-সুবিধা এখনো সৃষ্টি হয়নি।

সারণি- ৩.২৯: তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে পল্লী নারীর জীবনমান উন্নয়ন

নারীর জীবন মান উন্নতির দিকসমূহ	সংখ্যা	শতকরা হার
ডাকঘরসমূহে নারীরা চাকুরির সুযোগ পেয়েছে	২৪	৩৪.৭
এলাকার মহিলারা কম্পিউটার শিখতে পারছে এবং বিভিন্ন কাজকর্ম করতে পারছে	৩৪	৪৯.২
বাড়ির কাছে ইন্টারনেট সেবা পাচ্ছে	১১	১৫.৯
ডাকঘরসমূহের মাধ্যমে পল্লী নারীরা আধুনিক তথ্য প্রযুক্তির জ্ঞান অর্জনসহ সঞ্চয়পত্র ক্রয় করে স্বাবলম্বী হচ্ছে	৩৩	৪৪.৬
একাধিক উত্তর		৭৪

১৪) নতুন ডাকঘর নির্মাণে জটিলতা ও বাঁধাসমূহ

প্রায় ৯২.৮% উত্তরদাতা জানিয়েছেন নতুন ডাকঘর নির্মাণে জটিলতা ও বাঁধার সৃষ্টি হয়নি এবং অবশিষ্ট ৭.২% জানিয়েছেন জটিলতা ও বাঁধার সৃষ্টি হয়েছে। যেসব কারণে জটিলতা ও বাঁধার সৃষ্টি হয়েছে তা নিম্নে উল্লেখ করা হলো।

- জমি সংক্রান্ত জটিলতার কারণে স্থান পরিবর্তন;
- একাধিক জায়গা প্রদান;
- গ্রাম্য গুপিং এর ফলে স্থান নির্ধারণে জটিলতা;
- ভবন নির্মাণের অনুপযুক্ত জায়গা প্রদান;
- আদালতে মামলা চলমান থাকা; এবং
- উপযুক্ত জায়গা না পাওয়া

১৫) প্রকল্পের সবল দিক

এ বিষয়ে প্রধান তথ্যদাতাগণ নিম্নলিখিত বিষয়সমূহ প্রকল্পের সবলদিক হিসেবে চিহ্নিত করেছেন।

- গ্রামের ছেলে-মেয়েরা কম্পিউটার শিখতে পারছে;
- গ্রামের মানুষ আধুনিক সেবা পাচ্ছে, মান উন্নয়ন হচ্ছে;
- ডিজিটাল বাংলাদেশ গড়তে সাহায্য করছে;
- প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে; এবং
- ছাত্র-ছাত্রীরা অনলাইনে ভর্তির আবেদন করতে পারছে।

১৬) প্রকল্পের দুর্বল দিক

প্রকল্পের দুর্বল দিক সম্পর্কিত প্রাপ্ত মতামত নিম্নে প্রদান করা হলো।

- প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাব এবং কিছু নষ্ট হয়ে আছে;
- ইন্টারনেটের ধীরগতি;
- রক্ষণাবেক্ষণ এবং বিদ্যুতের ব্যাকআপ নেই;
- দক্ষ জনবলের অভাব; এবং
- মহিলারা লেনদেন করতে সংকোচবোধ করেন, সচেতনতার অভাব।

১৭) প্রকল্পটির সুযোগসমূহ

তথ্যদাতাগণ প্রকল্পের সুযোগসমূহ নিম্নরূপভাবে উল্লেখ করেছেন

- গ্রাম এলাকার জনগণের স্বপ্ননোদিত সহযোগিতা;
- গ্রাম এলাকায় ডিজিটাল সেবা প্রদানের সুযোগ;
- সরকার কর্তৃক ঘোষিত নীতি “গ্রাম হবে শহর” বাস্তবায়নে প্রকল্পটি সহায়তা করছে;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে; এবং
- গ্রামীণ এলাকায় ICT বিষয়ে দক্ষ জনবল তৈরির সুযোগ।

১৮) প্রকল্পের ঝুঁকি

তথ্যদাতাগণ সম্ভাব্য ঝুঁকিসমূহ নিম্নরূপ উল্লেখ করেছেন

- প্রাকৃতিক দুর্যোগে ক্ষয় ক্ষতি;
- বিভিন্ন প্রকার চাঁদাবাজি;
- গার্ড না থাকার কারণে যন্ত্রপাতি চুরি হওয়ার ভয় আছে; এবং
- যন্ত্রপাতি নষ্ট হলে সহজে মেরামতের সুযোগ নেই।

১৯) পুরাতন ডাকঘর মেরামতের পর ডাক সেবার মান উন্নয়ন সম্পর্কিত মতামত

উত্তরদাতাগণের মধ্যে প্রায় ৭৪.৩% জানান যে, পুরাতন ডাকঘর মেরামতের পর ডাক সেবার মান উন্নত হয়েছে। অবশিষ্ট ২৫.৭% জানান উন্নত হয়নি। সেবারমান উন্নয়নের ক্ষেত্রসমূহ নিম্নে প্রদান করা হলো।

- তথ্য প্রযুক্তি সেবা বৃদ্ধি করা;
- ছবি এবং অন্যান্য কাগজপত্র প্রিন্ট করার সুযোগ সৃষ্টি; এবং
- কম্পিউটার শিক্ষা প্রদান করা।

২০) ডাকঘরের গ্রাহক সংখ্যা বৃদ্ধি সংক্রান্ত মতামত

ডাকঘরের গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়েছে কিনা এ প্রশ্নের জবাবে ১০০% উত্তরদাতা হ্যাঁ সূচক জবাব দিয়েছেন এবং পূর্বের তুলনায় গড়ে প্রায় ৪৫ ভাগ বৃদ্ধি পেয়েছে বলে মতামত প্রকাশ করেছেন।

২১) প্রকল্পের কাজ/অর্জন টেকসই করার জন্য যেসব ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন

প্রকল্পের কাজ/অর্জন টেকসই করার জন্য যেসব ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তা নিম্নে প্রদান করা হলো।

- প্রশিক্ষণের মাধ্যমে জনবল নিয়োগের ব্যবস্থা করা;
- বেশী বেশী সেবা চালু করা;
- ইন্টারনেট সেবা প্রদান অব্যাহত রাখা;
- ভবনগুলো মেরামত করা;
- কর্মকর্তাদের তদারকির মাধ্যমে নতুন সার্ভিস যথা নগদ, এজেন্ট ব্যাংকিং ইত্যাদি চালু করা;

- যন্ত্রপাতি মেরামত করা;
- মনিটরিং করা; এবং
- ভাল উদ্যোক্তা নিয়োগ প্রদান।

২২) বাংলাদেশের সকল ডাকঘরে (বিভাগীয়/অবিভাগীয়) তথ্য প্রযুক্তি সেবার সংস্থান রাখার প্রয়োজনীয়তা বাংলাদেশের সকল ডাকঘরে (বিভাগীয়/অবিভাগীয়) ই-সেবার সংস্থান রাখার প্রয়োজন আছে কি না? এ প্রশ্নের জবাবে ১০০% উত্তরদাতা হ্যাঁ সূচক জবাব প্রদান করেছেন।

২৩) তথ্য প্রযুক্তি সেবা জোরদার করাসহ আরও উন্নত করার জন্য সুপারিশসমূহ

তথ্য প্রযুক্তি সেবা জোরদার করাসহ আরও উন্নত করার জন্য প্রাপ্ত সুপারিশসমূহ নিম্নে দেয়া হলো

- সরকারি সকল ভাতা ডাকঘরের মাধ্যমে প্রদান করা;
- সঞ্চয়পত্রের লাভ বৃদ্ধি করা;
- প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- বেশী করে ICT যন্ত্রপাতি দেয়া;
- ফটোকপি মেশিন সরবরাহ;
- দক্ষ কম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান;
- অনলাইন সেভিং ব্যাংক চালু করা;
- এটিএম বুথের মাধ্যমে অনলাইন ব্যাংক চালু করা;
- মনিটরিং জোরদার করা; এবং
- পুরাতন এবং নষ্ট যন্ত্রপাতি দ্রুত মেরামত করা।

২৪) ডাকসেবা গ্রহণের জন্য প্রচার-প্রচারণা সংক্রান্ত মতামত

গ্রাম অঞ্চলের জনগণকে ডাক সেবা গ্রহণে আগ্রহী করার জন্য কোনরূপ প্রচার প্রচারণা করা হয় কিনা এ প্রশ্নের জবাবে ৬২.১% হ্যাঁ ও ৩৭.৯% না সূচক উত্তর দিয়েছেন। অপরদিকে ডাক বিভাগের বিভিন্ন প্রকার সাশ্রয়ী সেবার বিষয়ে পুস্তক, পুস্তিকা প্রকাশ ও বিতরণ করা হয় কিনা এ বিষয়ে ৩৯.১% হ্যাঁ এবং ৬০.৯% না সূচক উত্তর দিয়েছেন।

৩.৯.৪ এফজিডি হতে প্রাপ্ত তথ্য ও ফলাফল

প্রকল্পের অধীনে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত গ্রামীণ ডাকঘর স্থাপনের প্রভাব নির্ণয় ও মূল্যায়নের জন্য ডাকঘরের সুবিধা গ্রহণ করেছেন এরূপ সুবিধাভোগীদের সমন্বয়ে ৮টি দলীয় আলোচনা অনুষ্ঠান করা হয়েছে। নিম্নের সারণি ৩.৩০ এ জেলা, উপজেলা ও ডাকঘর ভিত্তিক এফজিডি'র স্থানসমূহ প্রদান করা হলো।

সারণি-৩.৩০ : জেলা, উপজেলা ও ডাকঘর ভিত্তিক এফজিডি'র স্থান

ক্রমিক	জেলা	উপজেলা	পোস্ট অফিস	স্থান
১	মানিকগঞ্জ	ঘিওর	বড়টিয়া	বড়টিয়া ইউনিয়ন পরিষদের কার্যালয়
২	ময়মনসিংহ	নান্দাইল	খারুয়া	খারুয়া পোস্ট অফিস
৩	বাগেরহাট	কচুয়া	আন্দারমানিক	আন্দারমানিক পোস্ট অফিস

৪	ভোলা	ভোলা সদর	চন্দ্রপাসাদ	চন্দ্রপাসাদ পোস্ট অফিস
৫	রাজশাহী	তানোর	চান্দুড়িয়া	চান্দুড়িয়া পোস্ট অফিস
৬	দিনাজপুর	চিরির বন্দর	রাণীর বন্দর	রাণী বন্দর সরকারী প্রাথমিক বিদ্যালয়
৭	চট্টগ্রাম	সাতকানিয়া	ইছামতি	ইছামতি পোস্ট অফিস
৮	সিলেট	গোলাপগঞ্জ	চন্দরপুর	চন্দরপুর পোস্ট অফিস

দলীয় আলোচনাসমূহ নির্ধারিত আলোচ্য বিষয় অনুসরণে পরিচালনা করা হয়েছে। দলীয় আলোচনায় গড়ে প্রায় ১০ জন করে ডাকসেবা গ্রহীতা উপস্থিত ছিলেন। উত্তরদাতের গড় বয়স, পেশা এবং শিক্ষাগত যোগ্যতা নিম্নের সারণি ৩.৩১ প্রদান করা হলো।

সারণি-৩.৩১: দলীয় আলোচনার অংশগ্রহণকারীদের গড় বয়স, পেশা এবং শিক্ষাগত যোগ্যতা

ক্রঃনং	দলীয় আলোচনার স্থান	বয়স	শিক্ষাগত যোগ্যতা	পেশা						মোট
				কৃষি	ব্যবসা	সরকারি চাকুরি	ছাত্র	শিক্ষক	জন প্রতিনিধি	
১	বড়টিয়া, ঘিওর, মানিকগঞ্জ	৩৫-৭১	৮ম-এমবিএ/এমএসসি	১	০	৩	৩		৪	১১
২	খারুয়া, নান্দাইল, ময়মনসিংহ	২০-৫০	৮ম-বিএ	০	৭	১	০	০	১	৯
৩	আন্দারমানিক, কচুয়া, বাগেরহাট	২০-৫২	এসএসসি-এলএলবি	০	১	১	৪	১	২	৯
৪	চন্দ্রপাসাদ পোস্ট অফিস, ভোলা সদর	২১-৪৬	৫ম-বি এসসি	০	৭	১	০	০	১	৯
৫	চান্দুড়িয়া, তানোর, রাজশাহী	৩০-৪৮	এসএসসি-এসএসএম	১	১	০	১	৬		৯
৬	রাণী বন্দর সরকারী প্রাথমিক বিদ্যালয়, চিরির বন্দর, দিনাজপুর	২৫-৫১	এসএসসি-এসএসএম	২	২	১	১	৩	১	১০
৭	ইছামতি, সাতকানিয়া, চট্টগ্রাম	১৬-৭৩	৫ম-এইচএসসি	২	৪	০	৩	১	০	১০
৮	চন্দরপুর পোস্ট অফিস, সিলেট	২২-৫১	এসএসসি-এসএসএম	২	২	১	১	৩	১	১০

উপরের সারণি ৩.৩১ হতে দেখা যায় যে, দলীয় আলোচনায় অংশগ্রহণকারীদের বয়স সর্বনিম্ন ২০ বৎসর হতে ৭৩ বৎসর পর্যন্ত ছিল এবং শিক্ষাগত যোগ্যতা এসএসসি হতে এমএসসি ও এমবিএ ডিগ্রীধারীগণ ছিলেন। প্রায় সকল পেশায় লোকজন দলীয় আলোচনায় অংশগ্রহণ করেছেন। এ পর্যায়ে ধারণা করা যায় যে, জ্ঞানভিত্তিক দলীয় আলোচনায় ডাক সেবা গ্রহণকারী সকল শ্রেণি পেশার লোকজনের মতামত প্রতিফলিত হয়েছে। আলোচনায় প্রাপ্ত ফলাফল ও মতামত নিম্নে প্রদান করা হলো।

১) নতুন ডাকঘরের সেবা গ্রহণ

দলীয় আলোচনায় অংশগ্রহণকারী সকলেই জানান যে তাঁরা ডাকসেবা গ্রহণ করেন।

২) ডাকঘর সেবা গ্রহণের ধরন

সকলেই জানান যে, সাধারণ ডাক সেবা (চিঠি পত্র আদান-প্রদান) গ্রহণসহ ডাক ই-সেবা, যেমন ছবি প্রিন্ট, ফটোকপি, ই-মেইল, পরীক্ষার ফলাফল জানা, অনলাইনে কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন, চাকুরির আবেদন পত্র প্রেরণ, কম্পিউটার প্রশিক্ষণ ইত্যাদি সেবা ডাকঘর থেকে গ্রহণ করেন।

৩) ডাকঘর স্থাপনের ফলে আপনারা কি ধরনের সুযোগ, সুবিধা ও উপকার পাচ্ছেন

এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণকারীগণ জানান যে, ই-সেবা সংযুক্ত ডাকঘর স্থাপনের ফলে যোগাযোগের জন্য তাদের ডাকঘরে যাতায়াতের ভাড়া কম লাগছে এবং সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে। এছাড়াও শহরের সেবা গ্রামে এবং তথ্য প্রযুক্তিগত যোগাযোগ সেবা অনেক সহজ ও হাতের কাছে পাওয়া যাচ্ছে।

৪) ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা গ্রহণ এবং ফি এর পরিমাণ

চট্টগ্রামের সাতকানিয়া উপজেলায় নির্মিত ডাকঘর এলাকায় ৫০% উত্তরদাতা, দিনাজপুরের চিরির বন্দর উপজেলার ৮০% উত্তরদাতা এবং অবশিষ্ট ৪টি অঞ্চলের ১০০% উত্তরদাতা ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা গ্রহণ করেছেন। সকল স্থানের উত্তরদাতা জানিয়েছেন যে, তথ্য প্রযুক্তি সেবার জন্য ফি প্রদান করতে হয়। কাজের/সেবার ধরন অনুযায়ী ফি এর পরিমাণ ই-সেবা পরিচালক কর্তৃক নির্ধারিত হয়। ফি এর পরিমাণ স্থানভেদে কম বেশী হয়। মুদ্রণের জন্য প্রতি পাতা ২-৫ টাকা, আবেদনপত্র পাঠাতে ৩০-৫০ টাকা, ই-মেইল প্রেরণের জন্য ১০-১৫ টাকা, কম্পিউটার প্রশিক্ষণের জন্য কোর্সের মেয়াদ ভেদে ৫,০০০ টাকা হতে ১৫,০০০ টাকা পর্যন্ত ফি প্রদান করতে হয়।

৫) আর্থ-সামাজিক জীবনমান উন্নয়নে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের অবদান

সকল স্থানের দলীয় আলোচনায় অংশগ্রহণকারীগণ জানিয়েছেন যে, তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত নতুন ডাকঘর স্থাপন তাদের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা পালন করেছে। যেমন হাতের কাছে ই-সেবা পাওয়ায় দেশ-বিদেশের সাথে যোগাযোগ সহজ ও সাশ্রয়ী হয়েছে এবং অন্যান্য ডিজিটাল সেবা পাওয়ার ফলে তারা বিবিধভাবে উপকৃত হচ্ছেন।

৬) তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর নির্মাণের ফলে কাজের সুযোগ বৃদ্ধি

প্রায় সকল স্থানের দলীয় আলোচনার অংশগ্রহণকারীগণ জানিয়েছেন যে ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে তাদের কাজের সুযোগ সুবিধা বৃদ্ধি পাচ্ছে। যেমন অনেকে কম্পিউটার প্রশিক্ষণ শেষে বিভিন্ন স্থানে কাজ করছেন।

৭) ডাকঘরের আয় বৃদ্ধি

সকল স্থানের দলীয় আলোচনায় অধিকাংশ অংশগ্রহণকারী ই-সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে ডাকঘরের আয় বৃদ্ধি পাচ্ছে বলে মতামত ব্যক্ত করেছেন।

৮) এলাকার ব্যবসা বাণিজ্য বৃদ্ধিতে ডাকঘরের অবদান

প্রায় সকল স্থানের অধিকাংশ উত্তরদাতা জানিয়েছেন নতুন ডাকঘর স্থাপনের ফলে টাকা আদান-প্রদান সহজ হওয়ায় ব্যবসা-বাণিজ্য বৃদ্ধিতে ডাকঘর অবদান রাখছে।

৯) দেশ-বিদেশের সাথে কম খরছে এবং সহজে যোগাযোগ সুবিধা বৃদ্ধি

সকল স্থানের প্রায় শতভাগ উত্তরদাতা জানিয়েছেন যে ই-সেবায়ুক্ত নতুন ডাকঘর স্থাপনের ফলে ই-মেইল, ইন্টারনেটের মাধ্যমে দেশ-বিদেশের সাথে কম খরচে এবং সহজে যোগাযোগ সুবিধা বৃদ্ধি পাচ্ছে।

১০) ডাকঘর স্থাপনের ফলে কর্ম-সংস্থান/কাজের সুযোগ সৃষ্টি/বৃদ্ধি

এ বিষয়ে আলোচনায় মিশ্র ফলাফল পাওয়া গিয়েছে। দু-একটি স্থানের উত্তরতাদাগণ জানিয়েছেন যে ডাকঘর নির্মাণের কাজে অস্থায়ীভাবে শ্রমিক হিসেবে কিছু লোকের এবং উদ্যোক্তা হিসেবে কিছু লোকে কর্ম-সংস্থান হয়েছে। একটি স্থানের (মানিকগঞ্জ) অংশগ্রহণকারীগণ জানিয়েছেন যে, ডাকঘর স্থাপনের ফলে কর্ম-সংস্থানের সুযোগ সুবিধা তেমন সৃষ্টি হয়নি।

১১) দেশ-বিদেশের সাথে কম খরচে এবং সহজে যোগাযোগ সুবিধা বৃদ্ধি

প্রায় সকল স্থানের শতভাগ অংশগ্রহণকারীগণ জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে তাদের দেশ বিদেশের সাথে কম খরচে ও সহজে যোগাযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে। ই-মেইলের মাধ্যমে তারা আবেদনপত্র, ছবি এবং অন্যান্য ডকুমেন্টস প্রেরণ করতে পারছেন।

১২) সঞ্চয়পত্র, পারিবারিক সঞ্চয়পত্র, ডাক জীবন বীমা ইত্যাদিতে

সকল স্থানের উত্তরদাতাগণ জানিয়েছেন যে নতুন স্থাপিত ডাকঘরে সঞ্চয়পত্র ক্রয়-বিক্রয় এখনো চালু হয়নি। নতুন ডাকঘরে এরূপ সুযোগ সৃষ্টি হলে তারা সঞ্চয়পত্র, ডাক জীবন বীমা ইত্যাদি ক্রয় করবেন।

১৩) ডাকঘরে সঞ্চয়ের ফলে আয় বৃদ্ধি

ডাকঘরে সঞ্চয়কারীগণ জানিয়েছেন যে তাদের আয় বৃদ্ধি পাচ্ছে। তবে অনেক অংশগ্রহণকারী আলোচক জানিয়েছেন যে, ডাকঘরের সঞ্চয়পত্র, ডাক জীবন বীমার সুদের হার হ্রাস করায় তারা ডাকঘরে সঞ্চয় করতে নিরুৎসাহিত হচ্ছেন এবং তাদের আয় হ্রাস পাচ্ছে।

১৪) ডাকঘরে সঞ্চয়ের বিপরীতে ক্ষুদ্র ঋণ প্রদান করা হলে এলাকার ক্ষুদ্র শিল্প, হস্তশিল্প, ব্যবসা-বাণিজ্য এবং কর্ম-সংস্থান বৃদ্ধি সংক্রান্ত মতামত

সকল স্থানে আলোচনায় অংশগ্রহণকারীগণ জানিয়েছেন যে ডাকঘরে সঞ্চয়ের বিপরীতে কম সুদে ক্ষুদ্র ঋণ প্রদান করা হলে গ্রামীণ এলাকায় ক্ষুদ্র শিল্প, হস্ত শিল্প, হাঁস-মুরগি, গরু-ছাগল পালন, গরু মোটাজাকরণ, মাছ চাষ ইত্যাদি বহুগুণে বৃদ্ধি পাবে এবং ব্যাপক কর্মসংস্থান হবে।

১৫) ক্ষুদ্র ঋণ প্রদান করা হলে গরিব, দুঃস্থ ও বিধবা মহিলাদের উপকার/কর্মসংস্থান হবে কিনা সম্পর্কিত মতামত

সকল স্থানের ১০০% আলোচক জানিয়েছেন যে গরিব, দুঃস্থ ও বিধবা মহিলাদের ক্ষুদ্র ঋণ প্রদান করা হলে হাঁস-মুরগি পালন, সবজি চাষ ইত্যাদির মাধ্যমে তাদের কর্ম-সংস্থান হবে এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হবে। ডাক বিভাগের এরূপ কর্মসূচি চালু করা প্রয়োজন।

১৬) নতুন ডাকঘরটি দুর্যোগের সময় (বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস) আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করছেন কিনা?

দলীয় আলোচনায় প্রায় শতভাগ অংশগ্রহণকারী জানিয়েছেন যে, নব নির্মিত ডাকঘর তারা প্রাকৃতিক দুর্যোগের সময় ব্যবহার করেননি। এতো ছোট জায়গা (প্রায় ৪৩৫ বর্গফুট প্রতিটি ডাকঘর) আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার উপযোগী নয়। এছাড়া ডাকঘর আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করা হলে এর নিরাপত্তা বিদ্বিত হতে পারে।

১৭) ডাকঘরটির সেবা সন্তোষজনক কিনা না

দলীয় আলোচনায় মিশ্র প্রতিভাব পাওয়া গিয়েছে। তবে প্রায় ৮০ ভাগ আলোচক জানিয়েছেন যে নতুন স্থাপিত ডাকঘরের সেবা মোটামুটি সন্তোষজনক।

১৮) ডাকঘরে তথ্য-প্রযুক্তি কেন্দ্র স্থাপনের ফলে আমাদের স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়া সহজ হবে কিনা

প্রায় শতভাগ আলোচক জানিয়েছেন যে, ডাকঘরে তথ্য প্রযুক্তি সেবা সংযুক্ত করা হলে আমাদের স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়া সহজ হবে; এক ধাপ অগ্রগতি হয়েছে।

১৯) ডাকঘরটিতে বর্তমানে কোন অসুবিধা আছে কিনা? থাকলে কি ধরনের অসুবিধা আছে?

এ বিষয়ে নিম্নরূপ প্রতিভাব পাওয়া গিয়েছে, যথাঃ-

- নৈশ প্রহরী নেই, নিরাপত্তা বিঘ্ন এবং কম্পিউটারসহ মূল্যবান যন্ত্রপাতি চুরি হতে পারে;
- তথ্য প্রযুক্তি সেবার যন্ত্রপাতি অপ্রতুল। অনেক স্থানে ইলেকট্রনিক যন্ত্রপাতি কাজ করছে না, মেরামতের ব্যবস্থা নেই। মেরামতের খরচ বেশি হওয়ায় ভেস্তারগণ মেরামত করতে পারছেন না। অনেক স্থানে ফটোকপিয়ার, ল্যাপটপ নষ্ট এবং বড় ফটোকপিয়ার প্রয়োজন। ডাক বিভাগের এ সকল যন্ত্রপাতি মেরামত করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন;
- কম্পিউটার অপারেটর দক্ষ নন। দক্ষ অপারেটর/ভেস্তার নিয়োগ করা প্রয়োজন; এবং
- বসার বেঞ্চ প্রদান করা প্রয়োজন ইত্যাদি।

২০) ডাকঘরটি আরও উন্নত করার মতামত/সুপারিশ

নব নির্মিত ডাকঘরসমূহ উন্নত করার জন্য নিম্নলিখিত সুপারিশসমূহ পাওয়া গিয়েছে যথাঃ-

- নিরাপত্তা সমস্যা নিরসন করা প্রয়োজন। নৈশ প্রহরী নিয়োগ করা যেতে পারে;
- নতুন ডাকঘরে সঞ্চয়পত্র ক্রয়-বিক্রয় চালু করা আবশ্যিক;
- সকল সেবা দান-অনুদান (বয়স্ক ভাতা, বিধবা ভাতা ইত্যাদি) ডাকঘরের মাধ্যমে প্রদানের ব্যবস্থা করা;
- ডাকঘরের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদানের ব্যবস্থা করা;
- মোবাইল মানি অর্ডার আদান-প্রদানের ব্যবস্থা করা;
- আরো ডিজিটাল মেশিনপত্র প্রদান এবং অকেজো যন্ত্রপাতি মেরামতের ব্যবস্থা গ্রহণ করা;
- ডাকঘরের জনবল বৃদ্ধি এবং সেবার মান উন্নত করা;
- ফ্রি ইন্টারনেট সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- গণ মাধ্যমে ডিজিটাল ডাকঘরের কার্যক্রম প্রান্তিক জনগোষ্ঠিকে অবহিত করার জন্য প্রচার-প্রচারণা করা; এবং
- বিদ্যুতের লোড শেডিং এর জন্য ই-সেবা প্রদান ব্যাহত হওয়ায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য সৌর বিদ্যুৎ সংযোগ প্রদান করা।

চতুর্থ অধ্যায়

SWOT বিশ্লেষণ

প্রকল্পের সবল ও দুর্বলদিক এবং সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ হচ্ছে, যে কোন প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে বা বাস্তবায়ন পরবর্তী সময়ে প্রকল্পের অর্জনসমূহের দীর্ঘস্থায়িত্ব বা টিকে থাকার সক্ষমতা বিচার বিবেচনার জন্য প্রকল্পের অভ্যন্তরীণ এবং প্রকল্প বহির্ভূত বিভিন্ন উপদানের প্রভাব সনাক্তকরণ ও বিশ্লেষণের একটি ধারণাগত কাঠামো। প্রকল্পের সবল দিকের উপাদান হচ্ছে প্রকল্পের সম্পদ, ব্যবস্থাপনা পদ্ধতি এবং সৃষ্টি সুযোগ সুবিধা টেকসই করার ব্যবস্থা থাকা। অপরদিকে সবলদিকের বিপরিত ধর্মী উপাদানসমূহ হচ্ছে যে কোন প্রকল্পের দুর্বলদিক। সুযোগ হচ্ছে প্রকল্প বহির্ভূত উপাদান যা প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা করে থাকে এবং ভবিষ্যতে ব্যবহার করা সম্ভব। ঝুঁকি হচ্ছে প্রকল্প বহির্ভূত উপাদান যা প্রকল্পের অর্জন ধ্বংস বা নষ্ট করে দিতে পারে। এ পর্যায়ে প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ের বিভিন্ন দিক এবং বাস্তবায়নোত্তর প্রকল্পের অধীনে সৃষ্টি সুবিধাদি টেকসইকরণ এবং প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত বিবেচনা ও ইন্টারন্যাশনাল SWOT মেট্রিক্স বিশ্লেষণ মডেল (Wikipedia) অনুসরণে নিম্নে প্রদান করা হলো।

প্রকল্পের সবল দিক	প্রকল্পের দুর্বল দিক
<ul style="list-style-type: none">সংস্থান অনুযায়ী জনবল নিয়োগ	<ul style="list-style-type: none">খন্ডকালীন দায়িত্বে প্রকল্প পরিচালক নিয়োগ
<ul style="list-style-type: none">প্রয়োজনীয় অর্থের সংস্থান ও যথাসময়ে অর্থছাড়	<ul style="list-style-type: none">প্রকল্পের কার্যক্রম টেকসই করার ব্যবস্থা করা হয়নি
<ul style="list-style-type: none">প্রকল্পের কার্যক্রম সুনির্দিষ্ট ভাবে সনাক্তকরণ এবং খাতওয়ারী বাজেট প্রস্তুত	<ul style="list-style-type: none">ICT যন্ত্রপাতি মেরামতের সুযোগ নেই
<ul style="list-style-type: none">বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন	<ul style="list-style-type: none">নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নেই
<ul style="list-style-type: none">মন্ত্রণালয়/আইএমইডি কর্তৃক নিয়মিত মনিটরিং	<ul style="list-style-type: none">বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নেই
<ul style="list-style-type: none">সুফলভোগীদের সহযোগিতা	<ul style="list-style-type: none">অনেক তথ্য প্রযুক্তি কেন্দ্র দক্ষ জনবল নেই
<ul style="list-style-type: none">ষ্টিয়ারিং কমিটি গঠন ও কমিটির সভা অনুষ্ঠান	<ul style="list-style-type: none">ইটারনেটের ধীরগতি
<ul style="list-style-type: none">আইসিটি বিষয়ে শিক্ষা লাভের সুযোগ	<ul style="list-style-type: none">প্রয়োজনীয় সংখ্যক ICT যন্ত্রপাতি নেই
<ul style="list-style-type: none">আত্মকর্মসংস্থানের সুযোগ	
<ul style="list-style-type: none">গ্রামের মানুষের জন্য আধুনিক ডাক সেবা প্রদান	
<ul style="list-style-type: none">ডিজিটাল বাংলাদেশ গড়ার সুযোগ	
সুযোগের নির্দেশক	প্রকল্পের ঝুঁকি
<ul style="list-style-type: none">বিনা মূল্যে ডাকঘরের জন্য জমি দান	<ul style="list-style-type: none">প্রকল্প এলাকায় জটিল রাজনৈতিক দ্বন্দ্ব ছিল
<ul style="list-style-type: none">সুফলভোগীদের স্বপ্রণোদিত সহযোগিতা	<ul style="list-style-type: none">বন্যা বা প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে
<ul style="list-style-type: none">স্থানীয় প্রশাসন ও জনগণের সহযোগিতা	<ul style="list-style-type: none">প্রকল্পের কাজ বাস্তবায়নে বহিরাগতদের অনৈতিক হস্তক্ষেপ ছিল
<ul style="list-style-type: none">প্রশাসনিক মন্ত্রণালয়সহ অধিদপ্তরের সহযোগিতা	<ul style="list-style-type: none">কিছু এলাকায় নতুন মাটি ভরাট করে যথাযথভাবে compact না করে ভবন নির্মাণ
<ul style="list-style-type: none">এমপি/মন্ত্রীদের পৃষ্ঠপোষকতা/ সুনজর ইত্যাদি	<ul style="list-style-type: none">প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নেই
<ul style="list-style-type: none">দক্ষ জনবল তৈরি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	<ul style="list-style-type: none">ডাকঘরের সীমানা প্রাচীর নেই

তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ প্রকল্পটির প্রভাব মূল্যায়নের সার্বিক পর্যবেক্ষণ ডিপিপি/আরডিপিপি, প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এবং মাঠ পর্যায় হতে বিভিন্ন পদ্ধতিতে তথ্য সংগ্রহের আলোকে নিম্নে প্রদান করা হলো।

৫.১ ডিপিপি ও আরডিপিপি অনুমোদন ও সংশোধন এবং লগফ্রেম পর্যবেক্ষণ

- No cost extension basis এ প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ ইং পর্যন্ত বৃদ্ধি করা হলেও দুই মেয়াদে DPP/ RDPP তে প্রকল্প বাস্তবায়ন প্রস্তাবিত ব্যয় বৃদ্ধি দেখানো হয়েছে;
- ডিপিপি/আরডিপিপিতে নতুন ডাকঘর নির্মাণের তালিকা প্রদান করা হলেও পুরাতন ডাকঘর মেরামতের তালিকা প্রদান করা হয়নি;
- প্রকল্প সমাপ্তির ১ (এক) বৎসর বিলম্বে PCR প্রস্তুত এবং দাখিল করা হয়েছে;
- প্রকল্পের কার্যক্রম টেকসই করার কোন পরিকল্পনা প্রকল্প দলিলে নেই; এবং
- প্রকল্প প্রস্তাবনার লগফ্রেম পর্যালোচনা করে দেখা যায় যে, ইহা যথাযথভাবে তৈরি করা হয়নি। প্রকল্প বাস্তবায়নের আউটকাম এবং সম্ভাব্য প্রভাবের বিষয়ে কোন বর্ণনা ডিপিপিতে প্রদান করা হয়নি। প্রকল্প প্রস্তাবনায় সম্ভাব্য ঝুঁকি এবং আউটপুট সেকশনে মানব সম্পদ উন্নয়ন বর্ধিত কর্ম-সংস্থান, বৈদেশিক মুদ্রা অর্জন ইত্যাদি বিষয়ে উল্লেখ করা হয়নি।

৫.২ প্রকল্প পরিচালক নিয়োগ পর্যবেক্ষণ

প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২০১১-১২ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত ৫ বৎসর মেয়াদে ডাক বিভাগের অতিরিক্ত মহাপরিচালক/ পরিচালক HOPE (প্রধান ক্রয় কর্মকর্তা) পদ মর্যাদার ৪ (চার) জন কর্মকর্তাকে খন্ডকালীন দায়িত্বে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছিল। ফলে কাজের গতি ধীর হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ প্রকল্প শুরুর ১ বছর বিলম্ব করা হয়েছে।

৫.৩ আসবাবপত্র, যন্ত্রপাতি ও মটরসাইকেল ক্রয় পর্যবেক্ষণ

- দ্বিতীয় সংশোধিত ডিপিপিতে ৭৫০ সেট (প্রতি সেটে ৭ আইটেম, মোট ৫২৫০টি) আসবাবপত্র ক্রয়ের সংস্থান থাকলেও ১২,৩১৪টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে। যন্ত্রপাতি খাতের ওজন মাপার যন্ত্র ৭৫০টির স্থলে ১০০০টি ক্রয় করা হয়েছে;
- সকল আসবাবপত্র এবং ওজন মাপার যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির শেষ সময় জুন ২০১৭ সালে ক্রয় এবং আগস্ট ২০১৭, মাসে ডাক বিভাগের বিভিন্ন সার্কেলে বিতরণ করা হয়েছে;
- সরকারি নিয়ম অনুযায়ী আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম লিখা হয়নি। লেটার বক্স ও নোটিশ বোর্ড অনেক ডাকঘরে টাংগানো হয়নি;

- দ্বিতীয় সংশোধিত ডিপিপিতে মটরসাইকেল ক্রয়ের সংস্থান না থাকা সত্ত্বেও ১৫টি মটরসাইকেল ক্রয় করা হয়েছে;
- সরেজমিনে পরিদর্শনকালে দেখা গিয়েছে অনেক ভবনে ফাটল দেখা দিয়েছে, সংগৃহীত যন্ত্রপাতি কোন স্থানে যথাসময়ে স্থাপন করা হয়নি এবং খুচরা যন্ত্রাংশের অভাবে ICT যন্ত্রপাতি কাজ করছে না। ফলে সেবা ব্যাহত হচ্ছে;
- ভূমি অধিগ্রহণের জন্য ২৫০.০ লক্ষ সংস্থান রাখা হলেও পিসিআর অনুসরণে দেখা যায় ভূমি অধিগ্রহণ বাবদ কোন ব্যয় হয়নি; এবং
- নতুন ডাকঘর নির্মাণ প্রকল্পের প্রাক্কলনে প্রতিটি ডাকঘরের জন্য দুইটি করে সিলিং ফ্যান সরবরাহের সংস্থান ছিল। এ পর্যায়ে পৃথকভাবে অতিরিক্ত ২,০০০টি সিলিং ফ্যান ক্রয় সমর্থনযোগ্য নয়।

৫.৪ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদির স্থায়িত্ব এবং Exit strategy পর্যবেক্ষণ

- প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদির স্থায়িত্ব এবং Exit strategy ডিপিপি/আরডিপিপিতে প্রদান করা হয়নি।
- নব নির্মিত ডাকঘরসমূহ সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণ করে উল্লেখযোগ্য সংখ্যক ডাকঘরে নির্মাণজনিত এবং নির্মাণ পরবর্তী সময়ের ত্রুটি যথা, ভবনের ফ্লোরে ফাটল (১৭%), ফ্লোর অসমতল/উঁচুনিচু (১৭%), বীমে ফাটল (১৭%), কলামে ফাটল (৮%) এবং ১৬% ভবনের দরজা জানালা খারাপ দেখা গিয়েছে। প্রকল্পের কাজ যথাযথভাবে তদারকি করা হয়নি বলে এরূপ ত্রুটি বিচ্যুতি হয়েছে বলে ধারণা করা যায়;
- সরেজমিনে পরিদর্শনে ১৭% ভবনের স্যানিটারি ফিটিংস এবং ৩৩% ভবনের ইলেকট্রিক সুইচ, ওয়ারিং ভাল পাওয়া গিয়েছে;
- প্রবল বৃষ্টি/বন্যা হলে ১৭% ভবনে পানি প্রবেশ করে এবং ৪২% ভবনের সামনের রাস্তায় পানি জমে। এ পর্যায়ে ধারণা করা যায় যে, ভবনসমূহের কাঠামো (Structure) ঠিক থাকলেও ভবনসমূহ সহসাই মেরামত ও নবায়নের কাজ করতে হবে;
- কিছু কিছু নতুন ডাকঘর তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র হিসেবে জনপ্রিয়তা অর্জন করলেও কিছু ডাকঘর অত্যন্ত প্রত্যন্ত অঞ্চলে এবং ডাকঘরের নিকটবর্তী এলাকায় হাট-বাজার, স্কুল-কলেজ বা বাণিজ্যিক এলাকা নেই। এ সকল স্থানের ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র জনপ্রিয়তা অর্জন করতে পারেনি।
- উপজেলা ডাকঘরের ই-সেবা কেন্দ্র এক সময় জনপ্রিয় থাকলেও প্রয়োজনীয় যন্ত্রপাতি, দক্ষ অপারেটরের অভাবে এবং ব্যক্তিগত পর্যায়ে নিকটবর্তী স্থানে অনেক ই-সেবা কেন্দ্র চালু হওয়ায় উপজেলা ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা কেন্দ্র চাহিদা হারাচ্ছে। এ পর্যায়ে ধারণা করা যায় যে, নতুন স্থাপিত সকল ডাকঘরের তথ্য প্রযুক্তি সেবা আরো উন্নত করতে হবে।

৫.৫ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর থেকে সেবা গ্রহণ এবং সেবা গ্রহণে সন্তুষ্টি সম্পর্কিত মতামত

তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর এলাকার ৯৭.৮% উত্তরদাতা জানিয়েছেন যে তারা সেবা গ্রহণ করেন এবং ৯৩.০% উত্তরদাতা সেবা গ্রহণে সন্তুষ্ট বলে অভিমত প্রকাশ করেছেন।

৫.৬ সুবিধাভোগীদের সেবার পূর্বের এবং বর্তমান অবস্থার একটি তুলনামূলক বিশ্লেষণ

- পূর্বে লম্বা লাইন এ দাঁড়াতে হতো ফলে অধিক সময় ব্যয় হতো;
- বর্তমানে কোন লাইন হয় না ফলে সেবার জন্য সময় কম লাগে;
- পূর্বে ডাক বিভাগের কর্মকর্তাগণ অত্যন্ত ব্যস্ত থাকতেন ফলে কোন বিষয়ে পরামর্শ করা যেত না;
- বর্তমানে লাইন না থাকায় কথা বলা/পরামর্শ করা যায়;
- পূর্বে ICT সেবা ছিলো না ফলে এ সেবার জন্য উপজেলা বা শহরে যেতে হতো;
- বর্তমানে ডাক বিভাগের কর্মকর্তাগণ হাসি মুখে সেবা দিয়ে থাকেন;
- ডাক সেবার জন্য আবার আসতে অনুরোধ করেন; এবং
- বর্তমানে সিনিয়র সিটিজেনদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান করে থাকেন।

৫.৭ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর হতে সেবা গ্রহণের সুযোগ সুবিধা

সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা (৪১.১%) জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে তাদের যোগাযোগ খরচ কম এবং সময় সাশ্রয় হচ্ছে। তারা গ্রামীণ এলাকায় ইন্টারনেট সেবা এবং বিদেশ সহজে যোগাযোগ, ই-মেইল আদান-প্রদান এবং কম্পিউটার প্রশিক্ষণের সুবিধা এবং স্ক্যানিং, প্রিন্টিং অনলাইনে ভর্তির সুযোগ পাচ্ছেন।

৫.৮ তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে পূর্বের তুলনায় বর্তমান কর্মসংস্থান এবং কর্মসংস্থানের খাত

তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপনের ফলে এলাকায় ইতিবাচক পরিবর্তন হয়েছে। সরকারি চাকুরি, বিদেশে চাকুরি, কৃষিপণ্য বাজারজাতকরণ, ক্ষুদ্রব্যবসা, পরিবহন ক্ষেত্র, মৎস্যচাষ, অবকাঠামো নির্মাণ, গরু-ছাগল, হাস-মুরগি পালন ইত্যাদি খাতে কর্মসংস্থান হয়েছে।

৫.৯ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের মাত্রা পর্যবেক্ষণ

- দুইবার প্রকল্প প্রস্তাবনা সংশোধন ও বাস্তবায়ন সময় বৃদ্ধি করা হলেও নতুন ডাকঘর নির্মাণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি;
- পুরাতন ডাকঘর ভবন মেরামতের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে;
- প্রকল্প সমাপ্তির শেষ মাসে আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয় এবং সরবরাহ করার ফলে নতুন ডাকঘর প্রকল্প সূচনালগ্ন হতে কাজ করেনি বলে ধারণা করা যায়;
- তথ্য প্রযুক্তি সংযুক্ত ডাকঘরের প্রতি পল্লী এলাকার জনগণের ব্যাপক আগ্রহ আছে;
- নতুন সেবা, যেমন নগদ, ব্যাংকিং সেবা, ডাকঘর সঞ্চয়, ই-কমার্স, ডাক জীবন বীমাসহ অন্যান্য ডিজিটাল সেবা পল্লী এলাকায় স্থাপিত নতুন ও পুরাতন ডাকঘরে চালু করা সম্ভব হলে স্থানীয় জনগণের কর্মসংস্থান, জীবন মান উন্নয়ন, উদ্যোক্তা সৃষ্টি হবে এবং প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য পূর্ণমাত্রায় অর্জিত হবে।

৫.১০ নতুন ডাকঘর নির্মাণ কাজের লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার প্রধান কারণসমূহ

- জমি সংক্রান্ত জটিলতার কারণে স্থান পরিবর্তন;
- একাধিক জায়গা প্রদান;
- গ্রাম্য গুপিং এর ফলে স্থান নির্ধারণে জটিলতা;
- ভবন নির্মাণের অনুপযুক্ত জায়গা প্রদান;
- আদালতে মামলা চলমান থাকা; এবং
- উপযুক্ত জায়গা না পাওয়া।

৫.১১ নারীদের জীবনমান উন্নয়নে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘরের ভূমিকা পর্যবেক্ষণ

খানা জরিপে অধিকাংশ উত্তরদাতা (৫১.৭%) জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি সেবায়ুক্ত ডাকঘর স্থাপন নারীদের জীবনমান উন্নয়নে ভূমিকা পালন করছে। অবশিষ্ট ৪৮.৩% জানিয়েছেন নতুন ডাকঘর তাদের জীবন মান উন্নয়নে কোন ভূমিকা পালন করছে না।

৫.১২ পল্লী ডাকঘরের আয় বৃদ্ধি সংক্রান্ত মতামত

